# ককলাম

## (A HAND BOOK OF SPOKEN KAKBARAK)

নরেন্দ্র চন্দ্র দেববর্মা

উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র
ত্রিপুরা সরকার

# ককলাম

## ( A HAND BOOK OF SPOKEN KAKBARAK )

নরেন্দ্র চন্দ্র দেববর্মা

উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র
ত্রিপুরা সরকার

পুইলা অংখরমা আগস্ট, ১৯৮৫

**দ্বিতীয় মুদ্রণ ঃ** মার্চ, ১৯৯৬

**তৃতীয় মুদ্রণ ঃ** জানুয়ারি, ২০০১

**চতুর্থ মুদ্রণ ঃ** নভেম্বর, ২০১৩

**প্রকাশনায় ঃ** উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র
ত্রিপুরা সরকার, আগরতলা, ত্রিপুরা।

**মুদ্রণে ঃ** নিউ ক্যুইক প্রিন্ট
১১, জে.বি. রোড, আগরতলা।

**মূল্য ঃ সাতষট্টি টাকা মাত্র**

**উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র**
ত্রিপুরা সরকার কর্তৃক গ্রন্থস্বত্ব সংরক্ষিত

## চতুর্থ মুদ্রণের

# ভূমিকা

কক্‌লাম বইটি ভাষা শিক্ষার্থী, অনুরাগীদের মধ্যে বিশেষ সমাদর লাভ করায় বইটির তৃতীয় মুদ্রণও ইতিমধ্যে শেষ হয়ে গেছে। পাঠক, শিক্ষার্থী ও গবেষণাকারীদের প্রয়োজনের কথা চিন্তা করেই চতুর্থ বারের মতো বইটি ছাপানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

২৫শে নভেম্বর, ২০১৩ইং

সাইলোহ্লুনা
অধিকর্তা
উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র
ত্রিপুরা সরকার

# ভূমিকা

ত্রিপুরী বা ককবরক ত্রিপুরার দ্বিতীয় বৃহত্তম জনগোষ্ঠীর মাতৃভাষা। সম্প্রতি কক্‌বরক, ত্রিপুরার দ্বিতীয় সরকারী ভাষা হিসেবে স্বীকৃতি লাভ করেছে। ত্রিপুরী, রিয়াং, জমাতিয়া, নোয়াতিয়া, উচই, কলই, রূপিনী উপজাতি সম্প্রদায়সমূহ এই ভাষাভাষী। এছাড়াও রাজ্যের অন্যান্য উপজাতি সম্প্রদায়ের অধিকাংশ প্রয়োজনে ককবরক ভাষা ব্যবহার করেন। রাজন্য-শাসিত ত্রিপুরায় এক সময়ে ককবরকই ছিল রাজভাষা।

কিন্তু তিব্বত বর্মী ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত ত্রিপুরী বা ককবরক ভাষার লিখিত সাহিত্য সম্পদ এখন অত্যন্ত সীমিত । প্রকৃতপক্ষে এই শতাব্দীর পঞ্চ দশকের আগে এই ভাষায় লিখিত সাহিত্য চর্চা প্রায় ছিল না বললেও অত্যুক্তি হবে না। গত তিন দশকে ককবরকে লিখিত সাহিত্য ধীরে ধীরে সৃষ্টি হচ্ছে ঠিকই কিন্তু এখনো প্রাথমিক স্তর অতিক্রম করতে পারেনি।

অপরপক্ষে দেশ বিভাগের ফলশ্রুতিতে ঐতিহাসিক কারণে বহিরাগতদের আগমন হেতু ত্রিপুরার সর্বত্র মিশ্র জনবসতি গড়ে উঠেছে। আদিবাসী পাহাড়ী ও বাংলা ভাষাভাষী জনগোষ্ঠীর পরস্পরের সহাবস্থানের ফলশ্রুতিতে গড়ে উঠেছে মিশ্র সংস্কৃতি। স্বাভাবিক কারণেই একে অপরের কাছে মনের ভাব প্রকাশের মাধ্যম হিসাবে পরস্পরের ভাষা শিক্ষার আগ্রহ ক্রমশ বাড়ছে। সেই কারণে ককবরক ভাষা শিক্ষার উপযুক্ত ও যথাযথ পুস্তক প্রণয়ন ও প্রকাশনা আবশ্যক। 'ককলাম' A Hand Book of Spoken KoK Borok এই উদ্দেশ্যেই প্রণীত হয়েছে।

ত্রিপুরার পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষাপটে দৈনন্দিন জনজীবনের প্রয়োজনে ব্যবহার্য মোট ৮১টি বিষয়কে কেন্দ্র করে কথোপকথনের আকারে বাংলা ও ককবরকে সহজ ও সরল বাক্য গঠনের মাধ্যমে নতুন শিক্ষার্থীর প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে এই পুস্তকখানা প্রণীত হয়েছে।

এই পুস্তক পাঠের মাধ্যমে ককবরক শেখা ও কথা বলা সহজ হবে বলে আশা করা যায়।

নরেন্দ্র চন্দ্র দেববর্মা

# প্রাক-কথন

ককবরক ত্রিপুরার উপজাতি জনগোষ্ঠীর বৃহত্তম অংশের মাতৃভাষা এবং ত্রিপুরার দ্বিতীয় সরকারী ভাষা। সরকারী কাজকর্মের প্রয়োজনে এবং সাংস্কৃতিক বিনিময়ের স্বার্থে বহু অককবরকভাষীই সাম্প্রতিক কালে ককবরক ভাষা শিখতে আগ্রহী। কিন্তু তাদের হাতের কাছে ককবরক শেখার জন্য বইপত্র খুব একটা সুলভ নয়। এই অসুবিধা দূর করার উদ্দেশ্যে ত্রিপুরা সরকারের উপজাতি গবেষণা অধিকার ইতিমধ্যে, 'ককথুম' এবং 'ককবরক সীরীঙমা' নামে দুটি বই প্রকাশ করেছে। একই উদ্দেশ্যে বর্তমান বইটি অর্থাৎ 'ককলাম' প্রকাশ করা হচ্ছে।

'ককলাম' এ আমাদের দৈনন্দিন জীবনের একাশিটি পরিস্থিতিতে দুজন লোকের মধ্যে যেসব আলোচনা হতে পারে তার উপর ভিত্তি করে একাশিটি সংলাপ চিত্র তুলে ধরা হয়েছে। ককবরক শিখতে আগ্রহী লোকেদের অধিকাংশেরই মাতৃভাষা বাংলা। বর্তমান বইটি তাদের প্রয়োজনের কথা মনে রেখে রচিত।

'ককলাম' এর লেখক শ্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা অধুনা ককবরক ভাষা ও সাহিত্য বিকাশে একজন উল্লেখযোগ্য ব্যক্তি। আমাদের অনুরোধে এই বই রচনার দায়িত্ব গ্রহণ করার জন্য তিনি আমাদের ধন্যবাদের পাত্র। এই পুস্তক নতুন ককবরক শিক্ষার্থীদের আকাঙ্ক্ষা পূরণ করতে পারলেই আমাদের প্রচেষ্টা সার্থক হবে।

আগরতলা
১৯৮৩ইং

শৈলেশ রঞ্জন নন্দী
অধিকর্তা
গবেষণা অধিকার

# সূচীপত্র


১। অভ্যর্থনা ১
২। দুই অপরিচিত সহযাত্রীর কথোপকথন ৩
৩। হাটে বাজারে কথোপকথন ৬
৪। বাজারে যাওয়ার পথে দুই বন্ধুর কথোপকথন ৭
৫। দুই গৃহিনীর কথোপকথন ৮
৬। সহপাঠী দুইজন শিক্ষার্থীর কথোপকথন ৯
৭। কোন এক অপরিচিত গ্রামে বাইরের লোকের উপস্থিতি ও কথোপকথন ১১
৮। সরকারী অফিসের কর্মচারী ও একজন সাধারণ মানুষের মধ্যে কথোপকথন ১৩
৯। সিনেমাহলে দুইজন অপরিচিত দর্শকের কথোপকথন ১৫
১০। হাসপাতালে রোগীর চিকিৎসার ব্যাপারে কথোপকথন ১৬
১১। ডাক্তারের চেম্বারে কথোপকথন ১৭
১২। খারচি পূজা প্রাঙ্গণে দুই অপরিচিত ব্যক্তির কথোপকথন ১৮
১৩। কাপড়ের দোকানে দোকানী ও খদ্দের-এর কথোপকথন ১৯
১৪। ইন্টারভিউ বোর্ডে সদস্যদের সাথে প্রার্থীর কথোপকথন ২১
১৫। কলেজের কমনরুমে দুইজন ছাত্রের মধ্যে কথোপকথন ২৪
১৬। পুলিশ থানাতে কথোপকথন ২৫
১৭। পোস্টঅফিসে কথোপকথন ২৬
১৮। কোর্ট কাছারিতে কথোপকথন ২৭
১৯। একটি দুর্ঘটনাকে কেন্দ্র করে কথোপকথন ২৯
২০। সাধারণ পাঠাগারে দুই বন্ধুর কথোপকথন ৩১
২১। রাজপথে মিছিল সম্বন্ধে দুই বন্ধুর কথোপকথন ৩২
২২। পূজোর চাঁদা সংগ্রহে কথোপকথন ৩৩
২৩। শহরাঞ্চলে সিটি বাসস্ট্যান্ডে কথোপকথন ৩৪
২৪। আবহাওয়া বিষয়ে কথোপকথন ৩৬
২৫। শীতকালীন আবহাওয়া নিয়ে কথোপকথন ৩৭
২৬। খেলার মাঠে দুই দর্শকের কথোপকথন ৩৯
২৭। অডিটোরিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানে কথোপকথন ৪১
২৮। বাড়ী ভাড়া দেওয়ার ব্যাপারে কথোপকথন ৪৩
২৯। স্কুলে ছাত্র ভর্তি সমস্যা নিয়ে দুই অভিভাবকের কথোপকথন ৪৫
৩০। মশার উপদ্রব বিষয়ে কথোপকথন ৪৬

৩১।  সরকারী ন্যায্য মূল্যের দোকানে কথোপকথন ৪৭
৩২।  হরতাল বিষয়ে কথোপকথন ৪৮
৩৩।  আগুন লাগা নিয়ে কথোপকথন ৪৯
৩৪।  মাছ বাজারে কথোপকথন ৫১
৩৫।  ত্রিপুরার বনজ সম্পদ বিষয়ে কথোপকথন ৫২
৩৬।  যানবাহন সমস্যা নিয়ে কথোপকথন ৫৩
৩৭।  মুদির দোকানে কথোপকথন ৫৪
৩৮।  দুইজন বিমান যাত্রীর কথোপকথন ৫৫
৩৯।  ব্যাঙ্কের সুযোগ সুবিধা বিষয়ে কথোপকথন ৫৭
৪০।  ঝড় বৃষ্টি বিষয়ে কথোপকথন ৫৮
৪১।  সীমান্তে গরু চোরের উপদ্রব বিষয়ে কথোপকথন ৫৯
৪২।  নদীতে বন্যা বিষয়ে কথোপকথন ৬১
৪৩।  রক্তদান বিষয়ে কথোপকথন ৬৩
৪৪।  নতুন ঝি নিযুক্তি বিষয়ে কথোপকথন ৬৪
৪৫।  অফিসে দুই সহকর্মীর কথোপকথন ৬৬
৪৬।  পাড়ার চা দোকানে কথোপকথন ৬৭
৪৭।  বাস্তু ভূমি ক্রয় বিষয়ে কথোপকথন ৬৮
৪৮।  গৃহ শিক্ষক সমস্যা নিয়ে কথোপকথন ৭০
৪৯।  পরিচ্ছন্নতা বিষয়ে শিক্ষক ও ছাত্রের কথোপকথন ৭২
৫০।  আসন্ন নির্বাচন বিষয়ে দুই ব্যক্তির কথোপকথন ৭৩
৫১।  জনসংখ্যা সমস্যা নিয়ে কথোপকথন ৭৪
৫২।  দৈনিক দিন মজুর নিযুক্তির বিষয়ে কথোপকথন ৭৫
৫৩।  ত্রিপুরার হস্তশিল্প বিষয়ে কথোপকথন ৭৬
৫৪।  বাসে আসন নিয়ে দুই যাত্রীর বচসা ৭৭
৫৫।  খুচরো পয়সার অভাব নিয়ে কথোপকথন ৭৮
৫৬।  কোন বিশিষ্ট ব্যক্তির মৃত্যু সম্পর্কে কথোপকথন ৭৯
৫৭।  আইন শৃঙ্খলার অবনতি বিষয়ে কথোপকথন ৮০
৫৮।  বিয়ে বাড়ীতে পংক্তি ভোজনে কথোপকথন ৮১
৫৯।  গানবাজনা বিষয়ে কথোপকথন ৮২
৬০।  খাদ্যদ্রব্যের ভেজাল বিষয়ে কথোপকথন ৮৩
৬১।  সমাজজীবনে সংবাদপত্রের ভূমিকা বিষয়ে কথোপকথন ৮৪

৬২। নিয়মানুবর্তিতা বিষয়ে কথোপকথন ৮৫
৬৩। অসুখ বিসুখ নিয়ে কথোপকথন ৮৬
৬৪। ইঁদুরের উপদ্রব নিয়ে কথোপকথন ৮৭
৬৫। নাগরিক চেতনা বিষয়ে কথোপকথন ৮৮
৬৬। পশুপাখীর প্রতি নিষ্ঠুরতা বিষয়ে কথোপকথন ৮৯
৬৭। খাদ্যাভ্যাস বিষয়ে কথোপকথন ৯১
৬৮। রিক্সাচালক ও যাত্রীর মধ্যে কথোপকথন ৯২
৬৯। যন্ত্রসঙ্গীত বিষয়ে কথোপকথন ৯৪
৭০। রুচিবোধ নিয়ে কথোপকথন ৯৫
৭১। তীর্থযাত্রা বিষয়ে কথোপকথন ৯৬
৭২। পানীয় জল সরবরাহ বিষয়ে কথোপকথন ৯৭
৭৩। ডাকের চিঠি বিলি সম্পর্কিত কথোপকথন ৯৮
৭৪। সঞ্চয় বিষয়ে কথোপকথন ৯৯
৭৫। ক্যারেকটার সার্টিফিকেট দেবার বিষয়ে কথোপকথন ১০০
৭৬। রেল গাড়ীতে ভ্রমণ বিষয়ে কথোপকথন ১০১
৭৭। বাড়ীর সীমানা নিয়ে বচসা ১০২
৭৮। চুরির ঘটনা বিষয়ে কথোপকথন ১০৩
৭৯। ভি আই পি কে অভ্যর্থনা বিষয়ে কথোপকথন ১০৪
৮০। মদ্যপানের কুফল বিষয়ে কথোপকথন ১০৫
৮১। বেকার সমস্যা বিষয়ে কথোপকথন ১০৬

# অভ্যর্থনা

ক - নমস্কার
খুলুম কা।

খ - নমস্কার
খুলুম কা।

ক - কেমন, ভাল আছেন তো ?
বাহাই, কাহাম কৗরীং দে ?

খ - হ্যাঁ, ভালোই আছি
আও, কাহাম কৗরীংন

ক - আসুন - ভেতরে বসুন।
ফাইদি, নকসিং গ' আচুকদি।

খ - চলুন।
হিমদি।

ক - এই চেয়ারে বসুন ।
ই মাচিয়াল' আচুকদি।

খ - আচ্ছা, বসছি ।
আও, আচুগানু।

ক - কি খাবেন বলুন ?
তাম' চানাই সাদি।

খ - না কিছু খাব না।
ইহি-কোন্তাম চায়া।

ক - তা কি হয় একটা কিছু খান।
আব' দে কক, যে সা বা মুংছা চাদি।
চা খাবেন না সরবৎ ?
চা দে নৗংনাই না সরবৎ নৗংনাই ?

খ - চা-ই খাওয়া যাক।
চা-ন নৗংগানু ।

ক - নিন-কিছু সন্দেশ খান।
হিনদি সন্দেশ কিসা চা দি।

খ - সামান্য কিছু দিন।

কিসিসান' রৗদি।

ক- এ কি, আপনার চা জুড়িয়ে যাচ্ছে খেয়ে নিন।

তাম, নিনি চা-বা কৗচাং সে থাংকৗনা-নৗং দি।

খ- আচ্ছা-খাচ্ছি।

আও নৗংগানু ।

ক - কি কোন কাজে এসেছেন কি ?

তাম-সামুংদে নাং ?

খ - না, বিশেষ কোন কাজ নেই।

ইহি কোনো দর' সামুং কৗরৗই ।

ক - ওহো, আপনি কি সিগারেট খান ?

ও, নৗং সিগারেট দা নৗং ?

খ - আজ্ঞে, সিগারেট আমি খাই না।

ইহি, আং সিগারেট নৗংয়া।

ক - পান খান নিশ্চয়ই ?

কুওয়াই লে চাদে চা ?

খ - তা এক আধটা খাই ।

আও কুওয়াই কিসা মিসা চাঅ।

ক - নিন-পান খান।

হিনদি, কুওয়াই চাদি।

খ - আচ্ছা ধন্যবাদ ।

আও ধন্যবাদ।

- আচ্ছা, তাহলে উঠি ।

হিনকাই আং বাচাছিনো।

ক - সেকি আর একটু বসুন।

তাম' হিমানি কক, তাই কিসা আচুকদি।

খ -না আর বসছিনা। দেরী হয়ে যাচ্ছে।

ইঁ হি, আচুগলিয়া - লেরখা ।

ক - আচ্ছা, নমস্কার পরে দেখা হবে।

আও খুলুমকা - ওল' মালাইয়ানু।

খ -নমস্কার।

খুলমকা ।

# দুই অপরিচিত সহযাত্রীর কথোপকথন

ক - আপনি কোথায় যাচ্ছেন ?
নীং বর থাংনাই ?

খ - আমি ধর্মনগরে যাচ্ছি।
আং ধর্মনগর' থাংনাই।

ক - আপনি কি কৈলাশহরে যাবেন ?
নীংলে কৈলাশহর' দে থাংনাই ?

খ - না, আমি কুমারঘাট পর্যন্ত যাব।
ইঁহি, আং কুমারঘাট জরাসে থাংনাই।

ক - আপনি কি কাজ করেন ?
নীং তাম খীলাই ?

খ - আজ্ঞে, আমি সরকারি স্কুলের শিক্ষক ।
আং সরকারী স্কুলনি মাষ্টার।

ক - আপনি কি করেন ?
নীং তাম সামুং তাং ?

খ - আমি ছোটখাট ঠিকেদারি করি ।
আং চিকনমিকন কন্ট্রাকটারি সামুং তাংগ।

ক - আপনার নাম জানতে পারি?
নিনি বুমুং তাম ?

খ - আমার নাম শ্রী অমল চক্রবর্তী।
আনি মুং শ্রী অমল চক্রবর্তী।

ক - আপনার নাম কি ?
নিনি বীমুং তাম ?

খ - আমার নাম শ্রী সুকুমার দেববর্মা ।
আনি মুঙ শ্রীসুকুমার দেববর্মা।

ক - এরপর বাসটি কোথায় থামবে বলতে পারেন ?
ইমনি উল' বাস বর' বাথাগ ন' ?

খ - তেলিয়ামুড়ায় থামবে।
তেলিয়ামুড়াঅ বাথাগানু ।

ক - তেলিয়ামুড়া আর কত দূর হবে ?
তেলিয়ামুড়া তাই বাঁসীক চাল ?

খ - না, আর বেশী দূর নয়।
ইঁ হি, তাই বিশি চাল-লিয়া।

ক - বাস থেমেছে। এটাই কি তেলিয়ামুড়া ?
বাস বাথাগকা। ইম'দে তেলিয়ামুড়া ?

খ - হ্যাঁ, এটাই তেলিয়ামুড়া।
আও, ইম'ন তেলিয়ামুড়া।

ক - চলুন, কিছুক্ষণ নামা যাক।
হিমদি, কিচা নংখরানু।

খ - চলুন।
হিমদি।

ক - আসুন, এই দোকানে বসি।
হিমদি, ও দোকানো আচুগানু।

খ - না, আর বসছিনা। বাস এখনই ছেড়ে দেবে।
ইঁহি তাই আচুকলিয়া, বাস তাবুকনো ছাড়গানু।

ক - আসুন, বাসে উঠে পড়ুন।
ফাইদি, বাস' কাসাদি।

খ - হ্যাঁ, উঠছি।
আও, কাসাওয়ানু।

ক - কুমারঘাট থেকে কৈলাশহর কতদূর ?
কুমারঘাটনি সিমি কৈলাশহর বাঁসীক চাল ?

খ - পঁচিশ কিলোমিটার দূরে।
পচিশ কিলোমিটার হাকচাল'।

ক - বেশ গরম পড়েছে তাই না ?
জব্বই সাতুং তুংখা না ?

খ - হ্যাঁ, এই তো গরমের শুরু।
আও, সাতুং তুংমানি চেংসাখা।

ক - (বাসের) জানালা খুলে দিন।
(বাসনি) জানালা ফিয়কদি।

খ - হ্যাঁ, খুলে দিচ্ছি।

আও, ফিয়গানু।

ক - রাস্তা বড়ই আঁকাবাকা।
লামা জব্বই ককই মকই।

খ - আমার জলতেষ্টা পেয়েছে।
আং তৌই কাংখা।

ক - আমার বোতলে খাবার জল আছে, দেবো ?
আনি বোতল' নৌংজাকনাই তৌই কাহাম তংগ রৌনাইদে ?

খ - হ্যাঁ দিন।
আও রৌজাদি।

ক - নিন সিগারেট খান।
হিনদি, সিগারেট নৌংদি।

খ - ধন্যবাদ। আমার অন্য ব্র্যান্ড। আপনি খান।
ধন্যবাদ। আং কুবুনি নৌংগ'। নৌং নৌংদি।

ক - এইটি কি পাহাড় ?
ইম' বৌ হাপুং ?

খ - এইটি লংতরাই পাহাড়।
ইঁ হাপুংনি বুমুং লংতরাই।

ক - এই পাহাড়ে কি বুনো হাতি আছে ?
ই হাপুংগ মায়ুং কৌথৌং তদে তং ?

খ - হ্যাঁ, আছে। তবে খুব বেশী আর নেই।
আও তংগ। ফিয়াবা জব্বই কৌরৌইখা।

ক - এইটি কি মন্দির ?
ইম' তাম' মৌতাই নগ?

খ - এইটি লংতরাই দেবের মন্দির।
ইম' লংতরাই মৌতাই নগ।

ক - মন্দিরটি বেশ সুন্দর।
অ মৌতাই নগ নাইথক।

খ - কুমারঘাটে এসে পৌঁছেছি।
কুমারঘাট সকপাইখা।

ক - আমি নামছি।
আং নংখরকা।

খ - নমস্কার।
খুলুমকা।

# হাটে বাজারে কথোপকথন

ক - ডিম কত করে ভাই ?
তকতৗই বৗসৗক খাই ফাল ?
খ - হালি আড়াই টাকা বাবু।
হালিঅ খকনৗই মাছা বাবু।
ক - এটা হাঁসের ডিম না মুরগীর ?
ইম তাখুম বৗতৗই দে, না তকবৗতৗই ?
খ - বাবু এটি হাঁসের ডিম।
বাবু ইম তাখুম বৗতৗই।
ক - দাম কি কিছু কমাবে না ?
দাম কিসা খাই-য়া দে ?
খ - না বাবু, পারব না। পোষাবে না।
ইঁহি বাবু মানজাগ্লাক। পোছকগ্লাক।
ক - তাহলে আমায় এক হালি দাও।
হিনকাই, আন' আলিছা রৗদি।
খ - নিন-বাবু-একহালি বেছে দিলাম।
হিনদি-বাবু-আলিছা সাইঅই রিখা।
ক - নাও দামটা নাও।
হিনদি দাম না-দি।
খ - দিন-বাবু
রৗজাদি বাবু !
ক - আমাকে এক কিলো পেঁপে দাও।
আন' কেজি সা কোয়াইফল রিদি।
এক কেজির দাম কত ?
কেজি সা-নি দাম বৗসৗক ?
খ - কেজি এক টাকা মাত্র।
কেজি খকচা সে বাবু।
- তাহলে দুকেজি মাপব ?
হিনকাই, কেজি নৗই সুদি ?
ক - নাও, দুকেজির দাম দু টাকা।
হিনদি কেজি নৗই নি দাম খকনৗই।

# বাজারে যাওয়ার পথে দুই বন্ধুর কথোপকথন

কমল - রমেশ কি বাজারে যাচ্ছ ?
রমেশ বাজার' থাংনাই দে ?

রমেশ - হ্যাঁ বাজারে যাচ্ছি।
আও, বাজারন' থানানি।

কমল - তাহলে চলো একসাথেই যাই।
হিনকাই হিমদি বাকসানো থাংগানু।

রমেশ - জিনিষ পত্রের যা দাম, বাজারে যেতে ইচ্ছে হয়না।
মানীয় খীনীয় নি দাম মরক বাজার থানানি মুচুংয়া।

কমল - আর বলো না। জীবনটা বেরিয়ে যাচ্ছে ।
তা সাচিদি, লাংমা সে থাকনানি নাইঅ।

রমেশ - শাকসব্জীর যেমন দাম - মাছ তো নাগালের বাইরে।
মুই কীথীং বো দাম মরক, আ-হিনকাইতো পাইনানি সে হাময়া।

কমল - শাকসব্জীর সাথে সাথে বাজেমালের দামও বেড়েছে।
মুই কীথীংনো বাতাঅই সীতীই সম মসনি দাম মরগ খা।

রমেশ - হ্যাঁ - টাকার দাম ভীষণ কমে গেছে।
আও রাংনি মুইল জব্বই কমি খা।

কমল - আগের দশ টাকা এখনকার ১০০ টাকার মতো।
আগিনি রাং চিছা তাবুকনি রাং রা-ছা।

রমেশ - চালের দরও বাড়তির দিকে।
মাইরুংনি দরব' কাসা রীরীক।

কমল - সেই জন্যেই আমি গত মাসে একটু বেশী কিনে রেখেছি।
আবনি বাগীই ন' আং থানাই তাল' কিচা বিশি পাই নারীকখা।

রমেশ - রেশনের চালও সবসময় ভালো পাওয়া যায় না।
রেশননি মাইরুং বো সমানই কাহাম মানথকয়া।

কমল - চিনি কেরোসিন ইত্যাদিও মাঝে মাঝে উধাও হচ্ছে।
চিনি কেরোসিন রগ ব' ওরাম ওরাম মাসে মানথকয়া।

রমেশ - বেলা হয়েছে - পা চালিয়ে যাও।
সাল চুগখা - য়্যাপ্রি দঅই হিমদি।

# দুই গৃহিনীর কথোপকথন

রমলা - এই যে বৌদি কি করছেন ?
অ-বাচাই তাম খীলাইতং ?

চিকনতি - কে রমলা নাকি ? এসো বসো।
সা-ব রমলা দে ? ফাইদি, আচুক ফাইদি।
কিচ্ছু করছি না - এই একটা সেলাই নিয়ে বসেছি।
কোস্তাম খীলাইয়া-আহাইন'রি সুবনানি নাইতৗরীংতা।

রমলা - আপনি সেলাই জানেন। কাপড় বুনতে পারেন কি ?
নীং রি সুবনানি কৗরীং। রি তাগনানি বিদা রীং ?

চিকনতি - কিছু জানি বৈকি ।
কিচা মিচা রীংগ।

রমলা - এই যে আলনাটায় পাছড়া দেখছি এতো খুব সুন্দর।
আলনানি রিগনাই জব্বই নাইথক।

চিকনতি - সেটা আমার বোনা। নক্সাও আমার।
আব'আং তাগমানি। বৗথাইব' আংন সায়ু।

রমলা - বৌদি আমাকে তাঁত বোনা শিখাবেন ?
বাচাই নীং আন' রিতাগনানি ফৗরীং নাইদে ?

চিকনতি - পাগলী তুমি কখন শিখবে ? সারাদিন অফিসে, তারপর রাতে আবার এম. এ পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছ।
নীং বৗফরু সৗরীংনায় ? সাল সাপুং অফিস, তাই হর খাইবো এম. এ পরীক্ষা রীনানি পড়িঅ।

রমলা - ঠিকই বলেছেন বৌদি। আমার সময় নেই।
বাচাই নীং ঠিক ন' সাকা। আনি সময় কৗরীই।

চিকনতি - বসো, তোমার জন্যে চা আনছি।
আচুকদি নিনি বাগীই চা তুবুগীনা ।

রমলা - না না এখন চা খাবো না।
ইঁহি ইঁহি তাবুক চা নীংগীলাক।

চিকনতি - একটু খাবে। আমিও খাব।
কিসিকা নীংদি। আংব নীংগানু।

# সহপাঠি দুইজন শিক্ষার্থীর কথোপকথন

বিষ্ণু - তোমার নাম কি ভাই ?

তাখুক, নিনি বুমুং তাম ?

সরলপদ - আমার নাম সরলপদ দেববর্মা।

আনি মুং সরলপদ দেববর্মা।

বিষ্ণু - তুমি কি এবারে নূতন ভর্তি হয়েছ ?

নীং তাকীলাই দে কীতাল ভর্তি ঔঁঙ ?

সরলপদ - হ্যাঁ, এবারই ভর্তি হলাম।

আও তাকীলাইন ঔঁঙগ।

বিষ্ণু - এর আগে কোন স্কুলে পড়তে ?

আমনি সীকাং ব-স্কুল' পড়িখা?

সরলপদ - আমি আগরতলা ২নং বুনিয়াদি বিদ্যালয়ে পড়তাম।

আং আগরতলা ২নং বুনিয়াদি স্কুল' পড়িমানি।

বিষ্ণু - তোমার বাড়ী কোথায় ?

নিনি নগ বর' ?

সরলপদ - আমার বাড়ী বনমালীপুর।

আনি নগ বনমালীপুর।

বিষ্ণু - তোমার বাড়ীতে কে কে আছেন ?

নিনি নগ' সাব' সাব' তং ?

সরলপদ - আমার বাবা, মা এবং একটি ছোট বোন ও ভাই।

আনি আমা, বাবু, তীই কীকীই চিকন খরগনীই।

বিষ্ণু - তোমার বাবা কি করেন ?

নিনি বাবু তীমা সামুং তাং ?

সরলপদ - আমার বাবা ডি , এম, অফিসে কাজ করেন।

আনি বাবু ডি, এম, অফিস' সামুং তাংগ।

বিষ্ণু - তোমার কাছে কলম আছে কি ?

নিনি থানি কলমদা তং ?

সরলপদ - হ্যাঁ, একটি কলম আছে।
আও, কলম কংছা তংগ।

বিষ্ণু - তুমি কি সব বই কিনেছ ?
নীং জত্ত বই দা পাই বাই খা ?

সরলপদ - না, আর দুখানা কেনা হয়নি। লাইব্রেরীগুলিতে পাওয়া যাচ্ছে না। ইঁহি - তাই কাংনীই পাইজাকয়্যাখ। লাইব্রেরীরগ' মানথকয়া।

বিষ্ণু - তুমি কি টিফিন খেয়েছ ?
নীং টিফিন দে চা খা ?

সরলপদ - হ্যাঁ, আমি খেয়েছি ।
আও, আং চাখা।

বিষ্ণু - এখন কি ভূগোলের ক্লাশ ?
তাবুক ভূগোল নি ক্লাশ দে ?

সরলপদ - না, এখন ইতিহাসের পিরিয়ড।
ইঁহি -তাবুক ইতিহাসনি পিরিয়ড সে।

বিষ্ণু - ঐ মাস্টার মশাই ক্লাশে আসছেন। চলো জায়গায় বসি।
ই-ক' মাস্টার ক্লাশ' ফাইতংগ। হিমদি জাগাঅ' আচুগানু।

সরলপদ - তোমার একখানা খাতা পড়ে গেছে, তুলে নাও।
নিনি খাতা কাংছা কৗলাইখা তিছাদি।

বিষ্ণু - আর একটু সরে বসো।
কিচা কনরই আচুকদি।

সরলপদ - তোমার বইখাতাগুলো সরিয়ে নাও।
নিনি বইখাতারগ ছড়গ তৗলাংদি ।

বিষ্ণু - গোলমাল করো না।
তা-কুতুক দি।

সরলপদ - চুপচাপ বসে থাকো। নয়ত মাস্টার মশাই বকবেন।
সিরিং সিরিং আচুক তংদি। ইঁয়াখাই মাস্টারমশাই বাই হিনজাগানু।

বিষ্ণু - ইতিহাসের স্যার বড্ড রাগী।
ইতিহাসনি স্যার বেলাই থামচি কুতুং।

# কোন এক অপরিচিত গ্রামে বাইরের লোকের উপস্থিতি ও কথোপকথন

| | |
|---|---|
| পথিক - | এই যে, ভাই শুনছেন? |
| | অ-তাখুক খীনাগ্রাদি ? |
| গ্রামবাসি - | কি, আমাকে বলছেন ? |
| | তাম' আন দে হিন ? |
| পথিক - | হ্যাঁ আপনাকে বলছি । |
| | আও নন-ন'নীংগ'। |
| গ্রামবাসি - | কি-কি ব্যাপার বলুন। |
| | তাম'-তাম' সামুং সাদি। |
| পথিক - | আমি এদিকে নতুন আসছি। পথ হারিয়ে ফেলেছি। |
| | আং ইয়্যাংগ কীতাল সকপাইখা। লামা সে করই তংখা। |
| গ্রামবাসি - | আপনি কোথায় যাবেন ? |
| | নীং বর' থাংনাই ? |
| পথিক - | আমি আগরতলা থেকে এসেছি। যন্ত্রণাপাড়ায় যাব। |
| | আং আগরতলানি ফাইমানি। যন্ত্রণাপাড়াঅ থাংনাই। |
| গ্রামবাসি - | ও বুঝেছি। কিন্তু আপনি পথ ভুল করে অন্য পথে এসেছেন। |
| | অ বুজিখা। ফিয়াবা নীংত' লামা করই কুবুনি লামাসে ফাইছিঅ। |
| পথিক - | ভাই আমাকে কি ঠিক পথ দেখিয়ে দেবেন ? |
| | তাখুক-নীং আন আসল লামা ফুনুকদে রিই মান-ন ? |
| গ্রামবাসি - | কেন পারব না ? আপনি ব্যস্ত হবেন না। আমি ঠিক পথ আপনাকে দেখিয়ে দেবো। |
| | তামুংমাঁনয়া তংনাই ? আং নন' ঠিক লামা ফুনুগ রিহরানু। |
| পথিক - | আমার বড্ড জল তেষ্টা পেয়েছে। কোথায় খাওয়ার জল পাওয়া যাবে ? |
| | আং বেলাই তীই কাংখা। বর' নীংজাকনাই তীই কাহাম মান নাই ? |

গ্রামবাসি - চলুন আমার ঘরে বসবেন। একটু বিশ্রাম করে জলটল খেয়ে যাবেন।

হিমদি, আনি নগ' আচুকদি। সৗরাপছা লেলাই তৗইহর নৗংগৗই থাংদি।

পথিক - আজ্ঞে, চলুন।

আও , হিমদি।

গ্রামবাসি - আপনি তামাক খান তো ?

নৗং দুমা দে নৗং ?

পথিক - না ভাই, আমি তামাক খাই না।

ইঁহি তাখুক, আং দুমা নৗংয়া।

গ্রামবাসি - তাহলে পান খান।

হিনকাই কোয়াই চা-গি।

পথিক - পান, তা একটু খেতে পারি।

কোয়াই হিনকাইনো কিচা চাওয়ানু।

গ্রামবাসি - চলুন - আপনাকে পথ দেখিয়ে দিচ্ছি।

হিমদি, নন' লামা ফুনুগ রিহরানু।

পথিক - যন্ত্রণাপাড়া এখান থেকে কতদূর হবে ?

যন্ত্রণাপাড়া অরনি সিমি বৗসৗক হাচাল-ন' ?

গ্রামবাসি - না আর বেশী দূর হবে না। এই মাইল তিনেক হবে।

ইঁহি-তাই বিশি চাললিয়া। তাই মাইল কৗথাম সৗক আঁংগানু।

পথিক - তাহলে সূর্যাস্তের আগেই পৌঁছে যাব বোধহয়।

হিনকাই সাল হাবমানি সৗকাংন সগুইয়ানু।

গ্রামবাসি - হ্যাঁ, অবশ্যই। নিশ্চিন্তে পৌঁছে যাবেন। চিন্তার কোন কারণ নেই।

আও। কবইন' কৗচাং কৗচাং ন' সগুইয়ানু। ওয়ানানানি কোন্তাং কৗরৗই।

পথিক - অনেক ধন্যবাদ, ভাই চলি।

নন-হামবাই তাগুক-হিমকা ।

# সরকারী অফিসের কর্মচারী ও একজন সাধারণ মানুষের মধ্যে কথোপকথন

| | |
|---|---|
| রামচরণ - | স্যার, আমি কি ভেতরে আসতে পারি ? |
| | স্যার, আং নকসিং ফাইদে মান-ন ? |
| পরিতোষ - | হ্যাঁ, নিশ্চয়ই, আসুন। |
| | মান-ন'। ফাইদি, বিসিং ফাইদি। |
| রামচরণ - | আমি একটা কাজে এসেছিলাম। |
| | আং সামুং মুংসানি বাগৗই ফাইমানী। |
| পরিতোষ - | কি কাজ বলুন। আমি কিভাবে আপনাকে সাহায্য করতে পারি। দাঁড়িয়ে কেন - বসুন। |
| | তাম' সামুং সাদি। আং নন' বাহাইখাই চুবাচু রৗইমান। বাচাই তামনি ঃ আচুকদি। |
| রামচরণ - | ধন্যবাদ। বসছি। তাহলে কাজের কথা বলি। |
| | ধন্যবাদ। আচুগানু। হিনকাই তাম' সামুং সাচিনাই। |
| পরিতোষ - | হ্যাঁ, হ্যাঁ বলুন। |
| | ইঁ সাদি। তাম' সামুং। |
| রামচরণ - | আমি সিটিজেনশিপ সার্টিফিকেট করাতে চাই। |
| | আং সিটিজেনশিপ সার্টিফিকেট খাইরৗনানি নাইঅ। |
| পরিতোষ - | তারজন্য আপনাকে নির্দিষ্ট ফরমে দরখাস্ত করতে হবে। |
| | আবনি বাগৗই নৗং ফরম বাই দরখাস্ত মারৗনাই। |
| রামচরণ - | কোথায় ফরব পাব ? |
| | ফরম বর মাননাই ? |
| পরিতোষ - | কোর্ট মুহুরীদের কাছে নতুবা কমার্সিয়াল ইনস্টিটিউটগুলোতে পাবেন। |
| | কোর্ট বৗসৗকাংগ মোহুরীরগনি থানি মানানু। এবা খাইবা কর্মাসিয়াল ইনস্টিটিউটরগ ব' মানথগু। |
| রামচরণ - | ফরমের সংগে কি আর কিছু লাগবে ? |

ফরমনি লগি তাই কোন্তামদে নাং ?

পরিতোষ - হ্যাঁ লাগে বৈকি। পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ, গেজেটেড অফিসারের কাছ থেকে সার্টিফিকেট ইত্যাদি লাগবে।

নাংগ। পাসপোর্ট সাইজনি ফটো তাই গেজেটেড অফিসারনি সার্টিফিকেটরগ নাংগ।

রামচরণ - ফরম কোথায় জমা দিতে হবে ?

ফরম বর' জমা মা রিনাই ?

পরিতোষ - এই অফিসের সিটিজেনসিপ সেকসনে জমা দেবেন।

ই অফিসনি সিটিজেনসিপ সেকসন' জমা রিদি।

রামচরণ - আমার সার্টিফিকেট জরুরী প্রয়োজন।

আনি সার্টিফিকেট দর' সামুং তংগ।

পরিতোষ - তা যতটা সম্ভব তাড়াতাড়ি দেবার চেষ্টা করা যাবে।

দ'যেসৗক দাকতি মানসাক্ রীনানি চেষ্টা নাজাগানু।

রামচরণ - তাহলে উঠি স্যার।

হিনকাই, বাচাসিনাই স্যার।

পরিতোষ - হ্যাঁ আসুন। যদি কোন কাজ থাকে তবে যে কোন সময়ে আমার সাথে দেখা করতে পারেন।

আও, সামুং নাংখাই যে ফুরুফান' আংবাই মালাই ফাই মাননাই।

রামচরন - খুলুম কা ।

পরিতোষ - খুলুম কা।

# সিনেমাহলে দুইজন অপরিচিত দর্শকের কথোপকথন

ক - মাপ করবেন, আপনার সিট নম্বর কত ?

মাপ খাইজাদি, নিনি সিট নম্বর বাঁসাঁক ?

খ - আজ্ঞে আমার সিট নম্বর বি-১৭।

আ-আনি সিট নম্বর বি -১৭।

ক - তাহলে এই সিটটাই আমার। আমার নাম্বার বি-১৮।

হিনকাই - ইমন' আনি সিট। আনি সিট নম্বর বি -১৮।

খ - হ্যাঁ তাই, আপনি বসুন।

আও ঠিক-ন'। নীং আচুকদি।

ক - বই কি আরম্ভ হয়ে গেছে ?

বই আরম্ভ দে আঁংখা ?

খ - এই, এইমাত্র প্রথম দৃশ্য শুরু হল।

ইঁ। তাবুক-ন পুইলা সিন ফুনুকদ্রপ।

ক- তাহলে বেশী দেরী হয়নি।

হিনকাই, বিশি লেরয়াখো।

খ - না, মোটেই না।

ইঁহি, লেরয়াখো।

ক - ব্ল্যাকারদের জ্বালায় টিকিট পাওয়াই সমস্যা।

ব্ল্যাকাররগনি জ্বালাবাই টিকিট মাননানি সে তুগ'।

খ - আর বলবেন না। সিনেমা দেখা সেই জন্যেই কমিয়ে ফেলেছি।

তাই তা সাচিদি। আবনি বাগীইন আনি সিনেমা নাইমানি সেংখা।

ক - আমারও। নেহাৎ ভাল ছবি এলে পর দু'একটা দেখি।

আংব - আহাইন'। ছবি কাহাম ফাইফুরু ছিমি ওয়াইছা ওয়াইনুই নাইজাগু'।

খ - এই বইখানা এবার রাষ্ট্রপতির রৌপ্যপদক পেয়েছে।

ই ছবি তাকীলাই রাষ্ট্রপতিনি রীফাইপদক মানখা।

ক - ও, তাই নাকি ?

অ-আহাইদে ?

# হাসপাতালের রোগী চিকিৎসার ব্যাপারে কথোপকথন

ক - এই যে ভাই শুনছেন, আমি একজন ডাক্তারবাবুর সাথে দেখা করতে চাই।
অ তাখুক খৗনাগ্রাদি, আং ডাক্তার খরগসা বাই মালাইনানী নাইঅ।

খ - আজ্ঞে, কি ব্যাপারে কোন্ ডাক্তারের সাথে দেখা করবেন ?
আঃ তামনি বাগীই ব' ডাক্তার বাই মালাই নাই ?

ক - রোগী দেখাবার জন্যে। ডাক্তারবাবুকে তো চিনি না।
হাময়া (রোগী) ফুনুগনানি বাগীই। ডাক্তাববাবু নতো' সিনিয়া।

খ - কিসের রোগী ?
তাম' ববতীয় হাময়া ?

ক - চোখের রোগী। আমার বৃদ্ধা মার। উনার চোখে ছানি পড়েছে - ঠিক দেখতে পাচ্ছেন না।
মক্‌লনি বেমার। আনি আমা বৗবৗইচুকনি। বিনি মকল' ছানি কৗলাইখা-কিচা ফান'নুগজায়া।

খ - ও বুঝেছি। চোখের ডাক্তারকে দেখান।
ও সাইমানখা। মকলনি ডাক্তারন' ফুনুকদি।

ক - ডাক্তারবাবু কোথায় কোনদিকে বসেন ?
ডাক্তারবাবু বর' বিয়াং ফাইসিং আচুগ ?

খ - এখান থেকে সোজা পশ্চিমে চলে যান। গেটের কাছেই চেম্বার।
অরনি সিধা পশ্চিম গালা থানদি। গেটনি লগি ন' চেম্বার।

ক - আচ্ছা - তাহলে যাই।
আও, হিনকাই থাংগ্রানা।

খ - একি প্রথমে তো আপনাকে টিকিট কাটতে হবে।
ওংয়াখু'। পুইলা নৗং টিকিট সে মা-তান নাই।

ক - ও-তাই নাকি। তা কোথায় টিকিট কাটব ?
অ - আহাইদা বর' টিকিট তান নাই ?

# ডাক্তারের চেম্বারে কথোপকথন

ডাঃ- হ্যাঁ আমি রোগীকে দেখেছি। উনার চোখের অপারেশন লাগবে। চোখের ছানি অপারেশন করালেই উনি আবার দেখতে পাবেন।

আং রোগী ন'নাইখা। বিনি মকল অপারেশন মা খাইনাই। মকলনি ছানি অপারেশন খাইরিখাইন'ব' তাইওয়াইছা নুকফিরানু।

ক - ডাক্তার বাবু, তাহলে অপারেশনই করে দিন।

ডাক্তারবাবু হিনকাই অপারেশন ন' খীলাইরিদি।

ডাঃ - তাহলে রোগীকে হসপিটালের ইনডোর-এ ভর্তি হতে হবে।

হিনকাই রোগী ন' হাসপাতালনি ইনডোর' ভর্তি মা খীলাই নাই।

ক - আচ্ছা ডাক্তার বাবু। তাহলে মাকে ভর্তি করেই দেবো।

হিনকাই ডাক্তারবাবু। আমানো ভর্তি খাইন' রিনাই।

ডাঃ - ঠিক আছে। আজকে বুধবার আগামী সোমবারে নিয়ে আসবেন।

আও। তিনিতো বুধবার ফাইনাই সোমবার' তুবুই ফাইদি।

ক - আচ্ছা-ডাক্তার বাবু। নিয়ে আসব।

আও ডাক্তার বাবু তুবুওয়ানু।

নমস্কার, ডাক্তারবাবু।

খুলুম কা, ডাক্তার বাবু।

ডাঃ - নমস্কার।

খুলুম কা।

# খারচী পূজা প্রাঙ্গণে দুই অপরিচিত ব্যক্তির কথোপকথন

ক - ও, আজ বড্ড ভীড় হয়েছে। এই যে দাদা লাইনে দাঁড়ান।
ও, তিনি বেলাই বরক কাঁলাইখা। অ-দাদা-লাইন' বাচাদি।

খ - হ্যাঁ, তাই আজকে ছুটির দিনতো। তাই বেশী ভীড় হয়েছে। হ্যাঁ আপনার পেছনেই দাঁড়াচ্ছি।
আও। তিনি ছুটিনি সাল দীলা। আবনি বাগীইন' জব্বই কাঁলাইখা।

ক - আপনি কি একাই এসেছেন না সঙ্গে কেউ রয়েছে ?
নীং সাইচুংদে ফাই-না লগি বরকদে তং ?

খ - না একা নই। আমার স্ত্রী ও মেয়েও এসেছে।
হঁহি সাইচুংয়া। আনি হিক তাই মা-তিং ফাইকা।

ক - আপনি তো শুধু ভোগ দেবেন না বলিও দিচ্ছেন ?
নীং ভোগ সিমি দে বিনাই না বলি ব বিনাই ?

খ - আমার মানসি আছে। একটি বলিও দিচ্ছি।
আনি মানসি তংগ। পুন ব মাছা তান নাই।

ক - আপনি কি প্রতি বৎসরেই খারচী পূজোয় আসেন ?
নীং বিসি ব্রুম ব্রুম দে খারচী পূজাঅ ফাই ?

খ - প্রায় বৎসরেই আসি। কিন্তু গতবারে আসা হয়নি।
বিছিথীগীইন' ফাইজাগ। ফিয়া সেমা-নলে ফাই মানলিয়া।

ক - আমি তো-বাইরে থাকি - তাই এবারই প্রথম দর্শন করতে আসার সুযোগ হল।
আং তো ফাতারছে তংগ। আবনি বাগীইন তাকাঁলাই সে পুইলা মীতাই খুলুমনানি সুযোগ মানছিঅ।

খ - নিন-একটু এগিয়ে চলুন - লাইন পাতলা হচ্ছে।
হিমদি কিসা আগক হিমদি। লাইন সেংখা।

ক - হ্যাঁ-তাই তো। আসুন এগিয়ে আসুন।
ও কুবুইন। ফাইদি আগক ফাইদি।

# কাপড়ের দোকানে দোকানী ও খদ্দের এর কথোপকথন

| | |
|---|---|
| দোকানী - | এই যে দিদিরা আসুন-আসুন। |
| | অ-বাইসং ফাইবাইদি ফাইবাইদি-আচুক ফাইদি। |
| খদ্দের - | হ্যাঁ এখানেই দেখা যাক। |
| | আও, অবন' নাই গ্রানা। |
| দোকানী - | বলুন দিদি - কি দেব ? |
| | সাদি বাই, তাম' ফুনুক নাই ? |
| খদ্দের - | না, বেশী কিছু নিচ্ছি না। খান দুয়েক শাড়ী চাই। |
| | ইঁহি, বিশি কঁবাং পাইগ্নাক। রিগনাই শাড়ী কঁনঁই সঁাগ সে পাইজাগানু। |
| দোকানী - | আচ্ছা-আচ্ছা-দেখাচ্ছি-কি শাড়ী দেখাব? পিউর সিল্ক, প্রিন্ট আর — |
| | আও, ফুনুগানু। বঁবতঁই, রিগনাই শাড়ী ফুনুকনাই পিউর সিল্ক-প্রিন্ট তাই ? |
| খদ্দের - | পিউর সিল্ক দেখান। |
| | পিউর সিল্ক-ন'ফুনুকদি। |
| দোকানী - | এই যে দেখুন, যেটা-যে কোন কালার-সবই সুন্দর। |
| | হিনদি নাইদি। যে সা রংফানো যত্তনো কাহাম। |
| খদ্দের - | এই যে এই শাড়ীটার দাম কত ? |
| | ইক'-ই রিগনাই শাড়ীনি দাম বঁসঁক ? |
| দোকানী - | এইটা। তা দেখছি কত লেখা রয়েছে। |
| | ইম'দে। আও, নাইগ্রানা-বঁসঁক সঁইজাক তং। |
| খদ্দের - | ঐ যে, আর একখানা। এটাও মোটামুটি পছন্দ। |
| | ও তাইকাংসা - আবব'খা ফুরখা। |
| দোকানী - | নিন দিদি - এইখানার দাম ২১০ আর এইটি ২২৫ টাকা। |
| | তঁলাংদি বাই। ইমনি দাম রা-নঁই চি তাই ইমনি দাম হিনকাই-রানঁই খল-বাঁ। |

| | |
|---|---|
| খদ্দের - | দাম অনেক বেড়ে গেছে - মনে হচ্ছে। |
| | দাম মরক থাংকীনা দো। |
| দোকানী - | না দিদি - এটা একেবারে মিলের হোলসেল প্রাইস। |
| | ইঁহি-বাই-ই দাম মিলনি হোলসেল প্রাইস-ন। |
| খদ্দের - | কিছু কনসেসান করবেন। সব সময় নিচ্ছি তো ! |
| | কিসামিসা দাম খাইদি। হমানীই তীলাং তংবলা। |
| দোকানী- | হ্যাঁ হ্যাঁ আপনারা আমাদের বাঁধা খদ্দের। |
| | আও। নরক চিনি দোকান, হমানীই ন পাইঅ। |
| | আর কি দেবো বলুন - ব্লাউজ পিস দেবো ? |
| | তাই তাম' রিনাই ? ব্লাউজনি রি রীনাই দে ? |
| খদ্দের - | না-আর কিছু লাগবে না। |
| | ইঁহি তাই কোস্তাম নাংয়া। |
| দোকানী - | এই হরি -এই দু'খানা শাড়ী প্যাক করে দাও। |
| | অ-হরি — ই রিগনাই শাড়ী কাংনীই প্যাকখ্লাই রিদি। |
| | নিন দিদি ক্যাশ মেমো - মোট ৪৩৫ টাকা। তা আপনি ৪২৫ টাকাই দিন। |
| | হিনদি বাই, ক্যাশ মেমো। বেবাক দাম চিব্রুই খলচি বা কীলাইঅ-নীং চিব্রুই খলবা নো রিদি। |
| খদ্দের - | নিন টাকা। |
| | হিনদি রাং |
| দোকানী - | একটু চা খাবেন দিদি ? |
| | বাই, চা কিসা নীংনাইদে ? |
| খদ্দের - | না-না এখন থাক। দেরী হয়ে যাচ্ছে। |
| | ইঁহি-তং সিথুন । লের খা । |
| দোকানী - | নমস্কার দিদি। |
| | খুলুম কা বাই । |
| খদ্দের - | নমস্কার |
| | খুলুম কা। |

# ইন্টারভিউ বোর্ডে সদস্যদের সাথে প্রার্থীর কথোপকথন

প্রার্থী - স্যার, আমি কি ভেতরে আসব ?
স্যার আং বিশিং ফাইদে মানন' ?

চেয়ারম্যান - হ্যাঁ, হ্যাঁ-আসুন।
আও, ফাইদি হাপফাইদি।

প্রার্থী - নমস্কার । তা আপনার নাম কি ?
খুলুমকা। নিনি বীমুং তাম' ?

প্রার্থী - আমার নাম শ্রীকমলিয়া দেববর্মা।
আনি বীমুং শ্রীকমলিয়া দেববর্মা।

চেয়ারম্যান - দাঁড়িয়ে কেন? — বসুন ।
তাম' বাচাই তং ? আচুকদি।

প্রার্থী - ধন্যবাদ ! স্যার।
হামবাই স্যার।

চেয়ারম্যান - আপনি কত সালে বি. এ পাশ করেছেন ?
নীং ব বিসিঅ বি. এ. খ্লাইখা ?

প্রার্থী - ১৯৭৮ সালে পাশ করেছি স্যার।
১৯৭৮ বিসিঅ পাশ খ্লাইখা স্যার।

চেয়ারম্যান - কি কি বিষয় ছিল আপনার বি, এ তে ?
বি, এ, অ তীমা বিষয় পড়ি খা ?

প্রার্থী - অর্থনীতি, ইতিহাস আর সাহিত্য বাংলা ও ইংরাজী।
অর্থনীতি, ইতিহাস, তাই বাংলা বাই ইংরাজী।

চেয়ারম্যান - বি, এ , ফাইন্যাল পরীক্ষায় কি রকম নম্বর পেয়েছেন ?
বি, এ, ফাইন্যাল পরীক্ষাঅ বীবতীই নম্বর মানখা ?

প্রার্থী - স্যার-এভারেজএ ৪৩ পারসেন্ট পেয়েছি।
স্যার গরঅ শতকরা খলব্রুই থাম মানখা।

চেয়ারম্যান - আর পড়াশুনা করলেন না কেন ?
তামুংগীই তাইব পড়িলিয়া ?

| | |
|---|---|
| প্রার্থী - | আমার বাড়ীর আর্থিক অবস্থা বেশী ভালো নয়।<br>আনিনগ'রাং রি বিশি কৗরৗই। |
| চেয়ারম্যান - | তা এই চাকরীতে তো আপনাকে বাইরে বাইরে কাজ করতে হবে। আপনি রাজী আছেন তো ?<br>নাষ্টীদি ই চাকরীঅতো নৗং ফাতার ফাতার সামুং মা তাংনাই-নৗং গদে গসি ? |
| প্রার্থী - | হ্যাঁ স্যার । এতে আমার কোন আপত্তি নেই।<br>আও স্যার। আবনি বাগৗই আং গসিয়া ওংয়া। |
| চেয়ারম্যান - | আপনার বাবা কি করেন?<br>নিনি বাবু তাম' খ্লাই ? |
| প্রার্থী - | আমার বাবা সরকারী স্কুলের শিক্ষক ।<br>আনি বাবু সরকারী স্কুলনি মাস্টার। |
| চেয়ারম্যান - | আপনারা ক ভাই বোন ?<br>নিনি আঢাইসং খরগ বৗসৗক ? |
| প্রার্থী - | তিনজন স্যার। আমি আমার এক দিদি আর ছোট ভাই।<br>খরকথাম স্যার। আং, বাই, তাই কৗইখরকসা। |
| চেয়ারম্যান - | আপনি কি পত্রপত্রিকা পড়েন ?<br>নৗং পত্রপত্রিকারগ পদে পড়ি ? |
| প্রার্থী - | হ্যাঁ স্যার আমি নিয়মিত কাগজ পড়ি।<br>আও স্যার, আং সালব্রুম ব্রুম ন পত্রিকারগ পড়িঅ। |
| চেয়ারম্যান - | কি কি পত্রিকা পড়েন ?<br>তৗমা তৗমা পত্রিকা পড়ি ? |
| প্রার্থী - | বাইরের আনন্দবাজার। যুগান্তর আর আমাদের দৈনিক সংবাদ, দেশের কথা, দর্পণ ইত্যাদি।<br>ফাতারনি হিনকাই আনন্দবাজার, যুগান্তর তাই চিনি আগুলিনি হিনকাই দৈনিক সংবাদ, দেশের কথা, দর্পণ রগ পরিঅ। |
| চেয়ারম্যান - | তা বেশ । রেডিও শোনেন কি ? |

হিনকাই তো কাহাম ন। রেডিও খীদে খীনা ?

প্রার্থী - হ্যাঁ স্যার। নিয়মিতি শুনি, বাড়ীতেও রেডিও রয়েছে।

আও স্যার। হমানীই ন খীনাঅ। নগ'ব রেডিও তংগ।

চেয়ারম্যান - আপনি এখন কি করছেন ?

নীং তাবুক তাম খীলাই ?

প্রার্থী- না স্যার কিছুই করছিনা। মাঝে মধ্যে দু'একটা টুইশনি করছি - আর Stenography শিখছি।

ইঁহি স্যার কোস্তাম খাইয়া। ওরাম ওবাম কাইসা কাইসু টিউশনি খ্লাইঅ তাই Stenography সাঁরীংগ।

চেয়ারম্যান - আপনি টি,সি, এস বা আই, এ, এস ইত্যাদির জন্যে চেষ্টা করছেন না কেন ?

নীং তামংগই টি, সি, এস, ইয়াঁখাই আই,এ,এস পরীক্ষা রগনি বাগীই-চেতন খাইয়াবা ?

প্রার্থী - হ্যাঁ স্যার এবারে টি, সি, এস পরীক্ষা দেবো। ফরম ফিলআপ করেছি।

আও স্যার। তাকীলাই টি, সি,এস পরীক্ষা রিনাই। ফরম ফিলআপ খাইজাকখা।

চেয়ারম্যান - আপনাদের মত তরুণদের উচ্চাশা থাকা উচিত।

নরগ হাই সিক্লাচালাইরগনি কুচুগ কাসানানি খা তংনা সামুং।

প্রার্থী - হ্যাঁ ঠিকই বলেছেন স্যার।

আও, স্যার নীং ঠিকন সাখা।

# কলেজের কমনরুমে দুইজন ছাত্রের মধ্যে কথোপকথন

ক - ওঃ প্রচন্ড গরম পড়েছে।
ওঃ জব্বই খাই তুংফীলাখা।

খ - পাখাটা চালিয়ে দেবো ?
পাংখা চালক রিনাইদে ?

ক - দাও। দাও ফুলস্পীড চালিয়ে দাও।
রিদি, রিদি, ফুলস্পীডে' চালক রিদি।

খ - তোমার এরপর কয়টায় ক্লাশ ?
ইমনি ওল' নিনি ক্লাশ বীফুরী ?

ক - এইতো -২-৪৫ মিঃ ইকনমিক্স ক্লাশ রয়েছে।
ইক-লে-২-৪৫ মিঃ ইকনমিক্স ক্লাশ তংগ।

খ - আমার তো দু পিরিয়ড অফ। এরপর ৩-৩০-এ শেষ ক্লাশ।
আনি পিরিয়ড কীনীই অফ। আবনি ওল' ৩-৩০ অ সে পাইথাক ক্লাশ।

ক - খিদেও পেয়েছে - চলো ক্যান্টিনে কিছু খেয়ে আসি।
মাইঅকখুইকা। হিমদি ক্যান্টিন' কিসা চাঅই ফাইয়ানু।

খ - চলো - তাড়াতাড়ি ফিরতে হবে।
হিমদি - দাকতি মা কিফিলানু।

ক - যাই বলো। আমাদের ইংরেজীর নতুন অধ্যাপক ভালই পড়ান তাইনা ?
যে সাফানো হিনদি। চিনি ইংরাজীনি অধ্যাপক কীতাল কাহাম নো পড়িরিঅ ?

খ - শুনেছি ভাল ছাত্র। এম, এ-তে ফাস্টক্লাশ সেকেন্ড।
ছাত্র কাহাম ন হিনবীলা। এম, এ অ ফাস্টক্লাশ সেকেন্ড ফন।

ক - ওহো ভুলেই গেছি। লাইব্রেরীতে একবার যেতে হবে।
এরাম - পগইসে থাংখা - লাইব্রেরীঅ ওয়াইসা মা থাংনাই।

খ - কখন যাবে লাইব্রেরীতে ?
— লাইব্রেরী বীফুরু থাংনাই ?

ক - দেখি নেক্সট্ ক্লাশের পর যাব।
নাইগ্রানা - নেক্সট্ ক্লাশনি ওল থাংগানু।

# পুলিশ থানাতে কথোপকথন

ক - আমি থানার বড়বাবুর সাথে দেখা করতে চাই।
আং থানা নি বড়বাবু বাই কিসা মালাইনানী নাইয়।

খ - কেন কি ব্যাপার ? আপনাকে খুব উদ্বিগ্ন দেখাচ্ছে ?
তামনি বাগীই মালাইনাই ? নন' জব্বই ওয়ানাজাকহাই নুকগ'?

ক - আমি একটা চুরির ঘটনা এফ, আই, আর করব ।
আং মানীই খগজাক এফ, আই, আর খাইনানি।

খ - তা-বসুন। আপনি আমাকেই বলতে পারেন। আমি থানার ডিউটি অফিসার।
অঃ আচুকদি। আনন' সাইমান'। আং থানানি ডিউটি অফিসার।

ক - ও আচ্ছা নমস্কার। তাহলে আপনাকেই বলছি।
ওঃ আহাইদে-খুলুম কা। হিনকাই নন'ন সানাই।

খ - বলুন কি হয়েছে ?
সাদি তাম' ওং খা'?

ক - আর বলবেন না স্যার। গতকাল রাত্রে আমার বাড়ীতে চুরি হয়েছে- সিদ কেটে ঘরে ঢুকে চোরে মূল্যবান কাপড় চোপড় এমনকি থালা বাসন ইত্যাদিও নিয়ে গেছে।
তাই তা সাচিদি স্যার। মিয়া হরথানাইঅ আনি নগ' শিকক হাবখা। সুরুং খুরই হাবই রিচুম — কাহাম কাহাম তাই মাইরাং সিদিসে তৗলাং থাংখা।

খ - আপনার বাড়ীটা ঠিক কোথায় বলুন তো ?
নিনি নগ ঠিক বৗজাগাঅ সা-লা ?

ক - এই কাছেই। পঞ্চায়েৎ অফিসের উল্টোদিকে।
ইঁ সামপান'। পঞ্চায়েৎ নগনি উল্টা ফাইসিংগ।

খ - তা সম্প্রতি কিছু চোরের উপদ্রব বাড়ছে।
আও। তাবুক সিকক্ মাংখাং আকার বৗরৗকখা।

ক - হ্যাঁ এই তো কয়েকদিন আগে শুকরামদের বাড়ীতেও চুরি হয়ে গেলো।
আও। সালকিসা সৗকাং শুকরাম সংনি নগব' সিকক হাবখা।

খ - ঠিক আছে। ডায়েরী তো হলো। আমরা একবার আপনার বাড়ীতে আসব।
— ঠিক ন' ডায়েরী তো অংখা। চৗং ওয়াইসা নিনি নগ' থাংগানু।

# পোস্ট অফিসে কথোপকথন

ক - পোস্টমাস্টার বাবু। আমি একটা পরামর্শের জন্য আপনার কাছে এসেছি।

পোস্টমাস্টার বাবু আংব বুদ্ধি মুংসা সৗংনানি বাগৗই নিনি থানি ফাইমানী।

খ - ও আচ্ছা। আপনি একটু বসুন। আমি এই হাতের কাজটা শেষ করে আসছি।

অঃ আহাইদে। কিসা আচুকগ্রাদি। আং য়্যাকনি সামুং পাই ফাইগ্রানা।

ক - ঠিক আছে। ব্যস্ততার কিছু নেই। আমি বসছি।

আও। দ'নানি নাংগ্লাক। আং আচুকগানু।

খ - হ্যাঁ এবার বলুন। আমি আপনার কি উপকার করতে পারি ?

আও, তাবুকলে সাচিদি। আং নিনি তৗমা সামুংখাই মা-ন ?

ক - দেখুন মাস্টার বাবু। আমার হাতে হঠাৎ কিছু টাকা এসে গেছে। সেই টাকাটা পোস্টপিসে জমা রাখতে চাই।

নাইদি মাস্টার বাবু। আনি য়্যাগ-আচমসা রাং কিসা মিসা সকপাইখা। আবন' পোস্টাপিস' জমা তাননানি মুচুংগ।

খ - তাতো খুব ভালো কথা। সঞ্চয় করা খুব ভালো। পোস্টাপিসে মানে সরকারের ঘরে টাকা রাখলে যেমন নিরাপদ, নায্য সুদও পাবেন আপনি।

আব বা কাহাম কক সে। ওলনি বাগৗই খাতিমানি কাহাম। পোস্টাপিস' তনমানি সরকারনি নগ' তনমানিন ক্লাইঅ। রাংবো কৗমানা কৗরাই তাই সুদ ব' রচং।

ক - ঠিক আছে। তাহলে আমি কবে আসব ?

ঠিক ন। হিনকাই আং ব'সাল ফাইনাই ?

খ - কেন কালই আসুন। সব ব্যবস্থা করে দিচ্ছি।

খৗনা-ন ফাইনাবা। বেবাক ব্যবস্থা খ্লাই রিআনু।

ক - অনেক ধন্যবাদ। নমস্কার।

নন' ধন্যবাদ। খুলুম কা।

# কোর্ট কাছারীতে কথোপকথন

ক - আপনি কার সাথে দেখা করবেন ?
নীং সাব' বাই মালাইনানি ?

খ - আমি এডভোকেট রায় সাহেবের সাথে দেখা করতে চাই।
আং এডভোকেট রায় সাহেব বাই মালাইনানী নাইঅ।

ক - আচ্ছা, আচ্ছা বুঝতে পেরেছি। আপনি উদয়পুর থেকে আসছেন তো ?
ও, বুঝিখা-বুঝিখা। নীং উদয়পুরনি ন'ফাইনা ব্লা না ?

খ - ঠিক ধরেছেন। আমি উদয়পুর থেকেই এসেছি।
নীং ঠিক ন'রমখা। আং উদয়পুর নিন' ফাইঅ।

ক - তা একটু বসুন। রায় সাহেব এক্ষুণি এসে পড়বেন।
নীং কিসা আচুকগ্রাদি। রায়সাহেব তাবুক ন' ফাই সকপাইয়ানু।

খ - আপনাকে তো চিনলাম না।
নীং লে সাব' ওংখা, সিনিমানলিয়া ।

ক - আমার নাম পরেশবাবু। আমি রায়সাহেবের মুহুরী।
আনি মুং পরেশবাবু। আং রায় সাহেবনি মুহুরী।

খ - ওঃ তাই নাকি। তাহলে তো খুবই ভালো হল।
অঃ আহাইদে। হিনকাইবা বেলাইসে কাহাম ওংখা।

ক - আপনার কি কেস ?
নিনি কেস তাম ?

খ - জমি সংক্রান্ত মামলা পরেশবাবু।
পরেশবাবু জাগাজমিনি মোকদ্দমা।

ক - তা উদয়পুর কোর্টে কি রায় হল ?
উদয়পুর কোর্টঅ বীবতীই রায় রিখা ?

খ - সেখানে হেরে গেছি। তাই আপিলের জন্য এসেছি।
আবঅ-চেন লাহা। আবনি বাগীইন' আপিল খাইনানি ফাইঅ।

ক - আপনার জমি সংক্রান্ত দলিল আর কোর্টের রায়ের নকল এনেছেন তো ?
নিনি জাগানি দলিল তাই কোর্টনি রায়নি কপিদে তুবখা ?

খ - হ্যাঁ সব এনেছি।
আও যওন' তুবখা

ক - আপত্তি না থাকলে আমাকে দেখাবেন কি ?
নিনি আপত্তি কাঁরাঁই হিনকাই আন' ফুনুকনাই দে ?

খ - নিশ্চয়ই-দেখাব। আপত্তি কিসের ? আপনিই তো সব তদ্বির করবেন।
নিশ্চয় ন' ফুনুক নাই। তামুং আপত্তি তংনাই ? নীংন যত্ত তালাফি খাঁলাইনাই।

ক - আচ্ছা রায়সাহেবের সাথে দেখা করতে, আপনাকে কে পরামর্শ দিয়েছেন ?
আচ্ছা-রায় সাহেব বাই মালাইনানী বাগীই নন' সাব সাই রিহর?

খ - উদয়পুরের আমার উকিলবাবু পরামর্শ দিয়েছেন ।
উদয়পুরনি আনি উকিলবাবু সাইহর।

ক - কে তিনি ?
ব' সা ব' ?

খ - তার নাম নিশিকান্ত চৌধুরী। জগন্নাথ দীঘির পাড়ে বাড়ী।
বিনি বাঁমুং নিশিকান্ত চৌধুরী। জগন্নাথ পুখুরি রুকুংগ' বিনি নগ।

ক - ও বুঝেছি। তা আপীলের জন্য তৈরী হয়ে এসেছেন তো ?
অঃ বুঝিখা। হিনকাই আপীল খাইনানী বাগীই খাতিইন' ফাইখানা ম্লা ?

খ - হ্যাঁ পরেশবাবু। এখন আপীল করা ছাড়া আমার আর কোন উপায় নেই।
আও পরেশবাবু। তাবুক আপীল খাইনানী ছাড়া আনি কোন্তাম লামা কাঁরাঁইখা।

ক - ঐ তো রায় সাহেব এসে গেছেন।
ই ক্লা রায় সাহেব সক ফাইখা।

খ - যাক ভালই হল।
আও। হামকা।

# একটি দুর্ঘটনাকে কেন্দ্র করে কথোপকথন

ক - ওখানে কি হয়েছে ? এত লোকজন কেন ?
আর' তাম' ওংখা ? তামুং আসীক বরক কুথুমজাক ?

খ - ওখানে এইমাত্র একটা এক্সিডেন্ট হয়েছে।
আর' তাবুক ন' এক্সিডেন্ট কাইসা ওংখা।

ক - কি রকম - এক্সিডেন্ট, গাড়ী ঘোড়া ?
ববতীই এক্সিডেন্ট, গাড়ী রগদে ?

খ - হ্যাঁ একটি ট্রাক আর একটা জীপের মধ্যে সংঘর্ষ হয়েছে।
আও ট্রাক খুংসা বাই জীপ খুংসা থুতাইলাইখা।

ক - কি, তাহলে খুব বড় একক্সিডেন্ট মনে হচ্ছে ?
হিনকাই তো একক্সিডেন্ট বা কতরমা সে ওংখানা ?

খ - হ্যাঁ বেশ বড় দুর্ঘটনা।
আও। মজম' কতরমা একক্সিডেন্ট।

ক - কারো চোট লেগেছে কি ?
বরক দে দুঃখু মানখা ?

খ- জীপের ড্রাইভারের মাথা ফেটে গেছে। আর একজন যাত্রী ভীষণভাবে জখম হয়েছে।
জীপনী ড্রাইভারনি বখরগ ফাতিই থাংখা। তাই খরকসা জব্বই দুঃখু মাংখা।

ক - তাদের কি হাসপাতালে নিয়ে গেছে ?
বরক ন' হাসপাতাল'দে তীলাংখা' ?

খ - হ্যাঁ সঙ্গে সঙ্গেই একটি প্রাইভেট ট্যাক্সিতে পাঠিয়ে দেওয়া হয়েছে।
আও লগি লগিন' প্রাইভেট ট্যাক্সি খুংসা বাই রিহর জাকখা।

ক - ট্রাকের কেউ চোট পাননি তো ?
ট্রাক সাকানি লে কেব' দুঃখু দা মানখা ?

খ - হ্যাঁ দুজন যাত্রী সামান্য চোট পেয়েছেন।

আও। খরকনীই কিসামিসা দুঃখু মানখা।

ক - ট্রাক চালকের কিছু হয়নি ?

ট্রাক ড্রাইভারনি কোস্তাম ওংলিয়া দে ?

খ - না কিছুই হয়নি, ট্রাক ড্রাইভার সঙ্গে সঙ্গে পালিয়েছে।

হঁিহি কোস্তাম ওংলিয়া। ট্রাকনি ড্রাইভার লগি লগি ন' খারই থাংখা।

ক - পুলিশ আসেনি ?

পুলিশ ফাইয়াখো দে ?

খ - এইমাত্র একটি পুলিশ ভ্যান এসেছে।

তাবুক ন' পুলিশনি ভ্যান খুংসা সকপাইদ্রব।

ক - এত ফাঁকা রাস্তায় কি করে এক্সিডেন্ট হল ?

আসীক লামা কুওয়ার' (ফীলাং ফীলাং) বাহাই এক্সিডেন্ট ওংখা?

খ - আর কি ? দুর্ঘটনা-দুর্ঘটনাই।

তাই তাম ? এক্সিডেন্ট বা এক্সিডেন্ট ন তা?

ক - হ্যাঁ তাই।

আও আবলে কক ন'।

খ - কখন কোথায় কার কি ভাবে এক্সিডেন্ট হয় বলা মুস্কিল।

বীফুরু-বর' সাবনি বাহাইতীই এক্সিডেন্ট ওংন আব দে সাই মান।

ক - হ্যাঁ তা ত ঠিকই। তবুও আমাদের সকলকে সতর্কভাবে সাবধানে চলা উচিত।

আব-তো ঠিক ন। তব চীং যত্তন যাই খাই সাবধানতীই চলি থাই।

খ - আপনি ঠিকই বলেছেন। অনেক সময় দেখা যায় আমাদের সামান্য অবহেলা অসতর্কতাই দুর্ঘটনার কারণ।

নীং ঠিক ন সাখা। প্রায় সময় ন' নুকজাগ' চিনি অবহেলা তাই সাবধান কীরীইনি বাগীই ন' এক্সিডেট ওংগ।

# সাধারণ পাঠাগারে দুই বন্ধুর কথোপকথন

ক - তুমি কখন এসেছ ?
নীং বুফুরু ফাইকা।

খ - তা প্রায় আধঘন্টা হল এসেছি।
আং সকপাইমানী আধাঘন্টা ওংখীনা।

ক - আমার পথে একটু দেরী হয়ে গেল।
আং লামাঅ কিচা (কিছা) লেরখা।

খ - তুমি কি বই জমা দেবে ?
নীং বই জমা রিনাইদে ?

ক - হ্যাঁ দুখানা বই জমা দেবো।
আও বই কাংনীই জমা রিনাই।

খ - আমি বই জমা দিয়ে নতুন requisition দিয়েছি।
আং বই জমা রিবাইসে requisition কীতাল রিখা।

ক - যাই আমি ও কাউন্টারে জমা দিচ্ছি।
থাংগ্রানা - আংব' কাউন্টার' জমা রিগ্রানা।

খ - এই তো আমার বইগুলো এসে গেছে।
ইকলে আনি বইরগ সকপাইখা।

ক - তাহলে তুমি রিডিং রুমে যাও। আমি আসছি।
হিনকাই নীং রিডিং রুম থাংসকদি। আং ফাইয়ানু।

খ - হ্যাঁ যাচ্ছি। আজকের পত্রিকাগুলো দেখি।
আও থাংগানু। তিনি নি পত্রিকারগ নাইগ্রানা।

ক - তুমি কি কি বই নিয়েছো ?
নীং তীমা তীমা বই নাখা ?

খ - আমি দুখানা রেফারেন্সে বই আর একখানা উপন্যাস নিয়েছি।
আং রেফারেন্স বই কাংনীই তাই উপন্যাস কাংসা তীনাখা।

ক - আমি কবিতার বই নেবো।
আং লে কবিতানি বই সে তীনানাই।

খ - আমি যাচ্ছি - তাড়াতাড়ি এসো।
আং থাংখা-দাকতি ফাইদি।

# রাজপথে মিছিল সম্বন্ধে দুই বন্ধুর কথোপকথন

ক - কিসের এত বড় মিছিল যাচ্ছে ?
তামনি আসীক মিছিল কলকসা লাই তং ?

খ - সরকারী কর্মচারীদের মিছিল।
সরকারী কর্মচারীরগনি মিছিল।

ক - উঃ প্রায় প্রতিদিনই মিছিল। পথে চলাফেরাই দায় হয়েছে।
আও, সিদা সালব্রুম ব্রুম ন মিছিল। লামা হিমনাসে দায় অংখা।

খ - তাদের প্লেকার্ডে দাবীগুলি লেখা রয়েছে দেখছি।
বরকনি প্লেকার্ড অ দাবীরগ সাঁইজাক নীক ব্লা।

ক - শুধু লেখাই নয় মুখে শ্লোগানও দিচ্ছে।
সাঁইজাক ছিমিয়া বুখুক বাই শ্লোগান ব রিঅ।

খ - এদিকে এসে দাঁড়াও। এখন তো রাস্তা পার হওয়া যাবেনা।
য়্যাংগ' বাচা ফাইদি। তাবুক তো লামা পার ওং মানগ্লাক।

ক - মিছিল শেষ হতে অনেক দেরী হবে।
মিছিল পাইনানি জব্বই সময় নাংনাই।

খ - চলো অন্য পথে ফিরে যাই।
হিমদি কুবুনি লামা তাঁই কিফিলানু।

ক - না অন্যপথেও যাওয়া যাবেনা। দেখো না-সব জ্যাম হয়ে গেছে।
ইঁহি কুবুনি লামাতাঁইব থাং মানগ্লাক। নাহার নাবা জত্ত জ্যাম ওং থাংখা।

খ - এই মরেছি। আজ বাড়ী ফিরতে অনেক দেরী হবে।
থাঁইকা - তিনি নগ কিফিলনানি জব্বই লেরনাই।

ক - আর কি করা যাবে !
তাই তাঁমা খাইছি নাই !

খ - চলো কোথাও বসি। একটু চা খাওয়া যাক।
হিমদি বর' রগো আচুকগানা। চা কিসা নাঁংলাইগ্রানা।

ক - তা মন্দ নয় চলো।
আও আব ব চামানি কক ন'। হিমদি।

# পূজার চাঁদা সংগ্রহে কথোপকথন

ক - আমরা চাঁদা তুলতে এসেছি।
চাং চাঁদা খাংনানি ফাইঅ।

খ - তোমরা কে ? কিসের চাঁদা ?
নরগ সাব' ওংখা? তামনি চাঁদা ?

ক - আমরা বীরসিংহ ক্লাবের সদস্য। দুর্গাপূজার চাঁদা চাইছি।
চাং বীরসিংহ ক্লাবনি সদস্য। দুর্গাপূজানি চাঁদা খাংনানি ফাইঅ।

খ - চাঁদা তো অনেক ক্লাবকে দিয়ে দিয়েছি। আর তো দেওয়ার সামর্থ্য নেই।
চাঁদা বা ক্লাব কৌবাংমান' রিইপাইখা। তাই বা রৌই সে মানগ্লাক খা।

ক - তা বললে কি করে চলবে ? আমরাও আপনাদের সহযোগিতা না পেলে কি করে পূজো করব ?
আহাই হিনকাই বাহাই চানাই ? চাংব নরকনি চুবাচু মানয়াখাই বাহাই পূজা খৌলাই নাই ?

খ - হ্যাঁ পূজো তো সকলের জন্যই। আমরা গৃহস্থদের কি এই পূজোর মরশুমে খরচ কম ?
আও পূজাতো লোকনি বাগৗই ন'। চাং নকফাংরগনি খাইবা পূজানি মরশুম' খরচ কম দে ?

ক - হ্যাঁ তা তো ঠিকই। তা রসিদ কাটি ?
আও আবতো ঠিক ন। হিনকাই রসিদ তানানু ?

খ - হ্যাঁ তা কাটো। কিন্তু বেশী কিছু দিতে পারবো না।
আও তানদি। ফিয়াবা বিশি কৌবাং রিইমানগ্লাক।

ক - না না বেশী নয়। মাত্র ২৫ টাকা লিখেছি।
ইঁহি বিশিয়া। বেবাগই কুড়িছা খগবা সে সৗই জাক খা।

খ - আচ্ছা দিচ্ছি।
আও রিওয়ানু।

# শহরাঞ্চলে সিটি বাসস্ট্যান্ডে কথোপকথন

ক - এই যে দাদা, শুনছেন। জি.বি হাসপাতালে যাবার জন্য কত নম্বর বাসে যেতে হবে ?
অ দাদা খীনাগ্রাদি। জি.বি হাসপাতাল' থানানি বীসীক নম্বর বাস মা কাসা নাই ?

খ - আমাকে বলছেন ? জি.বি যেতে আপনাকে ২নং অথবা ৫নং বাসে যেতে হবে।
আন দা নুং ? জি.বি হাসপাতাল' থানানি বাগীই ২নং ওংয়াখাই ৫নং বাস মা রমনাই ।

ক - এখানে বাস দাঁড়াবে কি ?
অর' বাস দে বাথাক ন' ?

খ - না এখানে দাঁড়াবেন না। আপনি একটু এগিয়ে কর্ণেল চৌমুহনীতে যান। সেখানে ৫নং বাস দাঁড়াবে।
ইঁহি অর বাথাক গ্নাক। নীং বীঙ্কাং হিমই কর্ণেল চৌমুহনী থাংদি আর' ৫নং বাস বাথাগানু।

ক - আচ্ছা - অনেক ধন্যবাদ ।
আও - নন' বেলাই হামবাই।

ক - এই যে ভাই এটা কত নম্বর বাস ?
অ-তাখুক-ইম' বীসীক নম্বর বাস ?

গ - এটা তো ৭ নম্বর। কামালঘাট-মোহনপুরে যাচ্ছে ।
ইম' ৭ নম্বর। কামালঘাট - মোহনপুর থাংগ।

ক - আমি তো জি.বি- তে যাব।
আং তো জি.বি, সে থাংনাই ।

গ - আপনি ৫নং এ উঠুন।
নীং ৫ নম্বর বাস' কাসাদি।

ক - ঐ তো আর একটি বাস আসছে।
ইঙ্গা তাই খুংসা বাস ফাইকা।

গ - হ্যাঁ হ্যাঁ ঐটা ৫ নম্বর। ওখানেই উঠুন।
আও, আব ন' ৫ নম্বর। আর ন' কাসাদি।

ক - জি.বি.র বাস ভাড়া কত ?
জি-বি নি বাস ভাড়া বীসীক ?

গ - এখান থেকে ২৫/৩০ পয়সা হবে।

অরনি ২৫/৩০ পয়সা জরা ওংগানু।

ক - আমাকে একটা টিকিট দিন।
আন' টিকিট কাংসা রিদি।

ঘ - আপনি কোথায় যাবেন ?
নীং বর' থাংনাই ?

ক - আমি জি-বি হাসপাতালে যাব।
আং জি-বি হাসপাতাল' থাংনাই।

ঘ - ২৫ পয়সা দিন।
২৫ পয়সা রিদি।

ক - এই যে দাদা একটু এগিয়ে যান।
অ দাদা কিসা আগগ থাংদি।

ঙ - কোথায় এগোব ? সামনে জ্যাম হয়ে গেছে।
বর' আগগনাই ? বীসকাং জ্যাম অং থাংখা।

ক - ওঃ বাসে প্রচন্ড ভীড়।
ওঃ বাস' জব্বই বরক।

ঙ - এখন তো তবুও কম। অফিস টাইমে ভীড় আরো বেশী।
তাবুক বা কম সে। অফিসনি সময়' তাইব বরক জ্যাম ওংগ।

ক - টাউনবাস ছাড়া জি-বি যেতে আর কোন যানবাহন নেই ?
টাউনবাস ন' কারীই জি-বি থানানি তাই কোনো গাড়ীবগ মানথকয়্যাদা ?

ঙ - কেন-অটোরিক্সা ট্যাক্সি ইত্যাদিতে যেতে পারেন।
তামুংগুই-অটোরিক্সা-ট্যাক্সি রগবাইবু থাংমানু।

ক - অটোরিক্সায় কোথায় উঠতে হবে ?
অটোরিক্সা বীর' কাসা নাই ?

ঙ - পুরানো আর-এম-এস চৌমুহনী থেকে অটো ছাড়ে ।
আর-এম-এস কীচাম চৌমুহনীনি অটো ছাড়গো।

ক - জি-বি থেকে ফিরতে অটো পাব তো ?
জি-বি-নি কিফিল ফ্রু অটো দে মান ন ?

ঙ - নিশ্চয়ই পাবেন। তবে ভাড়া একটু বেশী পড়বে।
মান নাই। ফিয়াবা ভাড়া কিচা বাংনাই।

ক - কত ভাড়া হতে পারে ?
ব ভাড়া বীসীক জরা অংন' ?

ঙ - মাথা পিছু একটাকা।
বরগ' খকছা।

# আবহাওয়া বিষয়ে কথোপকথন

ক - ওঃ প্রচন্ড গরম পড়েছে।
ওঃ জব্বই খাই তুং লাহা।

খ - গরমের এই তো শুরু ।
তুংমানি বা তাবুক সে চেংদ্রপ।

ক - অনেকদিন হয় বৃষ্টি হচ্ছে না।
সাল কীবাংমা ওংখা ওয়াতৗই ওংয়া।

খ - কে জানে খরা হবে কিনা।
সাব' সাই মান খরান দে রিন'।

ক - আমাদের এই অঞ্চলে বৃষ্টিপাত এমনিতেই কমছে।
চিনি ই মুলুগ' ওয়াতৗই ওয়ামানি আহাইনসে কমিখা।

খ - হ্যাঁ তাই। বৃষ্টিপাত তো পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভরশীল।
আও আহাইন । ওয়াতৗই বা মুলকনি বলংওয়ালং ন সে রীগ'।

ক - যে হারে বনবাদার পরিষ্কার হচ্ছে। গাছ গাছড়া কাটা পড়ছে - তা চিন্তার বিষয় ।যে হার' বলং হকজাগ - তাই বুফাংওয়াফাং তান জাগ' আব ওয়ানামা সিংচা কক ন'।

খ - আমাদের দেশে কৃষিকাজ বৃষ্টিপাতের উপর নির্ভরশীল।
চিনি দেশনি গৃস্থি খাইমুং তো নখানি ওয়াতৗই ন' সে ভরসা।

ক - বৃষ্টিপাতের হার কমানো বন্ধ করতে হলে আরো বেশী গাছ গাছড়া লাগান উচিত।
ওয়াতৗই ওয়ামানি সেংমানি ন'মীথাক না হিনকাই তাইবো বিশি বুফাং চারা মা কাই থাই।

খ - দেশের সরকারের সাথে জনসাধারণও এ ব্যাপারে সচেতন হওয়া দরকার।
দেশনি সরকার বাই বাকছা লোকুরগ ব' আ ব্যাপার' সাগ তারনা সামুং।

# শীতকালীন আবহাওয়া বিষয়ে কথোপকথন

ক - এ বারে যেন তাড়াতাড়ি শীত পড়ল।
তাকীলাই কীচাংমা দাকতি ফাইকাদো।

খ - হ্যাঁ এখন তো নভেম্বর মাস। সেই অনুপাতে ঠান্ডা বেশ।
তাবুক তো নভেম্বর তাল। আবনি বীগীই কীচাংমা বিশি ন'।

ক - অবশ্য শীত পড়লেও বাইরের তুলনায় এখানে তত প্রচন্ড নয়।
কীচাংমা হাব ফন' ফাতারনি সীলাই অর' কীচাংমা কম ।

খ - হ্যাঁ। তাই। ফেব্রুয়ারীর শেষ ভাগ থেকে তো আবার গরম পরবে।
আও আহাইন। ফেব্রুয়ারী তাল নি পাইথাক হিনকাইন সাল তুংফিরু।

ক - কলকাতায়ও শীত খুব কম।
কলকাতা ব' কীচাংমা বেলাই কম।

খ - কিন্তু দিল্লী-শ্রীনগর ইত্যাদি জায়গায় ঠান্ডা প্রচন্ড।
ফিয়াবা দিল্লী-শ্রীনগর ফাইসিং কীচাংমা জব্বই বিশি।

ক - হ্যাঁ। শ্রীনগর সিমলা এমনকি দার্জিলিং-এ তো বরফ পড়ে।
আও-শ্রীনগর সিমলা তাই দার্জিলিং রগ' বা বরফ সে ক্লাইঅ।

খ - শীতের জন্যে উত্তরপ্রদেশ বিহারে তো লোকও মারা যায়।
কীচাংমানি বাগীই উত্তরপ্রদেশ বিহার রগ' বা বরকসিদিছে থুইয়।

ক - হ্যাঁ । যাদের ঘরবাড়ী নেই। খুব গরীব। পর্য্যাপ্ত গরম কাপড় চোপড় নেই। তারাই মরে।
আও। যে লোকোরগনি নগ নুখুং কীরীই। জব্বই বিগ্রা। রিচুম আপুস কীরীই। বরগ ন থুইজা বাইঅ।

খ - দক্ষিণ ভারতে বোম্বে গোয়া ইত্যাদি জায়গায় শীতকালেও শীত বোঝাই যায়না।
দক্ষিণ ভারত', বোম্বাই, গোয়ারগ হিনকাই মাসিংজরা ফানসে কীচাংমা কৌসে কীলাইয়া।

ক - ঐ দিক তো সমুদ্রের কাছাকাছি কিনা তাই।

আয়াংবা-তাঁইজাঁলি গানাগানি দাঁলা আবাই ন'।

খ - গরমের সময়ও ঐসব জায়গায় তত গরম পড়ে না।

কলম মা জরা ব' অ মূলুগ রগ' আসাঁক কলময়া।

ক - কনকনে বাতাস শীত বাড়ায়।

নকবার কাঁচাং সিবসা খাই কাঁচাংমা বাড়িঅ।

খ - কুয়াশাও পড়ে।

শিয়ারীব' কাঁলাইঅ।

# খেলারমাঠে দুই দর্শকের কথোপকথন

ক - আজ কার কার খেলা বলতে পারেন ?
তিনি সাব' সাবনি খেলা সাইদা মান ?

খ - আজ তো বীরেন্দ্র ক্লাব আর পুলিশ টীমের খেলা।
তিনি বীরেন্দ্র ক্লাব তাই পুলিশ টীমনি খেলা।

ক - খেলা ক'টায় আরম্ভ হবে ?
খেলা বুফুরু চেং নাই?

খ - খেলা প্রতিদিন ৪-৩০ মিনিটে শুরু হয়।
খেলা সাল ব্রুম ব্রুম ৪টা ৩০ মিঃ চেংগ।

ক - আপনার ঘড়িতে কটা বাজল ?
নিনি ঘড়িঅ বাঁসীক তামখা ?

খ - আমার ঘড়িতে তো ৪-১৫ বাজছে।
আনি ঘড়িঅ তো ৪টা ১৫ মিনিট তামব'।

ক - আজ তো দর্শকের ভীড় খুব বেশী।
তিনি নাইনাই রগ জব্বই ফাইখা।

খ - হ্যাঁ আজ রবিবার। তাছাড়া খেলাও ভালো।
আও তিনি রবিবার। তাই খেলাবো কাহাম।

ক - আপনি কি প্রায়দিনই খেলা দেখতে আসেন ?
নীং বা হমানীই দা খেলা নাইনানি ফাই ?

খ - হ্যাঁ প্রায় সব ভাল খেলাতেই আসি।
আও প্রায় যত্ত খেলা কাহাম কাহাম ন' নাইফাইঅ।

ক - আজ বৃষ্টি হতে পারে। ছাতা তো আনিনি।
তিনি ওয়াতাঁই ফাই মান। ছাতিসে তুবজাকলিয়া।

খ - আমি এনেছি। বৃষ্টি হলে আমার ছাতাটাই দুজনে ব্যবহার করব।
আং তুবুখা। ওয়াতুই ফাই খাই আনি ছাতিন' কাঁনাঁই ওংগানু।

ক - চিনে বাদাম খাবেন ?
বাদাম চানাই দে ?

খ - তা মন্দ নয়। একটু খাওয়া যাক।
আব চামানি কক-ন। কিসা চালাইয়ানু।

ক - ঐতো রেফারী আর লাইন্সমেনরা এসে গেছেন।

ইক্লা রেফারী বাই লাইন্সমেনরগ ফাই সকপাইখা।

খ - পুলিশ টীমের খেলোয়াড়গণও এসেছেন মনে হয়।

পুলিশ টীমনি থাংনাইরগ ব' ফাই সকপাইখীনা।

ক - হ্যাঁ ঐতো মাঠের বাইরে ওয়ার্মআপ করছে।

আও ইক্লা মাঠনি ফাতার' ওয়ার্মআপ খাইতংগু।

খ - কিন্তু বীরেন্দ্র ক্লাব তো এখনো আসেনি ?

ফিয়াবা বীরেন্দ্র ক্লাব লে তাবুক'ব সকপাইয়াখ।

ক - তাদের ক্লাব তো খুব কাছেই। এসে পড়বেখন।

বরকনি ক্লাব তো সাম্পা সে। ফাইসকপাইনাই।

খ - হ্যাঁ হ্যাঁ ঐ ঐতো বীরেন্দ্র ক্লাবও এসেছে ।

আও আ ও ইকলে বীরেন্দ্র ক্লাববো সকপাইখা।

ক - রেফারী লাইন্সমেন মাঠে ঢুকেছেন ।

রেফারী বাই লাইন্সমেনরগ মাঠ' হাবখা।

খ - পুলিশ দলও মাঠে নেমেছে। মাঠের দক্ষিণ প্রান্তে প্র্যাক্‌টিস করছে।

পুলিশ দল বো মাঠ' হাবখা। মাঠনি দক্ষিণ গালা' প্র্যাকটিস খাইতংগ।

ক - বীরেন্দ্র ক্লাবও এখনই মাঠে যাবে।

বীরেন্দ্র ক্লাব বো তাবুক ন' মাঠ' থাংনাই।

খ - হ্যাঁ ঐতো বীরেন্দ্র ক্লাবও মাঠে নামছে।

আও ইকলে। বীরেন্দ্র ক্লাববো মাঠ' হাবখা।

ক - বীরেন্দ্র ক্লাবের খেলোয়ারগণ মাঠের উত্তরদিকে প্র্যাকটিস করছে।

বীরেন্দ্র ক্লাবনি খেলোয়াররগ মাঠনি উত্তরগালা প্র্যাকটিস খাইতংগ।

খ - ঐ তো রেফারী খেলা আরম্ভের বাঁশী বাজালেন।

ইকলে রেফারী খেলা চেংনানী বাঁশী তাম খা।

ক - হ্যাঁ ঠিক সময়েই খেলা আরম্ভ হচ্ছে।

আও ঠিক সময়ন' খেলা চেংখা।

খ - নিন একটু বাদাম খাবেন।

হিনদি বাদাম কিচা চাদি।

ক - ধন্যবাদ।

ধন্যবাদ।

# অডিটরিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠানের কথোপকথন

ক - আরে, অবিনাশ বাবু যে, নমস্কার।
অঃ অবিনাশবাবু দে, খুলুম কা।

খ - নমস্কার।
খুলুম কা।

ক - তা আপনিও এসেছেন। একলা না সংগে কেউ আছেন ?
হিনকাই নীংব ফাইকা। সাইচুং দে না লগি বরকদে তং ?

খ - না একা নই। সঙ্গে আমার মিসেস এসেছেন।
ইঁহি সাইচুংয়া। লগি আনি হিগ ব'ফাইকা।

ক - অনেকদিন পর আপনার সাথে দেখা হল।
অনেকদিন ওল নীংবাই মালাইখা।

খ - হ্যাঁ তাই। মাঝে কিছুদিন বাইরে ছিলাম।
আও। আং ওরামছা অর কীরাঁই দীলা।

ক - তা খবরটবর বলুন। কেমন চলছে ?
হিনকাই খবর বাতি সাদি। বাহাই তং চা ?

খ - এই তো কোনরকম চলে যাচ্ছে। আপনি কেমন আছেন ?
আও তাই তাম' কোনরকম চলিদ্রপতা। নীংলে বাহাই তং ?

ক - হ্যাঁ মোটামুটি ভালোই বলা যায়।
আও তাবুক সাকতো কাহাম কীরীংনো।

খ - এই যে, আমার মিসেস এসেছেন। পরিচয় করিয়ে দিই।
ইনি আমার বন্ধু মিঃ দেববর্মা।
ইকলে আনি মিসেস ফাইকা। পরিচয় খাই রিওয়ানু। ইব আনি য়্যার মিঃ দেববর্মা।

ক - নমস্কার। খুলুমকা।
- নমস্কার। খুলুমকা।
- আপনার কথা ওঁর কাছে অনেক শুনেছি।
নিনি কক বিনি থানি কীবাংমা খীনাখা।

- অনুষ্ঠান তো ৬ টায় আরম্ভ হচ্ছে তাই না?
অনুষ্ঠান ছয়টাঅ চেংনানি কক যাদে ?

গ - হ্যাঁ। তাইতো। এখন তো পৌনে ছয়টা বাজল।
আও আহাইন। তাবুক তো পৌনে ছয়টা তামখা।

খ - আজকের অনুষ্ঠানে স্থানীয় নামী শিল্পীগণ ছাড়াও বাইরের কয়েকজন খ্যাতনামা শিল্পী আসছেন।
তিনি অরঅনি মুংগীনাং শিল্পীরগ নো কারইবো ফাতারনি খরকছা খরকনৗই মুং গীনাং শিল্পীরগবো ফাইনাই।

গ - তাইতো এত ভিড়।
আবনি বাগীই'ন আসীক বরক কুথুমখা।

ক - ভাল অনুষ্ঠান হলে দর্শকের অভাব হয় না।
অনুষ্ঠান কাহাম হিনকাই নাইনাইরগনি বিয়াল অংয়া।

খ - হ্যাঁ আমি তো দুটো টিকিট কোনরকমে পেয়েছি।
আও আংবা টিকিট কাংনৗই কোনরকম সে মানছিঅ।

খ - মন্ত্রী অফিসারা ও অনেকে এসেছেন।
মন্ত্রী তাই অফিসাররগ ব কৗবাংমা ফাইকা।

ক - অনুষ্ঠান কে উদ্বোধন করছেন ?
অনুষ্ঠান সাব চেংগীই রিনাই ?

খ - শুনেছি তথ্য ও সাংস্কৃতিক দপ্তরের মন্ত্রী।
খৗনামানি খাইবা - তথ্য তাই সাংস্কৃতিক মন্ত্রী সে চেংনানি কক।

ক - ও হ্যাঁ। উনাকে দেখেছি।
অ - আহাইন। ব-ন'নুকখা।

খ - চলুন ভেতরে বসা যাক।
হিমদি বিসিং' আচুগানু।

ক - হ্যাঁ - এখুনি অনুষ্ঠান আরম্ভ হবে।
আও-তাবুকনো অনুষ্ঠান চেংনাই।

# বাড়ী ভাড়া দেওয়ার ব্যাপারে কথোপকথন

ক - বাড়ীতে কেউ আছেন কি ?
নগ' কে ব'দা তং ?

খ - কে-কাকে চাইছেন ?
সাব' সাব'ন নায় ?

ক - আজ্ঞে আমি জগদীশ বাবুর সাথে দেখা করতে চেয়েছিলাম।
আজ্ঞা আং জগদীশ বাবু বাই কিচা মালাইনানী ফাইমানী।

খ - তা আমিই জগদীশ ভট্টাচার্য। কিন্তু আপনাকে তো ঠিক চিনতে পারলুম না।
আও আংন জগদীশ ভট্টাচার্য। ফিয়া বা ননত' আং ছিনিই সে মানসীকয়া।

ক - আমার নাম কার্তিক দেববর্মা। দেবেশ বাবু আমাকে আপনার কথা বলেছেন।
আনি বুমুং কার্তিক দেববর্মা। দেবেশ বাবু আন' নীংবাই মালাইদি হিনই সাখা।

খ - ও বুঝেছি। ঘর ভাড়ার ব্যাপারে এসেছেন ?
ও বুঝিখা। নগ ভাড়ানি বাগীই ফাইকীনা ?

ক - হ্যাঁ। দেবেশবাবুই আমাকে বললেন। আপনার খালি ঘর ভাড়া দেবার জন্য রয়েছে।
আও দেবেশ বাবুন' আন সা-মানি। নিনি নক বুকচা ভাড়ারিজাগনাই তংগ হিনই।

খ - চলুন - ঘরে বসুন।
হিমদি, নকসিং আচুকদি।

ক - হ্যাঁ চলুন। বেশীক্ষণ বসতে পারবো না।
আও হিমদি। বিশি আচুক মানগ্লাক।

খ - আপনি কার জন্যে ঘর ভাড়া খুঁজছেন ?
নীং সাবনি বাগীই নক ভাড়া রুতুক ?

ক - আমার নিজের জন্যেই। এখানে বদলী হয়ে এলাম কিনা।
আনি বাইথাংনি বাগীইন'। অর' বদলী ওং ফাইকা দীলা।

খ - ও তাই নাকি ? তা আপনি কি একা না পরিবার রয়েছে ?

ওঃ আহাইদে ? হিনকাই নীং বা সাইচুংদে না হিগসালগি দে তং?

ক - হ্যাঁ আমরা স্বামী স্ত্রী আর দুটো ছেলেমেয়ে থাকব।
আও, চীং হিগ সাই তাই বীসা খরগনীই তংগানু।

খ - আমার একটি খালি ঘর আছে। রান্নাঘর আর জল পায়খানা ইত্যাদি ও সব আলাদা ব্যবস্থা আছে।
আনি নক খুংসা বুকচা তংগ। লগি গানতিনগর তীই তাই পায়খানা ব আলীকা ন।

ক - তা হলে তো খুবই ভালো হয়।
হিনকাই তো খুব কাহাম ন'।

খ - আপনার পছন্দ হলে আমার কোন আপত্তি নেই।
নিনি খা ফুরখাই আনি কোন আপত্তি কীবীই।

ক - না শুধু পছন্দই নয়। এরকম সুবিধে কি সবখানে পাওয়া যায় !
ইঁহি খা ফুরমা ছিমিয়া। ইমতীই সুবিধা যত্ত মানথকয়া !

খ - তা হলে আপনি চলে আসুন। আজ তো মাসের ২৭ তারিখ তাই না?
হিনকাই নীং তং ফাই মানু। তিনি তো তালনি ২৭ তারিখ ব্লা না?

ক - হ্যাঁ। তবে আমি আগামী মাসের ১লা তারিখে চলে আসবো।
আও। হিনকাই আং ফাইনাই তালনি পুইলা তারিখ' ফাইসিনাই।

খ - ভাড়ার ব্যাপার ও বলে দিচ্ছি। আগের ভাড়াটে ২০০ টাকা দিতেন - আপনিও তাই দিন।
ভাড়ানি ককবো সাইরিওয়ানু। আগিনি ভাড়াটিয়া তাল ২০০ রিঅ। নীং বো আসীকনো রিদি।

ক - আচ্ছা ঠিক আছে। আমি উঠছি। নমস্কার।
আও। ঠিকনো। আং বাচাছিনাই। খুলুমকা।

খ - নমস্কার।
খুলুমকা।

# স্কুলে ছাত্র ভর্তি সমস্যা নিয়ে অভিভাবকের কথোপকথন

ক - এই যে পরেশবাবু - কোথায় যাচ্ছেন ?
অ পরেশবাবু বর থাংনাই ?

খ - আর বলবেন না মাখনবাবু । স্কুলে যাচ্ছি।
তা সাচিদি মাখনবাবু। স্কুল থাংনাই।

ক - কেন কি ব্যাপার ? ছাত্র ভর্তি নাকি ?
তাম খাইনানী ? ছাত্র ভর্তি খাইনানি দে ?

খ - হ্যাঁ আমার মেয়ে এবারে ক্লাশ ফাইভে উঠেছে। তাকে ভর্তি করার জন্য চেষ্টা করছি।
আও আনি বীরীইমা তাকীলাই ক্লাশ ফাইভ কাসাখা। ব ন' ভর্তি খাইনানি চেষ্টা খাইতংগু।

ক - কোন স্কুলে ভর্তি করতে চান ?
ব স্কুল ভর্তি খাইনানী নাই ?

খ - নেতাজী স্কুলে চেষ্টা করছি। নাহলে তুলসীবতী বা বানী বিদ্যাপীঠ দেখতে হবে। নেতাজী স্কুল' চেষ্টা খাই তংগ। ওংয়াখাই তুলসীবতী বা বানীবিদ্যাপীঠ স্কুল নায় নাই।

ক - আপনার মেয়েতো পড়াশুনায় ভালো।
নিনি নীসাজীক তো পড়ালেখা কাহাম।

খ - হ্যাঁ মেয়েটার মাথা পরিষ্কার। বার্ষিক পরীক্ষায় ফাস্ট হয়েছে।
আও বীরীইমানি বখরগতো কাহামনো। বার্ষিক পরীক্ষাঅ ফাস্ট অংখা।

ক - তাহলে চিন্তার কোন কারণ নেই।
হিনকাই ওয়ানানানি কোন্তাম কীরীই।

খ - কি জানি ভর্তি পরীক্ষায় কেমন করবে।
সাব' সাইমান ভর্তি পরীক্ষা বা বাহাই খাইনো।

ক - চিন্তা করবেন না। আপনার মেয়ে পাশ করবেই।
তা ওয়ানাদি। নীসাজীক পাশ খাইসে খাইনাই।

খ - হ্যাঁ আপনাদের সকলের শুভেচ্ছা।
আও নরকনি রুওয়াইতা।

# মশার উপদ্রব বিষয়ে কথোপকথন

ক - ওঃ আর পারছি না। মশার জ্বালায় একটু বিশ্রাম করারও সুবিধা নেই।

ওঃ তাই সইলিযা। থামপুই নি বাগীই সীরাপছফান লেলাই মানয়া।

খ - মশার উপদ্রব দিন দিন বাড়ছেই।

থামপুইনি জ্বালা দিন দিন বাসে বারি রীরীগ।

ক - আজকাল ম্যালেরিয়া ডিপার্টমেন্ট থেকেও ডি ডি টি ছড়ানো হচ্ছে না।

আজকাল ম্যালেরিয়া ডিপার্টমেন্ট ব ডি ডি টি সারয়া।

খ - ডি ডি টি স্প্রে করলেও কমছে কোথায়।

ডি ডি টি সার ফান বর' কমি।

ক - হ্যাঁ মশাদের রেসিস্‌স্টেন্স বেড়েছে।

আও থামপুইরগনি ব' রেসিস্‌স্টেন্স বারিখানা ।

খ - অবশ্য নালা নর্দমা অপরিস্কার থাকাটাই মশার উপদ্রবের অন্যতম কারণ।

অবশ্য তীইসানালারগ' জারি জাগয়া বাইনো থামপুই আকারমানি ক্লাইঅ।

ক - মশার জ্বালায় ছোট ছোট বাচ্চারা পড়াশুনা করতেও পারছে না।

থামপুইনি বাগীই চেরাই চিকন চিকন রগ পড়িই সিদিছে মানয়া।

খ - শুধু কি ছোটরা ? ছোট বড় কারোও শান্তি নেই।

চেরাইরগ সিমি দে ? চেরাই অক্রা কেব'নি শান্তি কীরীই।

ক - আজকাল পাড়া গাঁয়ের চাইতে শহরাঞ্চলেই মশা বেশী।

আজকাল কামি মুলুগনি সীলাই টাউন বন্দরঅ নো থামপুই বিশি।

খ - হ্যাঁ। ঘন বসতি। বদ্ধ জলাশয়, অপরিস্কার নর্দমা ইত্যাদিই তো মশা বাড়ার কারণ।

আও। নক কুবুং। তাই থেজাক তীয় তাই নর্দমা কুফুংরগ নো থামপুই বাংমানি কারণ।

# সরকারী ন্যায্য মূল্যের দোকানে কথোপকথন

ক - আপনি ও কি রেশন তুলতে এসেছেন?
নীং বীদা রেশন তীলাং নানি ফাই ?

খ - হ্যাঁ এ মাসের রেশন তোলা হয়নি। তাই এসেছি।
আও ইঁ তাল নি রেশন তীলাং জাকয়্যাখো। আববাইন ফাইমানী।

ক - আমার ও তাই।
আনি ব'আহাইন।

খ - এবারে চালের কোয়ালিটি কেমন ?
তাবুক নি মাইরুং নি পদ বাহাই ?

ক - মোটামুটি ভালই। দু'রকমের চাল রয়েছে।
কমবিশি কাহামন'। মাইরুং দাল নীই তংগ।

খ - গতমাসের চালের মান খুব নীচু ছিল।
থানাই তালনি মাইরুং লে জব্বই হাময়া।

ক - মাঝে মাঝে খারাপ চাল আসছে। আবার কোন কোন সময় খুব ভালোও পাওয়া যাচ্ছে।
ওরাম ওরাম খায় মাইরুং হাময়া সকপাইঅ। ওয়াইসা ওয়সু খাইবা বেলাই কাহামন মাজাগ।

খ - চিনি, ডাল, লবন ইত্যাদি কি স্টকে আছে ?
চিনি, ডাল, সম রগ বীদে তং ?

ক - দোকানদার তো বলছে - সবই আছে।
দোকানদারিয়া তো বেবাক নো তংগ হিনই সাল্লা।

খ - আপনার রেশন কার্ড কোথায় ? জমা দিন।
নিনি রেশন কার্ড বর ? জমা রিদি।

ক - হ্যাঁ এই তো রেশন কার্ড, জমা দিচ্ছি।
আও ইকলে রেশন কার্ড, জমা রিওয়ানু।

খ - সকালবেলা তাই একটু ভীড় বেশী নেই।
ফুংনি জরা ওংগুই বরক কুথুমানি কম।

ক - সন্ধ্যার দিকে প্রচন্ড ভীড় হয়।
সারিগ সানজাঅ জব্বই বরক কীলাইঅ।

খ - এই যে, আপনাকে ডাকছে।
ইক নন' নিহিন।

ক - হ্যাঁ, যাচ্ছি।
আও থাংগানু।

# হরতাল বিষয়ে কথোপকথন

ক - আগামীকাল কি বন্ধ হবে ?

খীনা বা বন্ধ দে ওংন'?

খ - কি জানি। আমি তো কিচ্ছু জানিনা। কারা আবার বন্ধ ডেকেছে।

ছিয়াদো। আংতো কোসতাম সাইমানয়া। সাবরগ' লে বন্ধ রিংখাবা।

ক - একটি ছাত্র সংগঠন আগামীকাল সারা ত্রিপুরা বন্ধ ডেকেছে।

ছাত্ররগনি বদল কাইছা খীনা সাবা ত্রিপুরা বন্ধ ডাককখা।

খ - আর বলবেন না। এখন কথায় কথায় বন্ধ।

তা সাচিদি। তাবুক কক থাইছা থুইসু হিনকাইন' বন্ধ।

ক - আবার বন্ধ ডাকা মানেই বাজারহাট, যানবাহন, দোকানপাট, একেবারে অচল।

তাই বন্ধ ডাককখা হিনকাইন' বাজার হাতি, গাড়ি তাই দোকানরগ বেবাক সে অচল।

খ - অনেক সময় বন্ধকে সমর্থন না করলেও হাঙ্গামার ভয়ে কেউ দোকানপাট খুলতে সাহস করে না।

অনেক সময়ন' বন্ধ নো গাসিয়ানসে হাংগামা ন' কিরিঅই কেব' দোকান ফিয়গয়া।

ক - এই যে বন্ধ পালন করে আসলে কি লাভ হচ্ছে। রাজনৈতিক দলগুলো কোন চিন্তা করছে না।

ই বন্ধ রগ ডাককগই আসল তীমা লাভ ওং রাজনৈতিক বদলরগ' আবন' ওয়ানসুক নাইয়া।

খ - হ্যাঁ একটা বন্ধ ডাকা বা হওয়া মানেই দিনমজুর, শ্রমিকদের রুজি রোজগার বন্ধ তার মানে তাদেরকে উপবাসে ঠেলে দেওয়া।

আও বন্ধ কাইছা রিংখাই বা ওংখাই সাল বুম বুম য্যাসামুং খাই চানাইরগনি আজিলাম বন্ধ অই বরকন' অকবুকচা ওংনানি লামাসে ডাগার জাগ।

ক - শুধু কি তাই। কলকারখানা যানবাহন বন্ধ মানেই জাতীয় উৎপাদনের ও ক্ষতি। আব সিমি দে। কলকারখানা-গাড়ী ঘোড়া বন্ধ ওংখাই জাতিনি উৎপাদন ন ক্ষতি।

# আগুন লাগা নিয়ে কথোপকথন

ক - আজ ভোর রাতে কোথায় জানি আগুন লেগেছে।
তিনি ফুং আইচুগ বরব হর নাংখা।

খ - হ্যাঁ বেশ কাঠ বাঁশ ফাটার শব্দ আর আগুনের গাড়ী যাবার শব্দ পেলাম।
আও। ওয়াবল পেখাক মানি তাই হরনি গাড়ী থাংমানি আওয়াজ খীনাখা।

ক - যেভাবে গরম বাড়ছে। এখন আগুনের দুর্ঘটনা বাড়বেই।
সাতুং তুংমানি বারিবীরীগ হর নাংমানি রগ বুংরীরীগ সে ওং নাই।

খ - প্রায় জায়গাতেই - পুকুরগুলো শুকিয়ে যাচ্ছে। আগুন লাগলে আর রক্ষে নেই।
প্রায় জাগাঅনো পুখিরিরগ রানসাই থাংখা। হর নাংখাই তাই গতি কীরীই।

ক - জনসাধারণের অসাবধানতাই আগুন লাগার প্রধান কারণ।
লোকোরগনি নাইরুংয়া বাইন' হর বিশি নাংকুগ'।

খ - তা ত ঠিকই। আবার অনেক সময় ইলেকট্রিট সর্ট সার্কিটের জন্যেও আগুন লাগে।
আব ত ঠিকন। ওয়াইসা ওইসু ইলেকট্রিক সর্টসার্কিট ওংগীই ব হর নাং'গ।

ক - কোন কোন সময় দুষ্কৃতিকারীরাও আগুন লাগায়।
ওয়াইসা ওইসু বরকছিত্রারগ বো হর সুনুঅ।

খ - একসময়ে বেছে বেছে স্কুলঘরগুলো পোড়ানো হয়েছে।
ওরামসা সাই সাইঅই স্কুল নগ রগ সকচা জাকখা।

ক - আগুনের দুর্ঘটনায় বেশী ক্ষতি হয় গরীব মানুষের।
হর খামখাই জন্তুনি সীলাই বিশি ক্ষতি অংশ বিগ্রারগনি।

খ - হ্যাঁ বড় বড় ব্যবসায়ী দোকানদাররা তো তাদের সম্পত্তি ফায়ার ইন্সুরেন্স করে রাখেন।
আও বেপারী কতর কতর বংনি সম্পত্তি ফায়ার ইন্সুরেন্স খ্লাই তনিঅ।

ক - হ্যাঁ তাই। দোকানপাট পুড়ে গেলেও তাদের ক্ষতি পুষিয়ে যায়। ইন্সুরেন্স থেকে ক্ষতি পূরণের অর্থ পায়।

আও আহাইন'। দোকান রগ খাম থাংফানো বরকনি ক্ষতি পুছগো। ইন্সিওরেন্স নি ক্ষতিপুরন নি বাং মানো।

খ - গরীবদের তা থাকে না।

বিগ্রা রগনি আব কৌরাই।

ক - এক্ষেত্রে সরকারী তরফ থেকে যা সাহায্য দেয় তাই এদের ভরসা।

বরকনো সরকার চুমুং কিসামিসা চুবাচু রিখাই আবন ভরসা।

খ - সাধারণত: ঘনবসতি অঞ্চল বিশেষত বস্তি অঞ্চলেই আগুনের দুর্ঘটনা বেশী দেখা যায়।

নক কুবুং বিশেষ খ্লাই বস্তি এরিয়ারগনো হর বিশি নাংকুগু।

ক - এমনিতে জ্বলন্ত বিড়ি সিগারেটের শেষ টুকরো যেখানে যেখানে ফেলাতেও আগুন লেগে থাকে।

আহাইন বিড়ি সিগারেট নি হর গৌনাং বকচ' অর ইর' যাই কৌরাই খিতার মানি বাই বো হর নাংমানু।

খ - রান্নাঘরে উনুনের আগুন আর ছোট ছোট বাচ্চা ছেলেমেয়েদের আগুন নিয়ে নাড়াচাড়া করতে দেওয়া অনেক সময় দুর্ঘটনার কারণ।

তাই গানতি নগনি থাপানি হর আহাইয়া হিনকাই চিকন চিকন তেরাইরগনো হর বাই থৌংরিমানি বো দুর্ঘটনা ওং মানো।

ক - এ ব্যাপারে আমাদের সকলের সতর্ক, সাবধান হওয়া দরকার।

আবনি বাগৌই চীং যত্তন নাইচমই, সাবধান ওংনানি সামুং।

খ - নিজেরা সতর্ক থাকলে আগুনের অনেক দুর্ঘটনা এড়ানো যায়।

চীং সাবধান তং খাই হরনি দুর্ঘটনা রগনো য়গুই মানো।

# মাছ বাজারে কথোপকথন

ক - আজ মাছের আমদানী ভালো।
তিনি আ কাহাম ন নংখরখা।

খ - তা আমদানী ভালো হলে কি হবে দাম তো কমছে না।
আমদানী কীবাং হিনই তাম ওংনাই দাম তো কমিয়া।

ক - ও দাম আর কমবে না। একবার উঠেছে ব্যস হয়ে গেল।
অ দাম দে তাই কমিসি। ওয়াইসা কাছাখাই ন পাইখা।

খ - চাহিদার তুলনায় তবুও আমদানী কম।
যে নাংমানি সীলাই তবসে আমদানী কম।

ক - বাইরে থেকে মাছ না এলে স্থানীয় খাল বিল পুকুরের মাছে বাজারের চাহিদা পূরণ হয় না।
ফাতার নি আ সকপাইয়া হিনকাই অবনি নালা খাল বিল পুখিরিনি আ বাই হাতি নি চাহিদা কুলগয়া।

খ - কো-অপারেটিভ সংস্থা তাদের স্টলে মাছ বিক্রি করছে।
কো-অপারেটিভ বদল বংনি স্টল' আ ফাল।

ক- সেই মাছ আর কিনতে হবে না। কি লম্বা লাইন দেখেছো ?
অ আ পাইনানী নাংগ্লাক। লাইন বীসীক লকখা-নুদেনুকখা ?

খ - হ্যাঁ, তাছাড়া মাছ অনেক সময় টাটকা থাকেনা।
আও, আব ছাড়াবো আ প্রায় সময় নো কাহাম কীরীই।

ক - মাছের দামের সাথে সাথে মাংস ডিমের দামও বেড়েছে।
আ-নি দাম নি লগি লগি তকতীই তাই মুইহাননি দাম বো মরক খা।

খ - সরকারী খামারের ডিম ও মাংস মাঝে মাঝে বাজারে উঠছে।
সরকারী খামারনি তকতীই তাই মুইহান ওরাম ওরাম ব হাতি অ নংখর।

ক - আমি তো শুধু খবরের কাগজে আর রেডিওর খবরেই শুনি। একদিনও পাইনি।
আং তো পত্রিকা সিমিসে নুগ' তাই রেডিওনি খবর' খীনাঅ। ওয়াইসাফান' সে মানইয়া।

# ত্রিপুরার বনজ সম্পদ বিষয়ে কথোপকথন

ক - ত্রিপুরার প্রাকৃতিক বনজ সম্পদ ধীরে ধীরে কমছে।
ত্রিপুরানি কাইথরবাই চংজাক বুফাংওয়াফাং তৗরীক তৗরীক পাইখা।

খ - হ্যাঁ রাজ্যের জনসংখ্যা বৃদ্ধির সাথে বনজ সম্পদ কমার একটা সম্পর্ক আছে।
আও রাজ্যানি বরক বাংমানি বাই বুফাংওয়াফাং কমিমানি হালক তংগু।

ক - অবশ্য অন্যান্য রাজ্যের তুলনায় ত্রিপুরার বনজ সম্পদ এখনও উল্লেখযোগ্য।
ইম ব ঠিক ন'। কোবোনি রাজ্যরগনি সৗলাই ত্রিপুরানি বুফাংওয়াফাং তাবুক বো কম য্যাখো।

খ - প্রাকৃতিক সম্পদ ছাড়া ত্রিপুরার নতুন নতুন বনারন্যের পরিকল্পনাও বাস্তবায়িত হচ্ছে।
কাইথর নি সম্পত্তি নো কারীইবো ত্রিপুরাঅ বুফাংওয়াফাং উজিবিনানি কৗতাল কৗতাল পরিকল্পনা সামুং তাংজাগ তংগ।

ক - ত্রিপুরার শাল, সেগুন, গামাই আর রাবার গাছ বিখ্যাত।
ত্রিপুরানি শাল, সেগুন, গামাই, তাই রবার বুফাং মুং গৗনাং।

খ - ত্রিপুরার রাবারের মান না কি খুব উৎকৃষ্ট
ত্রিপুরানি রবাররনি জাত জব্বই কাহাম সিফুন'।

ক - বন বাদাড় ছাড়াও ত্রিপুরার বুনো পশুপাখী বেশ উল্লেখযোগ্য।
বলং মুখরা ন কারই ব ত্রিপুরানি বলংনি মানৗয় রগ ব কময়া।

খ - বুনোহাতী বা হাতীর দল ত্রিপুরায় প্রায় অঞ্চলেই দেখা যেত।
বলংনি মায়ুং কৗথৗং বদল ত্রিপুরানি কৗবাংমা মুলুগ'ন আগি নুকজাগো।

ক - হরিন, বাঘ, ধনেশ, পাখী, ইত্যাদিও কমে আসছে।
মৗসৗই, মৗসা, তায়ুং রগ কমি রৗরৗগখা।

খ - প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের জন্য গণসচেতনতা আবশ্যক।
কাইথরনি ই সম্পত্তিরগনো রিই নারৗগনানি বাগৗই লোকো খাতুংনানি সামুং।

# যানবাহন সমস্যা বিষয়ে কথোপকথন

ক - বাসে প্রচন্ড ভীড়। উঠা প্রায় অসম্ভব।

বাস' জব্বই বরক কীবাং। কাসাই সে মান গ্লাক।

খ - কোথায় আর ফাঁকা বাস পাওয়া যাবে?

বর' বরক কেসেং কানাক বাস মান নাই?

ক - তা অবশ্য ঠিকই। আজকাল সব রুটের বাসেই প্রচন্ড ভীড়।

আও আবলে সই ন। আজকাল' যত্ত লামানি বাসন' জব্বই বরক বাংগো।

খ - যাত্রীর তুলনায় বাসের সংখ্যা এখনও কম।

যাত্রী রগন সুঅই তাবুক বো বাস আসীক বাংয়াখো।

ক - শুধু টাউনবাসেই নয় - দূরপাল্লার বাসেও প্রচন্ড ভীড়।

টাউন বাস' ছিমিয়া। হাকচাল লাইসুনাই বাসরগ'র আসীক ন' বরক কুবুং।

খ - ত্রিপুরার উত্তরাঞ্চলের তুলনায় দক্ষিণাঞ্চলে অধিক বাস চলাচল করে।

ত্রিপুরানি উত্তর মুলুগনি সীলাই দক্ষিণ মুলুগো বিশি বাসরগ থাংলাইসু কুগো।

ক - হ্যাঁ সেই দক্ষিণাঞ্চলে ভীড়ও আর একটু কম ।

আও আবনি বাগীই ন দক্ষিণ মুলুগ' বাসরগ বরক তাইছা সেংগ।

খ - আজকাল যাত্রীবাহী বাসগুলোর ছাদেও মানুষ চড়তে বাধ্য হচ্ছে।

আজকাল বা' বাসনি নুখুং সাকাসিদিসে বরক মা বাইছিঅ।

ক - বাসের ভাড়াও তো দিন দিন বাড়ছে।

বাসনি ভাড়া বো সাল প্রতি সাল বাংরীরীগো।

খ - যানবাহন সমস্যা শুধু ত্রিপুরায় নয় অন্যান্য বেশ কয়েকটি রাজ্যেও প্রকট।

গাড়ী ঘোড়ানি সমস্যা ত্রিপুরা সিমিয়া কোবোনি রাজ্যরগ'বো চিনি হাইন।

# মুদীর দোকানে কথোপকথন

ক - ভালো চাল আছে কি ?
মাইরুং কাহাম তদে তং ?

খ - হ্যাঁ বাবু আছে। কত চাই ?
আও বাবু তংগ। বাঁসীক তাঁলাং নাই ।

ক - দেখি একটু নমুনা দেখান তো ?
বিহরলা - কিসা সেম্পল ফুনুকলা ?

খ - নিন বাবু দেখুন - আমন নাজ্জিরশাইল চাল কোন ভাঙ্গা নেই,
কুড়ো নেই আর ধান বা পাথরের কুচি নেই।
হিনদি বাবু নাইদি। আমন নাজিরশাইল মাইরুং রুংখু কাঁরীই -
গুন্দাক কাঁরীই মাইচাঁলাম বা হলংসিকিবো কাঁরীই।

ক - হ্যাঁ তা চাল তো মোটামুটি ভালই।
আও মাইরুং তো কমবেশ কাহামন।

খ - খাসা মধুমালতী চালও রয়েছে। নিন দেখুন।
খাসা মধুমালতী বো তংগ। ইক নাইদি।

ক - মধুমালতী চাল। কই দেখি ঘ্রাণ তেমন বেশী নেই।
মধুমালতী মাইরুং। হলা নাইনা। বিশি মতম থায়া।

খ - পুরোনো মধুমালতী চাল। আর বেশী স্টকে নেই।
মধুমালতী মাইরুং কাঁচাম - তাই বিশি স্টল কাঁরীইখা।

ক - হ্যাঁ বুঝেছি। তা দর দাম কি রকম পরবে ?
আও বুঝিখা। হিনকাই দরদাম বাঁসীক রক ?

খ - নিন না বাবু। সব সময়ই তো নিচ্ছেন। দাম বেশী হবে না।
তাঁলাংনাবা বাবু। হমানীই নো তাঁলাং তংল্পা। দাম বিশি ওংগ্লাক।

ক - তবু বলুন না। দেখি কত বেড়েছে না কমেছে বুঝা যাবে।
তব সা না বা। বাঁসীক বারিখা কমিখা বুঝিআনু।

খ - আপনি আগের দরেই দিন। কিলোতে সাড়ে তিন টাকা।
নীং আগিনি দর ন বিদি। কিলোঅ খকতাম মা সা।

ক - আমার জন্যে ১৫ কেজি মাপবেন।
আনি বাগীই কেজি চিবা সুদি।

# দুইজন বিমান যাত্রীর কথোপকথন

ক - এই যে, দাদা আপনার ঘড়িতে কটা বাজল?
অ দাদা নিনি ঘড়িঅ বাঁসীক তামখা ?

খ - আজ্ঞে ৭টা বেজে ১২ মিনিট।
আজ্ঞে ৭টা তামই তাই ১২ মিনিট ওংখা।

ক - আপনি ও কি এই ফ্লাইটে যাচ্ছেন ?
নীং বাঁদে ই ফ্লাইট' থাংনাই ?

খ - হ্যাঁ এই ফ্লাইটেই যাব।
আও ই ফ্লাইটন' থাংনাই।

ক - আপনার কি রিপোর্টিং হয়ে গেছে ?
নিনি রিপোর্টিংদে ওংখা ?

খ - হ্যাঁ আমার টিকিট এনর্ডোস হয়েছে। লাগেজগুলোও বুক করেছি।
আও আনি টিকিট এনর্ডোস ওংখা। তাই মাল রগবো বুক খাইজাকখা।

ক - কোথায়-টিকিট এনর্ডোস করা হয় ?
বরঅ টিকিট এনর্ডোস খাই ?

খ - ঐ যে কয়েকজন লোক লাইনে দাঁড়িয়ে আছেন। সেই কাউন্টারে যান।
ইক' বরক খরকথাম খরকবুই লাইন' বাচাজাগ। আরঅ থাংদি।

ক - ও আচ্ছা ধন্যবাদ।
ওঃ বুঝিখা হামবাই ।

খ - আজ ফ্লাইট লেট হচ্ছে।
তিনি ফ্লাইট লেট ওংখা।

ক - হ্যাঁ এরাইভ্যাল টাইম তো পেরিয়ে গেছে।
আও এরাইভ্যাল টাইম বা পার সে ওংখা।

খ - এয়ারপোর্টের অফিসাররা ঘোষণা করেছেন। বিমান নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পরে নামবে।
এয়ারপোর্টনি অফিসাররগ সাক্লাইখা প্লেন ঠিক সময়নি আধা-ঘন্টা ওল বিখাঁলাইনাই।

ক - হ্যাঁ ঐতো ফ্ল্যাগ তুলে দিয়েছে। এখুনি হয়তো বিমান নামবে।
ইকলে বানা তিছাই রিখা। তাবুক নো প্লেন বিখীলাইমানো।

খ - হ্যাঁ হ্যাঁ ঐ তো দক্ষিণ আকাশে বিমান দেখা যাচ্ছে।
আও কুবুইন ব্লে। ইকঅ দক্ষিণ গালানি নখাঅ প্লেন নুহুরখা।

ক - হ্যাঁ বিমানটি নামছে।
আও প্লেন বিখীলাইতংগো।

খ - সিকিউরিটি এনক্লোজারে যাবার জন্যে মাইকে ঘোষণা করেছে।
সিকিউরিটি এনক্লোজার' থানানি বাগীই মাইকঅ সাক্লাইখা।

ক - চলুন-তাহলে যাই।
হিমদি খাই থাংগানু।

খ - চলুন।
হিমদি।

ক - আপনার সিট নাম্বার কত ?
নিনি সিট নম্বর বীসীক ?

খ - আমার সিট নাম্বার ডি-৬ ।
আনি সিট নম্বর ডি-৬ ।

ক - আপনার সিট জানালার ধারে পড়েছে।
নিনি সিট জানালা গানা অ কীলাইখা।

খ - তা ভালোই হয়েছে। বাইরের দৃশ্য দেখা যাবে।
আও কাহামন' ওংখা। ফাতারনি সিন সিনারী নাই মানানু।

ক - ঐযে আপনার সিট বসুন।
ওব' নিনি সিট আচুকদি।

খ - হ্যাঁ বসছি। বেল্ট বাঁধতে হবে তাই না ?
আও আচুগানু। বেল্ট মা থেপানাই না ?

ক - হ্যাঁ তাই নিয়ম।
আও আবনো নিয়ম।

খ - আপনি কি কলকাতাতেই যাচ্ছেন ?
নীং কলিকাতা দে থাং ?

ক - না আমি কলকাতা হয়ে দিল্লী যাব।
ইহি আং কলিকাতা কাঅই দিল্লী থাংনাই।

# ব্যাঙ্কের সুযোগ সুবিধা বিষয়ে কথোপকথন

ক - এই যে, মাস্টারবাবু কোথায় যাবেন ?
অ-মাস্টাববাবু, বিয়াং থাংনাই ?

খ - এই তো কাছেই-ব্যাঙ্কে যাচ্ছি।
ইকঅ গান্দাঅনো -ব্যাঙ্কঅ থাংনাই।

ক - তাহলে ভালোই হল - আমিও ব্যাঙ্কেই যাব।
হিনকাই কাহাম নো ওংখা, আংব ব্যাংকন' থানানি।

খ - ব্যাঙ্কে কি কাজে যাচ্ছেন ?
ব্যাংক' বাহাই সামুং নাং ?

ক - ম্যানেজারবাবুর সাথে একটু পরামর্শ করব।
ম্যানেজারবাবু বাই কিসা ককবিতি খলনানি।

খ - কি কিসের পরামর্শ-জানতে পারি কি ?
তাম তামনি ককবিতি-খীনাইদে মান?

ক - হ্যাঁ কৃষিকাজের জন্যে কিছু ঋণ নিতে চাই।
আও গৃস্থি খাইনানি বাগীই কিসা মিসা লাকাই নানানিতা।

খ - আপনার তো বেশ জমি জমা রয়েছে। তা ঋণের প্রয়োজন কেন?
নিনি ত জাগাজমি মজম তংগ। তামনি বাগীই লাকাই নানাই ?

ক - আমার কিছু সেচবিহীন জমি রয়েছে। সেই জমির জন্যে একটা পাম্পসেট কিনতে চাই। তাই ঋণ নেবো ভাবছি।
আনি তীই মানথকয়া জাগা তংগ। আবনি বাগীই পাম্পসেট খুংসা পাইনানী মুচুংগ।
লাকাই মানখাই হাম' তা।

খ - তা ঋণ তো পাবেন বলেই মনে হয়।
আও লাকাই মানানু হিনই নো খা খাইঅ।

ক - শুনেছি আজকাল ব্যাঙ্কগুলো কৃষি উন্নয়ন বা বিভিন্ন কাজের জন্য ঋণ দিচ্ছে।
তাবুক ব্যাঙ্করগ গৃস্থিখাইনানী হামারী নি বাগীই তাই কুবুনি সামুং রগনি বাগীই লাকাই রিঅহিনই খীনাঅ।

# ঝড়বৃষ্টি বিষয়ে কথোপকথন

ক - গত রাত্রে প্রচন্ড রকম ঝড় জল হয়েছে।
মিয়া হবথানাইঅ জব্বই খাই ওয়াতৌই নকবার ফাইকা।

খ - শুধু ঝড় বৃষ্টি নয় সঙ্গে শিলাবৃষ্টিও ছিল।
ওয়াতৌই নকবার ছিমিয়া লগিঅ কথর বো কৌলাইখা।

ক - এখনতো ঝড় বৃষ্টির মরশুম।
তাবুক ত ওয়াতৌই নকবাব নি জরান।

খ - কয়েকদিন আগে দক্ষিণ ত্রিপুরার উপর দিয়ে প্রচন্ড ঝড় বৃষ্টি হয়ে গেছে।
সালকিসা সৌকাং দক্ষিণ ত্রিপুরা তৌই জব্বই নকবার কতর ফাই থাংখা।

ক - হ্যাঁ অনেক ঘর বাড়ী, গাছপালা, গবাদি পশুর ক্ষতি হয়েছে।
আও অনেক নক সগ, বুফাংওয়াফাং তাই পুন, তক তাখুমরগ খতি ওংখা।

খ - আমাদের এই অঞ্চলের তুলনায় সমুদ্র উপকূল অঞ্চলেই ঝড়ের তান্ডব বেশী।
চিনি মুলুগনি সৌলাই তৌইজৌলাং রুংকুং মুলুগনো ওয়াতৌই নকবার ফাইকুগো।

ক - ঝড় বৃষ্টির পূর্বাভাস রেডিওতে প্রচার হলে ভালো হয়।
ওয়াতৌই নকবার নি খবর রেডিও তৌই আওয়াই ওংখাই হাম।

খ - হ্যাঁ তা প্রচার হচ্ছে। আমাদের দেশে বা সব দেশের রেডিওই তা প্রচার করছে।
আও আবতো আওয়াই খাইজাগু। চিনি দেশনি ফিয়া ফাতার দেশনি বেবাক রেডিও ন' আব' আওয়াই খাইঅ।

# সীমান্তে গরু চোরের উপদ্রব বিষয়ে কথোপকথন

ক - কি বরুনবাবু সাত সকালে কোথায় চললেন ?
বিয়াং বরুনবাবু আইস্রি স্রি বিয়াং থাং?

খ - আর বলবেন না অরুনবাবু, গতকাল রাতে আমার সর্বনাশ হয়ে গেছে।
তা সাচিদি অরুনবাবু, মিয়া হর থানাইঅ আনি সর্বনাশ ওং থাংখা।

ক - হাঁ, কি বলছেন ? কি হয়েছে আপনার ?
হাই তাম হিন ? তাম ওংখাবা নিনি ?

খ - গত রাত্রে আমার গোয়াল থেকে দু জোড়া হালে বলদ চুরি গেছে।
মিয়া হরথানাইঅ আনি গোয়াইলনকনি মুসুক দাগ্রা জোড়া কীনীই খকজাকখা।

ক - তা কি বলছেন ? এত বড় চুরি। কিছুই টের পাননি ?
তাম হিমমানি কক ? আসীক খগমুং। কিসাফান টের মানলিয়া দে ?

খ - না কিছুই টের পাইনি। তাছাড়া গোয়ালঘরে তালা দেওয়া ছিল। আর পাড়ার ছেলেরাও পাহারায় ছিল।
কিসাফান' টের মারীগয়া। আব ছাড়া বো গোয়াইলনক তালারিজাক। তাই পাড়ানি চেরাই রগ ব পাহাড়া তংগুই তংগ।

ক - তা তো খুব আশ্চর্য্যের ব্যাপার। কি করে চুরি হল ?
হিনকাইতো ওয়ানামা ছিংচা কক। বাহাই খাই সিকক্ হাবখা ?

খ - চোরের সীমানার ওপারের হলেও এপারের কিছু অসৎ লোকের সহায়তা থাকতে পারে।
সিককরগ সীমানা আয়াংনারনি ফান - য়্যাংনারনি কিসা মিসা বরকসিত্রারগ চুবাচু রিখীনা।

ক - তা এখন কোথায় যাচ্ছেন ?
হিনকাই তাবু বর থাং?

খ - প্রধানের বাড়ী যাচ্ছি, তার সাথে পরামর্শ করি।
প্রধাননি নগ থাংগ্রানা। ব বাই ককবিতি নাইগ্রানা।

ক - হ্যাঁ তাই যান। থানাতেও ডায়েরী করতে হবে।
আও আবনো থাংদি। থানাবো ডায়েরী মা খীলাইনাই।

খ - এখন কি যে করি। একে চাষ বাসের পুরা মরশুম। এখন দু'জোড়া হালের বলদ কিনা মানে ৫০০০ হাজার টাকার ধাক্কা।
তাবুক তাম সে খাইনাই। তাবুক গৃস্থিনি পুরা মরশুম। ইঁ সময়অ দামা কৗনৗই পাইনা হিনকাই রাং রৗজাবা সৗকনি সামুং।

ক - হাঁ তা তো বটেই। কিন্তু চুরির একটা সুরাহা হওয়া দরকার।
আবতো ঠিকন'। ফিয়াবা ই সিকক্ খকমানি ইমন' মা মৗথাক তাই।

খ - আপনাদের ওদিকে তো বি, এস, এফ, ক্যাম্পও রয়েছে।
নরকনি আয়াং তো বি, এস, এফ, ক্যাম্পবো তং রে।

ক - তা আছে বৈকি। ওনারা পেট্রোলিংও করেছেন।
আও তংগ। বরক পেট্রোলিং বো নংখরঅ।

খ - গরু চুরি এই অঞ্চলে একটা বিরাট সমস্যা।
মুসুক সিকক ই মুলুগনি জব্বই জৗংজাল কতর কাইছা।

ক - হ্যাঁ তাই।
আও আহাইনো।

# নদীতে বন্যা বিষয়ে কথোপকথন

ক - গতকাল থেকে অনবরত বৃষ্টি হচ্ছে।
মিয়ানি সিমি ওয়াতৗই ওয়ামাং তঙগ।

খ - যে হারে বৃষ্টি হচ্ছে, নদীতে বন্যা দেখা দেবে।
যে হার' ওয়াতৗই ওয়াঅ, তৗইমা তরই মা-নন।

ক - নদীর উৎসদেশে বৃষ্টিপাতের পরিমাণের উপরই বন্যা নির্ভর করে।
তৗইমা বখরক্ গ' ওয়াতৗই ওয়ামানি বাংখাই ত তৗইতর মান-ন'।

খ - আজকাল সামান্য বেশী বৃষ্টি হলেই বন্যা আসে।
তাবুকরগ বা ওয়াতৗই কিচা বাংখাই ন' তৗইতর'।

ক - তার কারণ নদী খাতের গভীরতা কমেছে।
তৗই গুরুং থেনে খা দীলা।

খ - আমাদের ত্রিপুরার রাজধানী আগরতলা হাওড়া নদীর তীরে অবস্থিত।
চিনি ত্রিপুরানি রাজাখর আগুলি তৗইমা রুকুংগ সে।

ক - হাওড়া নদীতে ও মাঝে মাঝে বন্যা দেখা দেয়।
হাওড়া তৗইমা ব ওয়াইসা ওইসু তরছাঅ।

খ - ত্রিপুরার অনেক জেলাশহর ও মহকুমা শহর ও কোন না কোন নদীর কূলে অবস্থিত।
ত্রিপুরানি কৗবাংমা জেলা তাই মহকুমাশহরনো কাইছা য়া কাইসা তৗইমা রুকুংগ।

ক - শহরে বন্যা প্রতিরোধের জন্য নদীতীরে বরাবর বাঁধ দেওয়া আছে।
শহর তৗই তরমা হাবয়া খাইনানী বাগৗই তৗই রুকুং রুকুং বাঁন থেজাগ তংগ।

খ - বাঁধের রক্ষণাবেক্ষণ আর নতুন নতুন বাঁধ দেবার জন্য পি, ডব্লিউ, ডি কাজ করছে।
বাঁন নাইকানি খাইনানী তাই কৗতাল কৗতাল বাঁধ থেনানি সামুং পি ডব্লিউ ডি তাংগৗই তংগ।

ক - বন্যার আশংকা দেখা দিলে সরকারী তরফে অগ্রিম ঘোষণা করা হয়।

তীই তরমানি আশংকা তংখাই সীকাং বারিয়া সরকারী ঘোষণা রিজ্জাগ'।

খ - বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের রিলিফও দেওয়া হয়।

তীই কতর মানজাক নাই লোকোরগন রিলিফ বো রিজ্জাগ ।

# রক্তদান বিষয়ে কথোপকথন

ক - এই যে কান্তি দা কোথা থেকে আসছেন ?
অ দা কান্তিবর'নি ফগুই ?

খ - হাসপাতাল থেকে ফিরছি ।
হাসপাতালনি কিফিলু।

ক - কেন হাসপাতালে গিয়েছিলেন ?
তাহানি হাসপাতাল থাং ?

খ - আমার এক মাসীমা হাসপাতালে আছেন।
আনি আতীইজীক খরক সা হাসপাতাল' তংগ।

ক - কেন কি হয়েছে ? কি অসুখ ?
তাম' ওংখা ? ববতীই ব্যামার ?

খ - রোগটা কঠিন। লিভার সংক্রান্ত।
হাময়া বারি। লিভারনি ব্যামার।

ক - অপারেশন হয়েছে কি ?
অপারেশন রগ দে ওংখা ?

খ - না হয়নি। তবে হতে পারে।
ইঁহি ওংয়াখু। ফিয়াবা ওংগীই মানো।

ক - তা ডাক্তারবাবুরা কি বলছেন ?
হিনকাই ডাক্তারবাবুসং তাম' সা ?

খ - অপারেশন হলে রোগীর রক্ত প্রয়োজন হবে বলেছেন।
অপারেশন ওংখাই হাময়া ন' থীই রিনানি নাংগানু হিনই সাঅ।
- কত রক্ত প্রয়োজন হবে ?
- বীসীক থীই নাংন' ?
- আপাততঃ দু বোতল লাগবে।
- আপাতত বোতল নীই নাংনাই।

ক - ব্লাড ব্যাংক থেকে নিয়ে নিন।
ব্লাড ব্যাংক নি থীই না দি।

খ - ব্লাড ব্যাংকে যদি না পাই তবে সমস্যায় পড়ব।
ব্লাড ব্যাংক অ মানয়া হিনকাই জীংজাল কীলাই নাই।

গ - চিন্তা করবেন না। আমরা তো আছি।
তা ওয়ানাদি চীং তং বীলা।

# নতুন ঝি নিযুক্তি বিষয়ে কথোপকথন

ক - তা তোমার নাম কি ?
হিনকাই নিনি বুমুং তাম' ?

খ - আজ্ঞে আমার নাম ননীবালা দাস। 'হারুর মা' বলে পরিচিতি।
আজ্ঞা আনি বুমুং ননীবালা দাস। হারুনি বুমা হিনৌই সিনিজাগ।

ক - তা আগে কি কারো বাড়ীতে কাজ করেছ ?
নৌং ইমনি সৌকাং কেবোনি বাড়ীঅ সামুং দে তাংখা ?

খ - হ্যাঁ আজ প্রায় ৬/৭ বৎসর তো অন্যের বাড়ী বাড়ীই কাজ করেছি।
আও। থানাই ৬/৭ বিসি বুইনিনগ মাং সামুং তাং ফাইকা।

ক - আমাদের একজন কাজের লোক দরকার।
চিনি সামুং তাংনাই বরক খরকসা নাংগ।

খ - তা যদি বলেন তো আমি কাজ করতে রাজী।
আও তুমুং নাংখাই আং সামুং তাংনানি গসিঅ।

ক - আমাদের পরিবারে লোকজন কম। গৃহস্থালী কাজও কম। সুতরাং মাইনে বেশী দিতে পারবো না।
চিনি নগ' বরক বো বাংথায়া। নুখুংনি সামুংব কম। নন' বেতন বিসি রিই মানগীলাক।

খ - তা তো ঠিকই, তবে যা দিনকাল পড়েছে।
আবতো ঠিকন। ফিয়াবা যে দিন সাল ফাইরীরীগ।

ক - দুপুরে একবেলা খাবার সহ মাসে ৫০ টাকা দিলে চলবে ?
দিপরঅ মাই ফাইসা চারীই তাল' রাং ৫০ (খলনীইচি) রীখায় ঔীংগানী বীলা ?

খ - আজ্ঞে আমি আর কি বলব ? আপনিই বিবেচনা করবেন।
আজ্ঞা আং তাম' সানাই ? নৌং ন বিবেচনা খ্লাইনাই।

ক - ঠিক আছে - তোমাকে ৫০ টাকাই দেবো। বৎসরে পূজা পার্বন ইত্যাদিতে কাপড় চোপড়ও পাবে।

বেশ তো, নন ৫০ টাকা ন রিআনু। বিছি জরা পূজাপালি নি সময়রগো রিকীতাল বো রিওয়ানু।

খ - তা আপনাদের দয়া।

আব নরগনি খাইবগমা।

ক - তাহলে কাল থেকেই এসো।

হিনকাই খীনানি সিমি ফাইদি।

খ - হ্যাঁ আসছি।

আও ফাইয়ানু।

# অফিসে দুই সহকর্মীর কথোপকথন

ক - কি রমেনদা চুপচাপ বসে আছেন যে ?
তাম' দা রমেন সিরিং সিরিং আচুক তং লাং ?

খ - শরীর বেশী ভালো লাগছে না।
শরীর যুইত নাংয়া।

ক - কি জ্বর টর হয়েছে নাকি ?
তাম' লুদে লুম ?

খ - না ঠিক জ্বর নয়। তবে গাটা কেমন ম্যাজ ম্যাজ় করছে।
ঠিক কুলুম য়া। শরীর ম্যাজ ম্যাজ ওংগো।

ক - চা খাবেন ? চা আনিয়ে নিই।
চা নীংনাই দা ? চা নাহারি ওয়ানু।

খ - তা মন্দ হয় না। হরি কে বলো দু কাপ দিতে।
আও আব চামানি ন। হরি ন সাদি কাপ কীনীই চা রিনানি বাগীই।

ক - ওঃ আপনি শুনেছেন কি ? আমাদের নাকি দুটো ডি. এ. বেড়েছে।
ও নীং খীদে খীনাখা ? চিনি ডি. এ. কীনীই বারিখা হিমন্না।

খ - না শুনিনি তো। কে বলেছে ?
ইহি খীনায়াখো ন্না। সাব' সাখা ?

ক - আজ দুপুরে রেডিওর খবরে নাকি ঘোষণা হয়েছে।
তিনি দিপর জরানি রেডিও খবরঅ সান্নাইজাকখাফুন।

খ - তা হলে তো খবর ভালোই কি বল ?
হিনকাইতো খবর কাহাম-ন বাহাই হিন ?

ক - আচ্ছা আমাদের প্রমোশনের ফাইলটা কোথায় রয়েছে ?
আচ্ছা চিনি প্রমোশননি ফাইল বর ওংখা ?

খ - ওটা তো বড়বাবুর ওখান থেকে ও. এস-র কাছে গেছে।
আব তো বড়বাবুনি আরনি ও. এস. নি আর থাংখা।

ক - ঐতো চা এসে গেছে। নিন খান।
ইকলে চা সক পাইখা। হিনদি নীংদি।

# পাড়ার চা স্টলে কথোপকথন

ক - এই যে অতীন দা কোথায় যাচ্ছেন ? আসুন চা খেয়ে যান।
অ দা অতীন বর থাং ? ফাইদি চা নীংগীই থাংদি।

খ - কি হারু। চায়ের দোকানে বসে কি করছ ? অফিস নেই ?
তাম' হারু - চা দোকান' আচুক তীমা খাই তং ? অফিস কীরীই দে ?

ক - এই তো চা খাব বলে এসেছি। আজ ছুটি নিয়েছি।
চা নীংনানি ফাইমানী। তিনি ছুটি নাখা।

খ - আমি রেশনে যাচ্ছিলাম।
আং রেশন দোকান' থাংমানি।

ক - এই বনমালী আর একটা চা দে।
অ বনমালী তাই চা কাপ কাইছা রিদি।

খ - নাও সিগারেট খাও।
হিনদি সিগারেট নীংদি।

ক - বনমালী একটু আগুন দেতো ভাই।
অ বনমালী হর কিসা রিলে ফাযুং।

খ - আজকের খবরের কাগজ দেখেছ ?
তিনিনি পত্রিকা নুদে নুকখা ?

ক - না এখনো দেখেনি। কি কোন বিশেষ খবর ?
ইহি তাবুক বো নুকয়াখো। তাম কোন বিশেষ খবর ?

খ - গতরাত্রে নাকি উষাবাজারের কাছে গাড়ী এক্সিডেন্ট হয়েছে।
মিয়া হরথানাইঅ উষাবাজার গান্দাঅ গাড়ী এক্সিডেন্ট ওংখাফুন।

ক - তা কি গাড়ী ? লোকজন জখম হয়েছে কি ?
আব তীমা গাড়ী ? বরকরগ দুখু মানখাদে ?

খ - হ্যাঁ বড় এক্সিডেন্ট। একজন তো স্পট ডেড। আর চারজন জি.বি-তে ভর্তি হয়েছে।
আও এক্সিডেন্ট কতর ন। খরকসা জাগান' থীইকা। তাই খরকব্রীইন জি. বিঅ ভর্তি খাইজাক খা।

# বাস্তুজমি ক্রয় বিক্রয় বিষয়ে কথোপকথন

ক - হরেনদা বাড়ীতে আছেন কি ? ও হরেনদা।
দা হরেন নগদে তং ? অ দা হরেন।

খ - কে ? কি চাই ? ও সমরেশ দা নাকি এসো বসো ?
সাব ওংখা ? তাম' নাই ? অ সমরেশদা দে ফাইদি আচুকদি।

ক - চলুন নকুলবাবু বসি।
হিমদি নকুলবাবু আচুগানু।

খ - পরিচয় করিয়ে দিই। ইনি নকুলবাবু ডি. এম অফিসে কাজ করেন।
আর ইনি হরেনদা। সেক্রেটারিয়েটে কাজ করেন।
সিনি রৗই রৗন। ব নকুলবাবু ডি. এম অফিস' সামুং তাংগ -
তাই ব দা হরেন। সেক্রেটারিয়েট' সামুং তাংগ।

ক - নমস্কার আপনাকে দেখেছি।
খুলুমকা নন' নুকখা।

গ - নমস্কার আপনার নাম শুনেছি।
খুলুমকা-নিনি বুমুং খৗনাখা।

খ - বসুন - আরাম করে বসুন। একটু চা খাবেন।
আচুকদি। আরাম খাই আচুকদি। চা কিসা নৗংদি।

গ - না না চা খাবনা। এইমাত্র খেয়ে এসেছি।
ইঁহি ইঁহি চা নৗংয়া। তাবুক নো চা নৗংফাইকা।

ক - তা হরেনদা ভালো আছেন তো ?
হিনকাই দা হরেন কাহাম কৗরৗংন তংনা ব্লা ?

খ - এই চলে যাচ্ছে - একরকম। তোমার খবর কি ?
আও কোন রকম তা'। নিনি খবর বাহাই ?

ক - হ্যাঁ কোনরকম আছি।
আও কোনোরকম তংগ।

খ - তা কি মনে করে। কোন কাজ টাজ ...... ?
হিনকাই তাম বাহাই। সামুং রগ দে তং .......?

ক - হ্যাঁ এসেছিলাম আপনার সাথে একটা বিষয়ে কথা বলতে ।
আওফাইমানী তো-নৗং বাই কক থাইসা সালাইনানী হিনই।

খ - কি বিষয়- কি কথা ?

তাম বাহাই তীই-তীমা কক বা ?

ক - আপনার বিক্রির জন্য জায়গা রয়েছে শুনে এসেছিলাম।

নিনি জাগা ফালজাক নাই তংগ হিনই খনায়ীই ফাইমানী।

খ - ঠিকই শুনেছ। আমি গন্ডা পাঁচেক জমি ছেড়ে দেবো।

ঠিকন' খীনাখা। আং গন্ডা কাইবা সীক জাগা য়্যাকার বিআনু।

ক - নকুলবাবু কিছু জমি নিতে আগ্রহী।

নকুলবাবু জাগা কিসা মিসা পাইনানী খাতুংজাঅ।

গ - হ্যাঁ ব্যাপার হলো আমার নিজস্ব বাড়ী কমলপুরে। পৈতৃক সম্পত্তি ভাগাভাগী হয়ে আমার অংশ বিক্রি করে দিয়েছি। সেই জন্যেই আগরতলায় একটা বাড়ী করার ইচ্ছে।

আও ব্যাপার খাই আহাই কমলপুর' চিনি নগ তংমানি। ফানি সম্পত্তি ভাগলাই আনি বন্তক ফালরিখা। আবনি বাগীই নো আগরতলাঅ নক খাইনানী ইচ্ছা।

খ - তা-ভালোই তো। আপনি যদি পছন্দ করেন।

আবত কাহাম কক নো। নীং তুমুং খাপুর জাক খাইবা।

ক - হরেনদা কোন অংশটা ছাড়বেন ঠিক করেছেন কিছু ?

দা হরেন বিয়াং ফাইছিং ফালনাই ঠিক দে খীলাইখা ?

খ - হ্যাঁ মোটামুটি পুকুরের দক্ষিণাংশ ছাড়ব ভাবছি।

আও মোটামুটি পুখিরিনি দক্ষিণবীখাক'ন য়্যাকাব নানি ইচ্ছা।

ক - তা আপনার সেল পারমিশন আছে কি ?

হিনকাই নিনি সেল পারমিশন দে তং ?

খ - দরখাস্ত করেছি। শীঘ্রই পেয়ে যাবো।

দরখাস্ত রিজাকখা। দাকতি নো মানানু।

ক - তা হরেন দা কি রকম দরদাম পড়বে কিছু ঠিক করেছেন ?

হিনকাই দা হরেন দরদাম রগ বীসীক কীলাইন ঠিক দা খীলাইখা?

খ - দরদাম আর কি বলব। বাজারের যে দরদাম চলছে তার বাইরে তো যেতে পারবো না।

দরদাম বা তাই তাম। বাজার' যে চলিমানি আবনি বিশি তো থাং মান গ্লাক।

ক - তবুও আপনার একটা পরিকল্পনা তো থাকবে।

তবু নিনি চংমানি তংনা বীলে।

খ - তা আচ্ছা, আচ্ছা চা এসে গেছে। চা খেয়ে নিন।

আব তো তংগ, চা সকপাইখা। চা নীং গ্রাদি।

# গৃহশিক্ষক সমস্যা নিয়ে কথোপকথন

ক - কি ব্যাপার ? আপনাকে চিন্তাগ্রস্ত মনে হচ্ছে ?
তাম বাহাই ? নন ওয়ানাজাক হাই নুগগ' ?

খ - হ্যাঁ একটা ব্যাপারে ভীষণ সমস্যায় পড়েছি।
আও, সামুং মুংসানি বাগীই জব্বই জঞ্জাল' কীলাইখা।

ক - কি বিষয়ে সমস্যা ?
তাম' ববতীই বা ?

খ - আমার ছোট মেয়ে এবারে ক্লাশ নাইনে উঠেছে। তারজন্য গৃহশিক্ষক খুঁজছি।
আনি বীরীইমাকুসু তাকীলাই ক্লাশ নাইন' কাসাখা। বিনি বাগীই প্রাইভেট মাস্টার নাইমানি।

ক - তা কোথাও কারো সাথে কথা বলেছেন ?
আঃ কোন জাগা কেব' বাই কক দা সালাইখা ?

খ - বন্ধুবান্ধবদের বলেছি। একজন ভালো মাস্টার ঠিক করে দেবার জন্য।
য়্যার বান্ধববগন সাকা মাস্টার কাহাম খরকছা ঠিক খাই বিদি হিনই।

ক - ও আচ্ছা। আমার জানাশোনা একজন অভিজ্ঞ মাস্টার আছেন। উনি বিজ্ঞানের শিক্ষক।
ও আহাইদা। আনি সিনিজাক মাস্টার কাহাম খরকসা তংগ ব' বিজ্ঞান নি মাস্টার।

খ - আমিও বিজ্ঞানের মাস্টারই খুঁজছি।
আংব বিজ্ঞাননি মাস্টরন নাইতুগ'।

ক - তা হলে কাল আমার বাড়ীতে আসুন। মাস্টারবাবুর সাথে আলাপ করিয়ে দেবো।
হিনকাই খীনা আনি নগ' ফাইদি। মাস্টারবাবু বাই ককলাম সালাইরি রিওয়ানু।

খ - হ্যাঁ নিশ্চয়ই আসব। কাল কটায় এলে ভালো হবে।

আও কুবুইন ফাইনাই। খীনা বুফুরু ফাইকাই হামন'।

ক - আসুন না। অফিস ছুটির পর এই ৬টায়।

ফাইনাবা। অফিস ছুটি ওংবাইঅই রমদি ৬টা ফাইনাই।

খ - হ্যাঁ ঠিক আছে। আসব।

আও ঠিক নো তংগ।

# পরিচ্ছন্নতা বিষয়ে শিক্ষক ও ছাত্রের কথোপকথন

ক - এই অঞ্জন কি হয়েছে ? কাঁদছিস কেন ?
অ অঞ্জন তাম ওংখা ? তামুং কাবুই তং ?

খ - দেখুন না স্যার - সমীর আমাকে খামচে দিয়েছে।
নাইবাবা স্যার - সমীর আন' খিচিগ রিখা।

ক - হ্যাঁ তাইতো দেখছি। তুমি তাকে কি করেছিলে ?
আও কুবুইন তিতা, নীং বন' তাম' খাইবা ?

খ - ও আমাকে খেপাচ্ছে। আমার কানে নাকি দুর্গন্ধ।
ব-আন' স্বলিরিঅ। আনি খুনজু বা মীনামফন।

ক - হ্যাঁ তাইতো - তোমার কানে তো দুর্গন্ধ আছে।
কুবুইন'ল্লা। নিনি খুনজুবা মীনামন তিতে।

খ - এই সমীর এ দিকে এসো।
এই সমীর য়্যাং ফাইদি।

ক - দেখুন না স্যার ওর নখগুলো কি বড় হয়েছে।
নাইদি স্যার। বিনি ইয়াসুকু বীসীক লকখা।

খ - সমীর কাল স্কুলে আসার আগে ভালো করে নখ কেটে আসবে।
সমীর খীনা স্কুল ফাইনানী সীকাং কাহাম খাই য়্যাস্কুরগ রাই ফাইদি।

ক - আর অঞ্জন তোমার বাবা মাকে বলো তোমার কানের পুঁজ পরিস্কার করে যাতে মাঝে মাঝে তেল দেয়।
তাই অঞ্জন নিনিনীমা নীফা নো সাদি খুনজুনি কুবতীই কাহাম খাই অই ওরাম ওরাম থক রিনানি বাগীই।

খ - আর তোমাদের সকলকে বলছি। সবাই দিনে অন্ততঃ একবার স্নান করবে। দাঁত মাজবে, ভাল করে চুল আঁচড়াবে। আর স্কুলের জামা কাপড় নিয়মিত কাচবে। নখ ও নিয়মিত কাটবে।
তাই নরগন যত্তননো সাঅ। যত্তন সাল ওয়াইসা তুকুদি। বুওয়া হুদি, কাহাম খাই খীনাই খালদি। রিচুম হমানীই নো সুদি। তাই য়্যাস্কুরগ সময় সময় রাদি।

ক - কথা না শুনলে শাস্তি পাবে।
কক খীনায়া হিনকাই শাস্তি মাননাই।

# আসন্ন নির্বাচন বিষয়ে দুই ব্যক্তির কথোপকথন

ক - বিধানসভার নির্বাচনের দিন তো ঘোষণা হল।
বিধানসভা নি ভোট নি তারিখ ত সাক্লাইজাকখা।

খ - কই ? শুনিনি তো। কত তারিখ ভোট হচ্ছে ?
বর ? খীনায়াখো। বীসীক তারিখ ভোট অংনাই ?

ক - আসছে ফেব্রুয়ারী মাসের ১৭ তারিখ।
ফাইনাই ফেব্রুয়ারী তালনি ১৭ তারিখ।

খ - ইতিমধ্যেই কোন কোন রাজনৈতিক দল প্রচার শুরু করেছে।
ই বিসিং ন' কোন কোন রাজনৈতিক বদল রগ আওয়াই খাইনানী চেংখা।

ক - ধীরে ধীরে সব দলই আসরে নামবে।
তীরীক তীরীক বেবাক বদলন' আসর নংখরানু।

খ - এ বারের ভোট মূলতঃ বামফ্রন্ট ও বামফ্রন্ট বিরোধী শক্তির লড়াই হবে।
তাকীলাই নি ভোটাভোটিঅ সানাখে বামফ্রন্ট বাই বামফ্রন্ট ন' চাজাকয়া বদল নীইনি বিশিং চবা নাংনাই।

ক - নির্বাচন শান্তিপূর্ণভাবে হলেই ভালো।
ভোটাভুটি কীচাং কীচাং অংখাইন' হামব।

খ - শান্তিপূর্ণ হবে বলেই আশা করি। তবে ছোট খাটো গন্ডগোল হতেই পারে।
কীচাং কীচাং ন অংগানু হিনই খা খাইঅ। ফিয়াবা চিকনমিকন গন্ডগোল লে ওংফনো মানো।

ক - এ ব্যাপারে রাজনৈতিক দলগুলির সতর্ক হওয়া প্রয়োজন।
অ ব্যাপার' রাজনৈতিক বদলরগ মকলকাইনা সামুং।

খ - বলুন তো এবারে কে জিততে পারে ?
সালে তাকীলাই সাব' জিতিন' ?

ক - নির্বাচনে কে জেতে কে হারে বলা শক্ত।
'ভোটাভোটিঅ সাব' পাই ন'। সাব' চেন-ন সানা কুতুক।

# জনসংখ্যা সমস্যা বিষয়ে কথোপকথন

ক - ওঃ পূজা মন্ডপগুলোতে যে ভীড় আর ঢোকা যায়না।
ওঃ পূজা মন্ডপরগো যে বরক জাম তাই হাবীই মানয়া।

খ - আজ তো অষ্টমী পূজো আর আবহাওয়া চমৎকার তাই ভীড় হবেই।
তিনি তো অষ্টমী পূজা। সাল বো কাহাম। বরক জাম ওংনাইনো।

ক - আগরতলায় ভীড় যেন বৎসরের পর বৎসর বাড়ছেই।
বিশি লাইলীরীগ - আগরতলাঅ বরক বুংরীরীগ।

খ - শুধু আগরতলাতেই নয় - জনসংখ্যা বৃদ্ধি দেশের সর্বত্র।
শুধু আগুলি সিমিয়া -বরক এরমুং দেশনি বেবাক মুলুগনো।

ক - এখন ত্রিপুরার জনসংখ্যা কত হল ?
তাবুক ত্রিপুরানি বরক বীসীক ওংখা ?

খ - ২০ লাখের বেশী হয়েছে।
২০ লক্ষ নি সে কীবাং ওংখা।

ক - সারা ভারতবর্ষে কত হবে ?
সারা ভারতবর্ষ বীসীক ওংন ?

খ - প্রায় ৭৮ কোটি।
৭৮ কোটি হাহাই।

ক - জনসংখ্যা বৃদ্ধি রোধের জন্য পরিবার পরিকল্পনার উপর আরো জোর দেওয়া আবশ্যক।
বরক বাংমানি মীথাকনা বাগীই পরিবার পরিকল্পনা ন তাইব কাহাম খাই সাক থারথাই।

খ - হ্যাঁ। তা তো দরকারই। কাজও পুরোদমে চলছে।
আও আব তো দরকান ন'। সামুং দুফুং খাইনো তাংজাক তংগ।

ক - এখন প্রতিটি পরিবারে সন্তান সংখ্যা কমে আসছে।
তাবুক নকব্রুম ব্রুমু'ন বীসাবীতীই সেংরীরীগ খা।

খ - দেশের অগ্রগতির জন্য পরিবার পরিকল্পনা অপরিহার্য।
দেশনি হামারিনি বাগীই পরিকল্পনা দর'কুগ।

# দৈনিক দিনমজুর নিযুক্তির ব্যাপারে কথোপকথন

ক - এই যে, ভাই তোমরা কি কাজ করবে ?
অ তাখুক - নরক সামুং তাং নাই দে ?

খ - বাবু আমাকে বলছেন ? কাজ করার জন্যেই তো এসেছি বাবু।
বাবু আন' দা রিং ? সামুং তাংনানি বাগীইনো ফাইমানী।

ক - আমার বাড়ীতে কিছু কাজ আছে।
আনি নগ' কিসা সামুং তংগ।

খ - কি কাজ বাবু ?
বাহাই ববতীই সামুং বাবু ?

ক - বাউন্ডারী বেড়াগুলো মেরামত করা দরকার।
বাড়িসীমানানি বেড়ারগ সীলাইনা সামুং।

খ - বাঁশের কাজ তো ?
ওয়ানি সামুংন ওংগানু ব্লা ?

ক - হ্যাঁ বাঁশের বেড়া দিতে হবে।
আও ওয়ানি বেরা ন' রিনানি নাংগানু।

খ - আমরা দুজনে আসি বাবু ? দু'জনই যাব তো ?
চীং খরকনীইন ফাইমানী ? খরকনীনীইনো থাংনাই দা ?

ক - তা আসো। বাজার থেকে কিছু বাঁশ গুনা ইত্যাদি নিতে হবে।
আও ফাইদি। হাতিনি ওয়া তাই তার কিসা পাইমা তীলাং নাই।

খ - তা চলুন। আমরা আপনাকে সাহায্য করব।
আও হিমদি। চীং নন' চুবাচু রিওয়ানু।

ক - কাজটা একটু ভালোভাবে করে দিয়ো।
সামুং কিসা কাহাম খাই তাং রিদি।

খ - তা তো বটেই, আপনি আগে আমাদের কাজ দেখুন না।
আব তো ঠিকন'। নীং সীকাং চিনি য়্যাপাই নাইগ্রানাবা।

ক - তাহলে চলো।
হিনকাই হিমদি।

খ - চলুন।
হিমদি।

# ত্রিপুরার হস্তশিল্প বিষয়ে কথোপকথন

ক - ত্রিপুরার হস্তশিল্পের বাইরে অনেক সুনাম আছে।
ত্রিপুরানি ওয়ামুং তাকমুং মানাইরগ ফাতারনি লোকোরগ খাফুরজাগ।

খ - হস্তশিল্প সামগ্রীর চাহিদাও ভারতের ভিতরে বাইরে বেড়েছে।
ই-ওয়ামুং তাকমুং ভারতনি বিশিং তাই ফাতার থিকি বাংরীরীকখা।

ক - রাজ্যের প্রায় সব শহরে এবং বহির্রাজ্যের প্রধান প্রধান শহরে হস্তশিল্পের দোকান খোলা হয়েছে।
রাজ্যনি প্রায় বেবাক টাউনঅ তাই রাজ্যনি ফাতার কতর টাউন রগো-ই ওয়ামুং তাকমুং মানাইরগনি দোকান ফিয়গজাকখা।

খ - হস্তশিল্প ও তাঁতশিল্প উন্নয়নে দেশে অনেক পরিকল্পনা গৃহীত হয়েছে।
ওয়ামুং সাইমুং তাই তাকমুং সামুংনি হামারিনি বাগীই কীবাংমা পরিকল্পনা চংজাকখা।

ক - গ্রামের দুস্থ শিল্পীদের এ ব্যাপারে সহায়তা করা হচ্ছে।
পাড়ানি বিগ্রা খাংগ্রা শিল্পীরগন ই সামুংগ চুবাচু রিজাগ'।

খ - রাজ্যের উপজাতি সম্প্রদায়ের তাঁতশিল্পের পুনরোজ্জীবন হচ্ছে।
রাজ্যনি উপজাতি দফারগনি তাগমুংলুবমুং মীথাং তিসাজাগতংগ'।

ক - শুধু পুনরোজ্জীবনই নয় - এই শিল্পকে উন্নততর করাও আবশ্যক।
শুধু মীথাংমা ছিমিয়া। ই শিল্পন তাইব কাহাম খাই মা সংচা থাই।

খ - দেশের সরকারকে এ ব্যাপারে সচেষ্ট হতে হবে।
দেশনি সরকারন'ই ফাইসিং সাকে মা থার নাই।

ক - শুধু সরকারই নয়। সমগ্র উপজাতি জনসাধারণকেও এ ব্যাপারে এগিয়ে আসতে হবে।
শুধু সরকার সিমিয়া। বেবাক উপজাতি লুকুরগব' ই সামুংগ আগগ মা ফাইনাই।

# বাসে আসন নিয়ে দুইজনের বচসা

ক - আমার সিট কোথায় পড়েছে ?
আনি সিট বর' কৌলাইখা ?

খ - আপনার সিট নাম্বার কত ?
নিনি সিট নম্বর বৌসৌক ?

ক - আমার সিট নম্বর ১৮ আপনার ?
আনি সিট নম্বর ১৮ নিনিলে ?

খ - আপনি সরে বসুন। সিটটা ছেড়ে দিন।
নৌং কনরই আচুকদি। সিট য়্যাকার রিদি।

খ - বসুন না একই কথা।
আচুক নাবা এক নো বৌলা।

ক - না তা হয় না, আমি জানালার ধারে বসব।
ইঁহি আব ওংয়া। আং তাইলাম গান্দা আচুকনাই।

খ - আমার মাথা ধরেছে। তাই একটু হাওয়া দরকার।
আনি খরক সাইতংখা। আবনি বাগৗই নো নকবার কিচা সামুং।

ক - তা আমি কি করব ? আপনি সিট ছেড়ে দিন।
হিনকাই আং তাম' খাইনাই ? নৌং সিট য়্যাকার রিদি।

খ - আপনি তো মশাই অবুঝ মানুষ।
নৌং ত বুঝিয়া বরক সিদো।

ক - আজে বাজে কথা বলবেন না।
মৌলাং কৌলাং কক তা সাদি।

খ - আপনিও ভদ্রলোকের মতো কথা বলবেন ।
নৌংব' ভদ্রলোক হাইখাই কক সাদি।

ক - দাড়ান আমি কন্ডাক্টারকে ডেকে আনছি।
তং গ্রাদি আং কন্ডাক্টারন নুং তুবু গ্রানা।

# খুচরো পয়সার সংকট বিষয়ে কথোপকথন

ক - এই যে দাদারা টিকিটটা নিন।
অ তাখুকরগ টিকিট তানবাইদি।

খ - নিন, আমাকে ২৫ পয়সার টিকিট দিন।
হিনদি আন' ২৫ পয়সানি টিকিট রিদি।

ক - খুচরা ২৫ পয়সা দিন। টাকার ভাঙানি হবে না।
২৫ পয়সা রিদি। রাংনি বাংগ্লা মানগ্লাক।

খ - আমার কাছে তো খুচরো নেই।
আনি থানি তো বাংগ্লা কৗরীই।

ক - আপনি ২৫ পয়সা খুচরা দিতে পারছেন না। আর আমি কোথা থেকে আপনাকে ৭৫ পয়সা ফেরৎ দেব ?
নীং ২৫ পয়সা বাংগ্লা রিই মানয়া। তাই আং বরনি ৭৫ পয়সা বাংগ্লা কিফিল রিনাই ?

খ - এতো মহা সমস্যা হল।
ইমতো জব্বই জৗংজাল নাংখা দো।

ক - খুচরো পয়সার অভাবে আর ব্যবসা করা যাবে না।
পয়সা বাংগ্লানি বিয়ালনি বাগীই তাই ব্যাপার খাইছে মানগ্লাক।

খ - তা আর বলবেন না। হাটেবাজারে, মুদির দোকানে কেনাকাটা করা মস্ত সমস্যা হয়ে দাঁড়িয়েছে।
তাইতা সাসিদি। বাজার সদাইঅ, মুদি দোকানরগ মানীই খীনাই পাইনানি জব্বই বেসেব ওংলাহা।

ক - আমাদের এখানকার মতো সর্বত্রই কি খুচরো পয়সার অভাব ?
চিনি অরনি হাই বেবাক জাগাদা পয়সা বাংগ্লানি বিয়াল ?

খ - না মোটেই তা নয়। কলিকাতা, দিল্লী ইত্যাদি বড় বড় শহরে খুচরো পয়সার কোন অভাব নেই।
হঁহি আবতোইয়া। কলিকাতা, দিল্লী, হাই কতর টাউনবন্দর' পয়সা বাংগ্লা নি বিয়াল কৗরীই।

ক - আমাদের এই অঞ্চলের খুচরো পয়সার অভাব কৃত্রিম। অসাধু ব্যবসায়ীদের সৃষ্টি। চিনি অরঅ পয়সা বাংগ্লা বিয়াল বরক সে খাইঅ। পেরেত ব্যবসাখাই নাই রগ সে আবনি বাগীই দায়ী।

# কোন বিশিষ্ট ব্যক্তির মৃত্যু সম্পর্কে কথোপকথন

ক - কিসের এতো বড় প্রসেশন আসছে ?
তামনি আসীক মিছিল কলক মা ফাই ?

খ - শবযাত্রা। আজ বিশিষ্ট শ্রমিক নেতা 'ক' বাবু মারা গেছেন।
কৗথৗই নি মিছিল। তিনি মানগীনাং শ্রমিক নেতা 'ক' বাবু থৗইজা লাঁহা।

ক - হ্যাঁ, হ্যাঁ মনে পড়েছে। আজ রেডিওর খবরে বলেছিল।
আও দো মুইতু ওংখা। তিনি রেডিও খবর' আওয়াই ওংখা।

খ - তিনি অনেক গন্যমান্য এবং প্রভাবশালী ব্যক্তি ছিলেন।
ব' জব্বই মানিজাকনাই তাই কক খীনাবীই মাননাই বরক তংমানি।

ক - মৌন মিছিলটি ক্রমশঃ এগিয়ে আসছে।
কক সায়া মিছিল তীরীক তীরীক আগগ ফাই তংগ।

খ - এ মিছিলের প্রথমেই শহরের বিশিষ্ট ব্যক্তিগণ রয়েছেন।
মিছিল নি বীস্কাংগ' টাউননি বরক কতর' কতর' রগ তংগ।

ক - শবদেহটি একটি ট্রাকের উপর শয়ান।
বরক কৗথৗই ট্রাক সাকাঅ রকরি জাক।

খ - সমস্ত ট্রাক ফুলের মালা ফুলের স্তবকে ভরে গেছে।
বেবাক ট্রাক খুমনি মালা তাই খুম বুখুপ পুংসুকখা।

ক - শবযাত্রা শ্রমিক ইউনিয়নের অফিসের সামনে একটু থেমেছে।
কৗথৗইনি মিছিল শ্রমিক ইউনিয়ননি অফিস বীসাংগো কিসা বাথাকখা।

খ - হয়তো ইউনিয়নের তরফ থেকে শেষ শ্রদ্ধা জানানো হবে।
ইউনিয়ননি পক্ষ ফাইসিংনি পাইথাক হামজাকমা জানকনানি ওংগানু।

ক - শবযাত্রা কোথায় শেষ হবে ?
কৗথৗইনি মিছিল বর মীথাক নাই ?

খ - বটতলা শ্মশানেই যাবে।
বটতলা নি শ্মশানো থাংনাই।

ক - মিছিল ক্রমশই দীর্ঘতর হচ্ছে।
মিছিল বা লকসে লক রীরীক।

খ - সব যানবাহন বন্ধ হয়ে গেছে।
বেবাক গাড়ী-ঘোড়া মীথাক জাক তংখা।

# আইন শৃঙ্খলার অবনতি বিষয়ে কথোপকথন

ক - গতকাল নাকি গোলবাজারে অনেক গন্ডগোল হয়েছে ?
তা ম' মিয়া গোলবাজার' জব্বই গন্ডগোল নাংখা হিনবা ?

খ - না জানিনা তো। কখন হয়েছে ?
বুক সাইমানয়া ব্লা। বুফুরু ওংখা হিনবা ?

ক - রাতে ৯টা সাড়ে ৯টার সময়।
হরনি ৯টা সাড়ে ৯টা তাম ফুরু।

খ - সেইজন্যই বোধহয় ওদিকে বেশ কয়েকটা পুলিশের গাড়ী গিয়েছে।
আবনি বাগীই নো আয়াংগ' পুলিশনি গাড়ী খুংতাম খুমব্রুই থাংখীনা।

ক - গন্ডগোলের সূত্রপাত নাকি মাছ বাজারে।
পুইলা গন্ডগোল আ বাজারসে চেংসাফুন।

খ - কি কেউ জখম টখম হয়েছে কি ?
তাম' কেব' দা সাক দুঃখু মানখা ?

ক - বেশ কয়েকজন গুরুতর আহত হয়েছে।
মজম' বরক সাক দুঃখু মানখা।

খ - আজকাল তো কথায় কথায় গন্ডগোল। কখন যে কি হয় বলা মুস্কিল।
আইজকাল তো ককথাইছা বাইনসে গন্ডগোল নাং মানো। বুফুরু বর' তাম' ওং সাইসে মানয়া।

ক - জনসাধারণের একটা অংশ উচ্ছৃঙ্খল হয়ে উঠছে।
লোকোরগনি বিশিং বাকসা উচ্ছৃঙ্খল ওংরীগ ওংরীগ।

খ - উত্তেজিত জনতা আইন শৃঙ্খলা নিজেদের হাতে নেয়।
থামচি তুংজাক লোকোরগ আইন শৃঙ্খলা য়্যাগ বাইথাং রমো।

ক - এর পূর্ণ সুযোগ নেয় সমাজদ্রোহীরা।
আবনি পুরা সুযোগ হিনকাই সমাজনি বরকসিত্রারগ নাঅ।

খ - এ ব্যাপারে যুব সম্প্রদায় সচেতন হলে ভালো হয়।
ইম ফাইসিং সিক্লা চালাই সাকথারখাই হামব।

# বিয়ে বাড়ীর পংক্তি ভোজনে কথোপকথন

ক - আসুন কমলদা এই ব্যাচেই বসি।
ফাইদি দা কমল তাবুকনি ব্যাচ'ন আচুগানু।

খ - হ্যাঁ। বসে পড়ি। ফিরতে রাত হবে।
আও আচুকমানি হাম। কিফিলনানি হরথুক নাই।

ক - নিন এই চেয়ারটায় বসুন।
হিনদি ই মাচিয়াল' আচুকদি।

খ - তুমিও বসো।
নীংব আচুকদি।

ক - হ্যাঁ বসছি। কিন্তু রমেশদা আর আভা বৌদিদের দেখছিনা! উনারা কোথায় গেলেন। আও আচুগানু। ফিয়াবা দা রমেশ তাই বাচাই আভানো নুকয়া! বরক বর' থাংখা।

খ - উনারা এসে যাবেন খন'। আর দেরী করোনা।
বরক সকপাইনাই। তাই তা লের ছিদি।

ক - তা রান্না সবগুলোই ভালোই হয়েছে কি বল ?
আও মাইমুই বেবাক নো থকখানা তাম বাহাই হিন ?

খ - হ্যাঁ রান্না খুব ভালো হয়েছে।
আও মাইমুই জববই থকখা।

ক - দিগেনদা মেয়ের বিয়েতে ভালো আয়োজন করেছেন।
দা দিগেন বীসাজীকনি কাইলাই বাড়ীঅ কাহাম নো আয়োজন খাইকা।

খ - তা তো করবেনই। বড় মেয়ে তো।
আবতো খাইনাইনো - বিনি বীসাজীক অক্রা দীলা।

ক - জিনিষপত্রও দিয়েছেন প্রচুর।
মানীই খীনীইব কীবাংমা রিখা।

# গান বাজনা বিষয়ে কথোপকথন

ক - সাবিত্রীদি গতকাল আপনার ছোট মেয়ে শান্তার গান শুনেছি।
বাই সাবিত্রী মিয়াঅ নিনি নীসাজীক কুসু শান্তা রীচাবমানি খীনাখা।

খ - কাল তুমিও তাদের ফাংসনে গিয়েছিলে ?
মিয়া নীংব বংনি ফাংসন' থাংকা আহাইদে ?

ক - হ্যাঁ গিয়েছিলুম কিন্তু আপনাকে তো দেখিনি ?
আও থাংকা ফিয়াবা নন' তো মিয়া নুকয়া ?

খ - না রে ভাই কাল আমি যেতে পারিনি।
ইঁহি বুখুক আং মিয়া থাং মানলিয়া।

ক - যাই বলুন দিদি শান্তার গানগুলো কাল খুব ভালো হয়েছে।
বাই যেসা ফান সাদি মিয়া শান্তানি রীচাবমুং রগ বেলাই হামকা।

খ - হ্যাঁ শান্তা এমনিতে গান বিষয়ে খুব সিনসিয়ার। কিন্তু একটু চঞ্চল।
আও শান্তা আহাইনত' রীচাবমুং ফাইসিং জক্কই খা রিঅ। ফিয়াবা কিসা মিরিক।

ক - তা তো হবেই ওর এখন কিই বা বয়স ?
আবত ওংনাইন বিনি ওমর বা তাবুক বীসীক সা ?

খ - ও এবারে রবীন্দ্র সঙ্গীত প্রতিযোগীতায় খ বিভাগে প্রথম হয়েছে।
ব তাকীলাই রবীন্দ্র সঙ্গীত বাতাইলাইমুংগ খ বিভাগ' ফাস্ট অংখা।

ক - ওমা তাই নাকি ? আগে শুনিনি তো।
তীমা আহাইদে ? আগি খীনায়া বীলাছা।

খ - শান্তা নাচের তামিলও নিচ্ছে।
শান্তা মীসা নানিবো সীরীং তংগ ।

ক - আপনার মেয়ে বেশ টেলেন্টেড।
নিনি নীসাজীক টেলেন্ট গীনাং।

খ - কি জানি ভাই ওকে মানুষ করাটাই আমার একমাত্র কর্তব্য।
সিয়াদো বুখুক বন' বরক খাই তিসানানি নো আনি সামুং দর'।

ক - যাই দিদি। সংসারের কাজ শেষ হয়নি।
বাই থাংগ্রানা। নকনি সামুংরগ পাইয়াখু।

খ - আচ্ছা এসো।
আও ফাইদি (থাংদি)

# খাদ্যদ্রব্যের ভেজাল বিষয়ে কথোপকথন

ক - আজকাল কোন জিনিষই আর খাঁটি পাওয়া যায় না।
আজকাল কোন মানীই ন' আসল মানথকলিয়া।

খ - এখন তো ভেজালেরই যুগ।
তাবুক তো ভেজালনিনযুগ।

ক - সরষের তেল খাঁটি বলে দাম বেশী নিচ্ছে। অথচ নির্ভেজাল নয়।
হরোয়া থক খাঁটি হিনই দাম বিশি নাঅ। ফিয়াবা খাঁটি ওংসুকয়া।

খ - শুধু কি সরিষার তেল ? প্রায় সব ভোজ্য তেলেই ভেজাল।
শুধু হরোয়া থক সিমিদে ? প্রায় বেবাক চাজাকনাই থক কাহামনো ভেজাল গীনাং।

ক - রেশনের চাল ডাল ইত্যাদিতে তো আরো বেশী।
রেশননি মাইকুং ডালরগতো তাইব সে বিশি ।

খ - ভেজাল প্রতিরোধের জন্য একটি সরকারী সংস্থা রয়েছে।
ভেজাল মীথাক নানি বাগীই সরকারী ডিপার্টমেন্ট কাইসাতংগ।

ক - সেই ডিপার্টমেন্ট এর কাজকর্ম চোখেই পড়েনা।
অ ডিপার্টমেন্টনি সামুং ছমুং মকল ....।

খ - প্রয়োজনের তুলনায় তাদের লোক বল কম।
যে নাংমানি সীক বরকনি বরক কীরীই।

ক - এ ব্যাপারে একা সরকার কি করবেন ?
ইম' ফাইসিং সবকার সাইচুং তাম খাইনাই ?

খ - হ্যাঁ জনসাধারণ বিশেষভাবে ভোক্তা জনসাধারণ এ ব্যাপারে সচেতন হওয়া দরকার।
আও লোকোরগ বিশেষ খীলায়ই পাই চানাই লোকোরগ ইম' নাইচমনা সামুং।

ক - আগামী দিনে সুস্থ, নীরোগ ছেলেমেয়েদের জন্য ভেজাল প্রতিরোধ অত্যাবশ্যক।
থানাংগ' সাগ মাং কাহাম বেমার কীরীই চেরাই খনাইরগনি বাগীই ভেজাল নো মা সে মা মীথাকনাই।

# সমাজজীবনে সংবাদপত্রের ভূমিকা বিষয়ে কথোপকথন

ক - আপনার হাতের ওটা কি পত্রিকা ?

নিনি য়্যাগনি আব' তাঁমা পত্রিকা ?

খ - এটি একটি দৈনিক কাগজ।

ইম' সালব্রুম ব্রুম নংখানাই পত্রিকা কাংসা।

ক - এটা কি ত্রিপুরা থেকেই প্রকাশ হচ্ছে না বাইরে থেকে ?

ইম' ত্রিপুরা দে ছাপকজাগ ইঁয়া ফাতারনি সকফাই ?

খ - এটি স্থানীয় পত্রিকা।

ইম' অরনি ন'।

ক - পত্রপত্রিকার সংখ্যা দিন দিন বাড়ছে।

পত্র পত্রিকারগ দিন দিন বাসে বাংরাঁরাঁগ।

- তা তো হবেই। সমাজজীবনে খবরের কাগজের প্রয়োজন অনেক।

- আব তো ওংনাইনো। সমাজজীবন' পত্র পত্রিকানি জব্বই দর'কুগ।

- আপনি কি কি পত্রিকা রাখেন ?

- নীং তাঁমা তাঁমা পত্রিকা নারাঁগ ?

খ - আমি স্থানীয় দৈনিক দুখানা আর বাইরের দুখানা রাখি।

আং অরনি দৈনিক পত্রিকা কাংনীই তাই ফাতার নি কাংনীই নারাঁগ।

ক - আজকাল পত্র-পত্রিকার দাম ও ক্রমশঃ বাড়ছে।

আজকাল পত্র পত্রিকারগ বো দাম বারি রাঁরাঁগখা।

খ - সব জিনিষেরই তো দাম বাড়ছে। ওটাই বা বাদ যাবে কেন ?

বেবাক মানাঁই ন দাম বাংখা। আব হিমবা তামুং কার জাক নাই ?

ক - পত্রিকাগুলো দাঁড়িয়ে গেলেই বাস বিজ্ঞাপনে বিজ্ঞাপনে ছয়লাপ।

পত্রিকারগ ওয়াইসা কাহাম খাই বাচাই মানখাইন ওংখা। হিনকাই বিজ্ঞাপন মামাংসে কুপলুং ওংসি নাই।

খ - বর্তমান সংবাদপত্রগুলো বাণিজ্য ভিত্তিক হয়ে যাচ্ছে।

তাবুকনি পত্র পত্রিকারগ ব্যবসা ফাইসিং বিশি মকল কাইঅ।

# নিয়মানুবর্তিতা বিষয়ে সংলাপ

ক - কি হে রামচন্দ্র। তোমার আসতে এত দেরী হল কেন?
তাম' রামচন্দ্র! নীং সকপাইমানী তামনি আসীক লের খা ?

খ - স্যার আজ দেরী হয়ে গেলো। রাস্তায় বাসটা ব্রেক ডাউন হয়েছিল।
স্যার তিনি কিসা লেরখা। লামাঅ গাড়ী দেবাই তংখা।

ক - সময়মতো অফিসে উপস্থিতি দরকার।
অফিস' ঠিক সময় সকপাইনা সামুং।

খ - তা তো ঠিকই স্যার। আমি সাধারণতঃ দেরী করি না।
আবতো ঠিক নো স্যার। আং সাধারণতঃ লেরয়া।

ক - সময়মতো অফিসে আসা-যাওয়া এটাও একটা অভ্যাস।
ঠিক ঠিক সময় অফিস' ফাইনানী থাংনানী আব' অভ্যাসনো।

খ - হ্যাঁ স্যার। অভ্যাস হয়ে গেলেই আর অসুবিধে হয়না।
আও স্যার আবলে ঠিকন'। ওয়াইসা লয় ওংথাংখাই তাই অসুবিধা ওংয়া।

ক - তুমি বোধহয় দেখেছ আমি সাধারণতঃ লেট করিনা।
নীং নুকখীনা আং তো অফিস' ফাইনানী লেরয়া।

খ - হ্যাঁ স্যার। তা দেখেছি।
আও স্যার। আং নুগ।

ক - দেরীতে অফিসে উপস্থিতি নিয়ে অনেক ঝামেলা হয়।
অফিস' লেরই ফাইমানী বাই কীবাংমা ঝামেলা নাংগ।

খ - স্যার কোন কোন অফিসে তো ১১টার আগে কেউ আসে না।
স্যার কোন কোন অফিস'তো ১১টা নি সীকাং কেব' সকফাইয়া।

ক - অন্যান্য অফিসের কথা জানিনা। কিন্তু আমাদের এ ব্যাপারে গাফিলতি হলে চলবে না।
বুইনি অফিসনি কক সাইমানয়া। ফিয়াবা চিনি অরলে গাফিলতি ওং চাল্লাক।

# অসুখ বিসুখ নিয়ে কথোপকথন

ক - এ কি কমল শুয়ে আছ কেন ? কি হয়েছে ?

তাম' কমল রকই তং লাং ? তাম' ওংখা।

খ - রমেনদা আমার বোধহয় জ্বর আসছে।

দা রমেন আং লুমনানি নাইঅ।

ক - হ্যাঁ হ্যাঁ এ সময়ে ঋতু পরিবর্তনের সময়। অসুখ বিসুখ হতে পারে।

আও তাবুকতো ঋতু বদলগমানি সময়। হাময়া চায়া অংগীই ফান্ মান।

খ - ভীষণ মাথা ধরেছে। গলাও খুস খুস করছে।

বেলাই খরক ছাঅ। তাই তত্রা বো সা অ।

ক - ও বুঝেছি। তোমার সর্দি হয়েছে।

অঃ বুঝিখা। নিনি কংগ্রাই সে কীফাখা।

খ - রমেনদা একটু ঔষধ এনে দেবেন ?

দা রমেন বিথি কিসা তুবুই রিফাই নাই দে ?

ক - তা আনতে পারি। কিন্তু সর্দি কাশি খুব একটা সিরিয়াস রোগ নয়।

আব তো রিফাই মানন'। ফিয়াবা কংগ্রাই তো বেলাই কতর বেমারয়া।

খ - তবুও কম কষ্ট হচ্ছে না।

তব' কষ্ট তো কম ওংয়া।

ক - ঠিক আছে। তোমার জন্যে কিছু টেবলেট আনলেই হবে।

ঠিক ন' নিনি বাগীই টেবলেট কিসা তুবখাইন ওংগানু।

খ - কাল রাত্রে থেকেই গা ম্যাজ ম্যাজ করছিল।

মিয়া হরথানাইনি সিমিন' শরীর দুদরো মুদরো ওংখা।

ক - চিন্তার কিছু নাই। একটু ঔষধ খেলেই সেরে যাবে।

ওয়ানানানি কোন্তাম কীরীই। কিসা বিথি চাখাইন হামীই থাংনাই।

খ - না চিন্তা করছি না।

ইঁহি ওয়ানায়া।

# ইঁদুরের উপদ্রব বিষয়ে সংলাপ

ক - এ কি কাপড় চোপড়গুলো ছড়িয়ে রেখেছ কেন ?
ইম' তাম' তামুং রিচুম রগ সাহার তনি বাইখা ?

খ - দেখোনা অবস্থা। ইঁদুরে কি করেছে ?
নাইনাবা। সিনজ' তাম' খাইকা ?

ক - এসে দেখেছি ভালো কাপড় চোপড় একেবারে কেটে ফেলেছে।
ফাইনীকবারিচুম কাহাম কাহাম ওয়ারই সে খিববাইখা।

খ - কয়েকদিন বাড়ীতে ছিলাম না। এর মধ্যেই এই অবস্থা।
সালনীই সালতাম নগ' বুকচা। আবনি বিছিং নাইনাবা তাম ওংখা।

ক - তোমার বাড়ীতে বিড়াল নেই ?
নিনি নগ' আমিং কীরীই দে ?

খ - নেই মানে ? ওটি শুধু মাছ দুধের জন্যেই পাগল।
কীরীই দে বা ? আব' শুধু আ তাই দুধ চানানি বাগীই সিমি কবর।

ক - আজকাল বাজারে ইঁদুরের ঔষধ পাওয়া যাচ্ছে।
আজকাল তো বাজার' সিনজ' বিথি মানথগ।

খ - হ্যাঁ আজই কিছু ঔষধ আনতে হবে।
আও তিনি ন বিথি কিসা মা তুবুনাই।

ক - ইঁদুরের উপদ্রব ভীষণ। সহজে ছাড়ানো যায় না।
সিনজ' আকার মানি দর'। দঅই য়্যাকার মানয়া।

খ - ইঁদুর মানুষের শত্রু।
সিনজ' বরকনি শত্রু।

ক - মিজোরামে ইঁদুরের উপদ্রবে মাঝে মাঝে ফসলের ভীষণ ক্ষতি হয়।
মিজোরাম' সিনজ' আকার মানি বাই ওরাম ওরাম ফসলনি জব্বই ক্ষতি ওংগো।

খ - শুধু ক্ষতিই নয়। দুর্ভিক্ষও দেখা দেয়।
শুধু ক্ষতি সিমিয়া। দুর্ভিক্ষ সিদিসে নাংগ।

ক - কাপড়গুলো ট্রাংকে তুলে রাখো।
রিচুম রগ ট্রাংক সিমিং দাউ তনদি।

# নাগরিক চেতনা বিষয়ে কথোপকথন

ক - আমরা একটি স্বাধীন দেশের নাগরিক।
চৗং স্বাধীন দেশ কাইসানি নাগরিক।

খ - নাগরিক হিসেবে আমাদের যেমন কতকগুলো অধিকার রয়েছে। তেমনি কর্তব্যও আছে।
নাগরিক হিসাব' চিনি মানথাইরগ তংমানি লগি লগি ন চিনি সামুং তাংথাই বো তংগ।

ক - অনেক সময় তাই কর্তব্যবোধ আমাদের থাকে না।
অনেক সময়ন' সামুং তাংথাই ককরগ চৗং খা কায়া।

খ - শহর জীবনে প্রতিটি নাগরিকের অধিকার ও কর্তব্য সম্বন্ধে সচেতন হওয়া দরকার।
টাউন বন্দর তংথানি বেবাক নাগরিকন' বিনি অধিকার তাই কর্তব্য ফাইসিং মকল মা কাইথাই।

ক - সাধারণভাবে বলতে গেলে রাস্তাঘাট নোংরা করা - কর্তব্যের অবহেলার প্রধান লক্ষণ।
সাধারণভাবে নাইখাই লামা কগমা সিত্রা আজাব খাইমানী কর্তব্য অবহেলা খাইমুং কৗলাইঅ।

খ - কোন কোন ব্যক্তি রাস্তাঘাটে বাড়ীর আবর্জনা ফেলে দেয়।
বাকসা বাকসা বরক নগনি আজাব রগ ফাতারনি লামা' সাকা খিবিঅ।

ক - রাস্তাঘাটে ইতস্ততঃ মলমূত্র ত্যাগ, এমনকি থুথু ফেলাও নাগরিক চেতনার অভাবের মধ্যে পড়ে।
লামারগ' খি সৗতৗই তাই খুকতুই খিবমানি নাগরিক চেতনা কৗরৗই হিন জাগ'।

খ - শিশুরা দেশের এবং জাতির ভবিষ্যত। তাদেরকে শৈশব থেকেই এই কর্তব্যবোধ বিষয়ে শিক্ষা দেওয়া দরকার।
চেরাইখনাইরগ দেশনি জাইতি থানাং। বরক ন' চেরাইফুরুনি সিমি ই সামুং তাংথাইরগন' ফৗরৗং মা তিসাথাই।

ক - বাড়ীতে স্কুলে দুই জায়গাতেই এই শিক্ষা দিতে হবে।
নগ'তাই স্কুল' ফৗরৗংথাইয় অনো ইমন'মা ফৗরৗংথাই।

খ - হ্যাঁ এটা অপরিহার্য্য।
আও আবলে মাসেমা খাইনাই।

# পশুপাখীর প্রতি নিষ্ঠুরতা বিষয়ে কথোপকথন

ক - আমাদের অনেকেই বাড়ীতে কোন না কোন পশুপাখী পালন করি।
চিনি বিশিং কাঁবাংমা নো নগ' মুংসায়া মুংসা তক তাখুম রিঅ।

খ - হ্যাঁ প্রায় গৃহস্থ বাড়ীতেই কুকুর আছে।
আও প্রায় গৃস্থিনি নগনো সাঁই রিঅ।

ক - শুধু কুকুরই নয়। বিড়াল, খরগোস, হরিণ ইত্যাদিও পোষা হচ্ছে।
সাঁই সিমিয়া। আমিং, খরগোস, তাই মাঁসাঁইরগ বো রিজ্জাগ।

খ - পাখীদের মধ্যে হাঁস, মুরগী ইত্যাদি পালিত হয়।
তকরকনি বিসিং তক তাখুম রগ বো রিজ্জাগ।

ক - অনেক সময় গৃহপালিত পশুপাখীদের যথাযথ যত্ন করা হয় না।
অনেক সময়ন' নুখুংগ' রিজ্জাক মানীইরগন' ঠিক ঠিক যত্ন খাইজ্জাকয়া।

খ - বাজার হাটগুলোতে অনেক সময় পাঁঠা, খাসি ইত্যাদি অত্যন্ত নিষ্ঠুরভাবে কাটা হয়।
হাতি সদাইরগ' অনেক সময়ন' পুনরগ জব্বই খাইরগমা সিংসা খাই তানজ্জাগ'।

ক - এক বাজার থেকে আরেক বাজারে নিয়ে যাওয়া হয় অত্যন্ত কষ্টকর পদ্ধতিতে।
হাতি খুংসানি তাই খুংসা তাঁলাংফুরুব জব্বই সাতকরি তাঁলাংজ্জাগ।

খ - গরু ও ঘোড়ার গাড়ীতে অনেক সময় অত্যাধিক ভার বহনে বাধ্য করা হয়।
মুসুক তাই করাই গাড়ীরগ' অনেক সময়ন' জব্বই বিশি হিলিগ মানীই রগ সরি জ্জাগ।

ক - আমাদের দেশেও পশুক্লেশ নিবারনী সংস্থা আছে।
চিনি দেশব' পশু পতঙ্গন সাতকমুং মাঁথাকনানি বদল তংগ।

খ - প্রতি বৎসর পশুক্লেশ নিবারণী সপ্তাহও পালন করা হয়।

বিসি ব্রুম ব্রুম পশু পতঙ্গন' সাতকমুং মীথাক নানি হাপ্তা পালায় জাগ'।

ক - এ ব্যাপারে সমগ্র জনসাধারণের সচেতনতা দরকার।

ইম ফাইসিং দেশনি লুকুরগ' । সাগথার না সামুং।

খ - এই সচেতনতা খুবই জরুরী।

ই সাগথারমুং জব্বই সে দর'।

ক - তুমি কি খাবে ?

নীং তাম' চানাই ?

# খাদ্যাভ্যাস বিষয়ে কথোপকথন

ক - আমি ভাত খাবো।
আং মাই চানাই।

ক - আমি কিন্তু রুটি খাবো।
আংলে রুটি সে চানাই।

খ - তুমি কি রাতে রুটি খাও ?
নীং হর' রুটি দা চা ?

ক - রাতে রুটি খাওয়া অনেক দিনের অভ্যাস।
হর'রুটি চামানি লয় ওংমা লকখা।

খ - তা ঠিকই। আমাদের ব্যক্তি বিশেষে খাদ্যাভ্যাস ভিন্ন ভিন্ন।
ঠিকন আবলে। চিনি বিশিং জুদা জুদা ববকনি জুদা জুদা চামুং।

ক - আমাদের এই বিরাট দেশে অঞ্চলভেদে খাদ্যাভ্যাসও ভিন্ন।
চিনি ই দেশ' কতরমাঅ মুলুগ বাই মুলুগনি চামুং নীংমুং ফেরলাইঅ।

খ - কোন অঞ্চলে ভাত প্রধান খাদ্য। আবার কোন অঞ্চলে আটার রুটি, বাজরার রুটি ইত্যাদিই প্রধান খাদ্য।
কোন মুলুগ খাইবা মাই চাঅ। ফিয়া কোন মুলুগ খাইবা আটানি রুটি ওংয়াখাই বাজরানি রুটি চাঅ।

ক - তেমনি কেহ নিরামিষ খান আবার কেহ আমিষ খান।
আবহাইন' বাকসা বা নিরামিষ চাঅ বাকসা বা আমুই বাহান চাঅ।

খ - ধর্ম সম্প্রদায় ভেদে খাদ্যাভ্যাস ও বদলায়।
ধর্ম পালাই মুংনো রীগীই চামানি অভ্যাস বো বদলকজাগ।

ক - শুধু তাই নয়। আঞ্চলিক জলবায়ু এবং অন্যান্য কারণও থাকে।
আব সিমিয়া। মুলুগনি জলবায়ু তাই কোবোনি কারনরগ বো তংগ।

খ - খাদ্যাভ্যাস যাই হোক না কেন। সব খাদ্যই দেহের পুষ্টির প্রয়োজনে খাওয়া হয়।
চামানি অভ্যাস যেতৌই ফান ওংথুন বেবাক চামুংন সাগ নি পুষ্টি নি বাগীই ন।

# রিক্সা চালকের সাথে কথোপকথন

ক - এই রিক্সা যাবে নাকি ?
অ রিক্সা থাংনাই দে ?
খ - কোথায় যাবেন বাবু ?
বর' থাংনাই বাবু ?
ক - জি.বি হাসপাতাল যাবো।
জি.বি হাসপাতাল থাংনাই।
খ - চলুন না বাবু। নিয়ে যাই।
হিমদি বাবু। তঁালাং থাংগানু।
- তা ভাড়া কত নেবে ?
হিনকাই ভাড়া বাঁসীক নানাই ?
খ - আমি আর কি বলব বাবু আপনিই বিবেচনা করে দেবেন।
আং তাম সানাই বাবু নীংন বিবেচনা খ্লাই রিদি।
ক - ঠিক আছে ২.৫০ পয়সা দেবো।
ঠিক ন' নন খকনীই মাসা রিওয়ানু।
খ - না বাবু আপনি পুরো তিন টাকাই দিন।
ইঁহি বাবু নীং খকতাম কিতিংগীই নো রিদি।
ক - আচ্ছা ঠিক আছে। চলো। তাড়াতাড়ি পৌছতে হবে।
আও, রিওয়ানু। হিমদি। দাগতি সগীইনা সামুং।
খ - হ্যাঁ বাবু সর্টকাট যাবো। অভয়নগর হয়ে।
আও বাবু। লামা বাসুদ্রপতীই থাংনাই। অভয়নগরতীই।
ক - তাই ভালো হবে।
আবন' হাম নাই।
খ - বাবু কি রোগী দেখতে যাচ্ছেন ?
বাবু রোগী নাইনানী দে থাং?
ক - হ্যাঁ ভাই। একজন আত্মীয় অসুস্থ।
আও তাখুক। জাইতি খরকসা হাময়া।

খ - আপনি একাই যাবেন ?
নীং সাইচুং দে থাংনাই ?

ক - হ্যাঁ একাই যাচ্ছি।
আও সাইচুংনো থাংনাই।

খ - চলুন, উঠুন।
হিমদি, কাসাদি।

# যন্ত্রসঙ্গীত বিষয়ে কথোপকথন

ক - আপনার হাতে ওটা কি ?
নিনি য়্যাগনি আব তাম' ?

খ - ও ! এটা সঙ্গীতের যন্ত্র। সারেন্দা।
মদে ! তামজ্জাকনাই যন্ত্র। সারেন্দা।

ক - আপনি সারেন্দা বাজান ?
নীং সারেন্দা তাদে তাম' ?

খ - হ্যাঁ তা বাজাই বই কি !
আও আং তাম'।

ক - আপনি একটু বাজিয়ে শুনাবেন ?
নীং কিসা তামই খীনারিনাই দে ?

খ - আপনার যখন খুব ইচ্ছে। নিশ্চয়ই শুনাব।
নিনি যখন আসীক আওয়াস। তামীইন খীনারিওয়ানুখাই।

ক - চলুন ঐ বেঞ্চিতে বসি।
হিমদি ও বেঞ্চিঅ আচুগানু।

খ - চলুন।
হিমদি।

ক - বাঃ আপনি তো চমৎকার বাজান। খুব ভালো হাত।
বাঃ নীং বা কাহাম খাইন তামনা রীং ব্লা। জব্বই কীরীং।

খ - আপনি কি কোন উৎসব বা আসরে বাজাবেন ?
নীং কোন উৎসব ওংয়া খাই সভাপাভা' তামনাই দে ?

ক - হ্যাঁ বাজাতে পারি। আমি প্রায় সময়েই বিভিন্ন অনুষ্ঠানে বাজাই।
আও তামীই মানো। আং প্রায় সময়ন' জুদা জুদা সভাপাভারগ' তাম।

খ - আপনি রেডিওতে চেষ্টা করুন।
নীং রেডিও অ তামনানি চেষ্টা খাইদি।

ক - হ্যাঁ চেষ্টা করতে হবে। কিন্তু তারা কি আমাকে বাজাতে দেবে ?
আও চেষ্টা খাইয়ানু। ফিয়াবা বরক আন তাদে তামরি ন ?

খ - কেন দেবেন না ? আপনি একবার যান না।
তামুং রিয়া ওংনাই ? নীং ওয়াইসা থানাবা।

ক - হ্যাঁ যাব। কালই যাব।
আও থাংগানী। খীনান' থাংগানু।

# রুচিবোধ বিষয়ে কথোপকথন

ক - বাঃ তোমাকে এই শাড়ীতে সুন্দর মানিয়েছে।
বাঃ ই শাড়ী কানীই নন' জব্বই নাইথক নুকখা।

খ - সত্যি বলছ ? না ব্যাঙ্গ করছ ?
ঠিক দে সা ? ইয়া বেদা বেংগাই ?

ক - হ্যাঁ সত্যিই বলছি।
আও ঠিকন সাঅ।

খ - তোমার এই শাড়ীর দাম কত পড়েছে ?
নিনি ই শাড়ী বীসীক নাখা ?

ক - না এটা তো কম দামের শাড়ী।
ইঁহি ইমতো দাম কমনি শাড়ীসে।

খ - এটা ঠিকই। দামী কাপড় চোপড় পরাটাই রুচিশীলের একমাত্র লক্ষণ নয়।
ইম ঠিকন। দামী দামী রিচুম কানখাই সিমি রুচি গীনাং সিজাকয়া।

ক - কেহ কেহ অতি উগ্র পোষাক পরেন। এমনকি দৈহিক গঠনের সাথে পোষাকের সামঞ্জস্য থাকে না।
বাকসা বাকসা জব্বই মকল গীদালয়া রিচুম রগ কানুন। বংনি কানমুং চুম মুং সাগমাং বাই গথিয়া।

খ - অল্পদামের কাপড় পরাটাই রুচিহীনের লক্ষণ নয়।
কমদামনি রিচুম কানখাইন রুচি কীরীই ওংগ আব কোন ককয়া।

ক - রুচিসম্মত সাজ পোষাকে ব্যক্তিত্বও ফুটে উঠে।
রুচি রীগীই কানমুং চুমুং কানখাই সাগ মাং চীনাঅ।

খ - মানুষের সুশিক্ষা ও সুপরিবেশ রুচিবোধের সহায়ক।
শিক্ষা কাহাম তাই পরিবেশ কাহাম বরকনি রুচি নো কাহাম খাইঅ।

ক - ছোটবেলা থেকেই এই মার্জ্জিত রুচিবোধের শিক্ষা হওয়া দরকার।
চেরাই ফাংচিনি সিমি ই রুচি কাহামনি রাইদা রমজাক থাই।

খ - তুমি ঠিকই বলেছ। তোমার সাথে আমি একমত।
নীং ঠিক ন' সাকা। নীংবাই আং মত থানসা।

# তীর্থযাত্রা বিষয়ে কথোপকথন

ক - আপনি কোথায় যাবেন ?
নীং বর' থাংনাই ?

খ - আমি ডুম্বুরে যাব।
আং ডম্বুর' থাংনাই।

ক - ও বুঝেছি। ওখানে মকর সংক্রান্তি উৎসবে যাচ্ছেন।
ওঃ বুঝি খা। আরঅ হাংগ্রাই নি মেলাঅ থাংনাই।

খ - হ্যাঁ ডম্বুরে অনেকদিন যাইনি। তাই দেশে আসব।
আও ডম্বুর' সকয়া বালুকখা। আবাইন' নাই ফাইগ্রানা।

ক - ওখানে তো পূজা পার্বনও করা হয় ।
আরবা পূজা ডালি রগ ব' খাইজাক ম্লা।

খ - হ্যাঁ। অস্থি বিসর্জন ইত্যাদিও করা হয়।
আও। বেকেরেং রগব' খিবিজাগ ।

ক - এবারের উৎসবে লোক সমাগম বেশী হবে।
তাকীলাইনি মেলাঅ বরক বিশি কীলাইকুগনাই।

খ - তা তো হবেই। আপনি যাবেন না?
আব তো ওংনাইনো। নীং থাংয়াদে ?

ক - না আমার যাওয়া হচ্ছে না।
ইঁহি আং থাং মান গ্নাক।

খ - আপনি কি কখনও ডুম্বুরে গেছেন ?
নীং ওয়াইসাসীক ডুম্বুর থাদে থাংখা ?

ক - হ্যাঁ একবার গিয়েছি। তিন বৎসর পূর্বে।
আও ওয়াইসা থাংকা। বিছিকথাম সীকাং।

খ - আপনি কি একাই না সঙ্গে লোকজন আছে ?
নীং সাইচুংদে না লগি সং দে তং ?

ক - না একা হবে কেন ? সঙ্গী সাথী রয়েছে।
ইঁহি তামুং সাইচুং ওংনাই ? লগি সং তংগ।

খ - তাহলে তো ভালই।
হিনকাইতো কাহাম নো।

ক - এইতো আমাদের জন্য গাড়ী এসেছে।
ইকলে চিনি বাগীই গাড়ী ফাইকা।

# পানীয় জল সরবরাহ বিষয়ে কথোপকথন

ক - আমাকে এক গ্লাস খাবার জল দিন।
আন'তৌই গ্লাস কাইসা খানি দি।

খ - হ্যাঁ এখুনি দিচ্ছি।
আও তাবুক নো রিওয়ানু।

ক - এটা কোথাকার জল ?
ইম বরনি তৌই ?

খ - এটা কূয়োর জল।
ইম কূয়ানি তৌই।

ক - বাঃ খুব পরিষ্কার জল তো আর বেশ ঠান্ডা।
বাঃ তৌই খুব কৗকৗরীক তৌই কৗচাং।

খ - হ্যাঁ আপনাদের এই পাকা কূয়োর জল খুব ভালো।
আও নরগনি ই পাকা কূয়ানি তৌই খুব কাহাম।

ক - এই কূপ কি নিজেরা করেছেন ?
ই কূয়া নরগ দে খুর ?

খ - না সরকার থেকে করে দিয়েছে।
হিঁহি সরকারনি খুরই রিমানি সে।

ক - নলকূপওতো সরকারী তরফে বসানো হচ্ছে।
তৌইনিকলবগবো সরকারী তৌই কাইজাগ।

খ - নলকূপের চাইতে পাকা কূপ ভালো।
কল নি সৗলাইত পাকা কূয়া তৗয়সেহামকুগ।

ক - হ্যাঁ তাতে ঘন ঘন মেরামতের দরকার হয়না।
আও আব হিনকাই দাগতি দাগতি সৗনাম নানি নাংয়া।

খ - শহরে বন্দরে তা পরিশ্রুত জল সরবরাহ করা হয়।
টাউন বন্দররগ তো সাকিজাক তৌই কাহাম বিলি খাইজাগ।

ক - সাধারণভাবে নলকূপের জলে লোহার ভাগ বেশী থাকে।
কলনি তৌইঅ সরনি অংশ বিশি তংগ।

খ - হ্যাঁ তাই দেখেছি। বালতিতে রাখলে সব পরে যায়।
আও আহাইন নুকখা। বালতিঅ তৌনখাই বৗথাব সে খাঅ।

# ডাকের চিঠি বিলি সম্পর্কিত কথোপকথন

ক - এই ঠিকানাটা কোথায় বলতে পারেন ?
ই ঠিকানা বর'সাই দে মান ?

খ - কই দেখি। কি লিখেছে।
হলা নাইনা। তাম সীইকা।

ক - রেজিস্ট্রি করা চিঠি। নিন দেখুন।
রেজেস্ট্রি খাইজাক চিঠি। ইকঅ নাইদি।

খ - এদিকে তো এ নামের কাউকে চিনি না।
য়্যাংগতো ই বুমুংনি বরক কেনব' সিনিমা কীরীই।

ক - বেশ কয়েকজনকে জিজ্ঞেস করেছি। কিন্তু কেউ বলতে পারছেন না।
মজম বরক ন সীংকা কেবসে সাইমানয়া।

খ - আপনি এক কাজ করুন। ঐ দক্ষিণের পুকুরের পাড়ে বাড়ী ঐখানে জিজ্ঞাসা করুন।
ওরা নতুন এসেছেন।
নীং সামুং মুংসা তাংদি। ও পুখিরিনি দক্ষিণগীলা নগ' কিসা সীংগীই দি। বরক কীতাল সেই ফাইকা।

ক - তা হতে পারে। যাই দেখি গিয়ে।
আও আহাইফন' ওংমানু। থাংগীই সীংগ্রানা।

খ - আজকাল চিঠিপত্র আসতে দেরী হচ্ছে।
আজকাল চিঠিরগ সগপাইনানী লেরঅ।

ক - ডাকের গন্ডগোল হয়েছে। তাই মেল পৌছতে দেরী হচ্ছে।
ডাকনি গন্ডগোল। আবনি বাগীই মেল সকপাইমানী লেরঅ।

খ - কেন কি হয়েছে ?
তাম' তীমা ওংখাবা ?

ক - বোনাসের দাবীতে ডাককর্মচারীরা ধর্মঘট ডেকেছে।
বোনাস নি দাবী তীই ডাক কর্মচারীরগ ধর্মঘট রিংখা।

খ - তা ধর্মঘট মিটে যায়নি ?
ধর্মঘট পাইয়াখো দে ?

ক - গতরাতে ধর্মঘট মিটেছে।
মিয়া হরঅ ধর্মঘট রসাজাকখা।

খ - তা হলে ভালই হল।
হিনকাই হামকা।

# সঞ্চয় বিষয়ে কথোপকথন

ক - সঞ্চয়ের অভ্যাস খুব ভালো অভ্যাস।
খাতিমুংনি অভ্যাস জব্বই কাহাম অভ্যাস।

খ - সঞ্চয় করার সামর্থ্য যার নেই সে কি করে সঞ্চয় করবে ?
ওলনি বাগীই খাতি নানি চুগয়া বরক বাহাই খাতিনাই ?

ক - সঞ্চয়ের সামর্থ্য নেই। এ কথার কোন মানে হয় না।
খাতি নানি মানয়া অ ককলে নাং মানিয়া।

খ - আপনি কি বলতে চান যারা দৈনিক দিন মজুরীর উপর নির্ভর তারাও সঞ্চয় করতে পারে ?
নীং ই ককদে সানানি নাই সালব্রু ব্রুম য্যাগুল সুই চানাইবগ দে খাতিই মানন ?

ক - সঞ্চয় ধনী গরীব সবাই করতে পারে।
ওলনি বাগীই খাতিমুং গীনাং কীরীই জত্তনো খাই মান।

খ - কি করে পারবে ?
বাহাই খাই মাননাই ?

ক - সংসারের গৃহীনি প্রতিদিন যদি রান্নার চাল থেকে এক মুঠো রেখে দেয় সেটাই হবে ভবিষ্যতের সঞ্চয়।
নুখুংনি নকফাংজীক মাই সংব্রুম ব্রুম মচমসা খাই মাইকুং খাগই নারীক খাই আবনো ওলনি খাতি মুং ওংগো।

খ - হ্যাঁ তা কথাটা আপনি খারাপ বলেননি।
আও অ কক বো নাংমানি নো।

ক - তেমনি দৈনিক মজুরী থেকে রোজ ১০ পয়সা করেও জমায় তাও ভবিষ্যতে কাজ দেয়।
আব হাইন' আজিমানি রাং সালব্রুম ব্রুম ১০ পয়সা খাতি খাইবো থাংনাংগ সামুং থেষ্টাই মানন।

ক - ঠিক কথাই বলেছেন। ১০ পয়সা খরচ করলেও যা না করলেও তাই।
ঠিক-ন সাকা-১০ পয়সা খরচ খাই ফল আসুক নো খাইয়াফনো আসুক নো।

# ক্যারেকটার সার্টিফিকেট দেবার বিষয়ে কথোপকথন

ক - স্যার আপনার কাছে একটা জরুরী কাজে এসেছি।
স্যার নিনি থানি সামুং মুংসা দর' নাংগীই মা ফাইখা।

খ - বসো, কি-কি জরুরী কাজ ?
আচুকদি , তাম ? তীমা সামুং দর' ?

ক - আমাকে একখানা ক্যারেকটার সার্টিফিকেট দিন।
আন ক্যারেকটার সার্টিফিকেট কাংসা রিদি।

খ - কি ব্যাপারে ক্যারেকটার সার্টিফিকেট দরকার হল ?
তামনি বাগীই ক্যারেকটার সার্টিফিকেট সামুং নাংখা ?

ক - একটি চাকরীর ইন্টারভিউ পেয়েছি। সেই জন্যে।
চাকরীনি ইন্টারভিউ কাইসা মাংখা। আবনি বাগীই সে।

খ - ও তাতো ভাল খবর। হ্যাঁ সার্টিফিকেট দিচ্ছি।
আবতো খবর কাহাম। আও সার্টিফিকেট রিওয়ানু।

ক - আজকাল প্রায় সব কাজেই ক্যারেকটার সার্টিফিকেট চায়।
আজকাল প্রায় বেবাক সামুংনি বাগীই নো ক্যারেকটার সার্টিফিকেট নাইঅ।

খ - এটা একটা নিয়ম হয়েছে। কি সরকারী কি বে-সরকারী সব চাকরীর জন্যই প্রয়োজন।
ইম রাইদা থাইছা অংখা। তীমা সরকারী তীমা বেসরকারী জত্ত চকরীনি বাগীই নো আব নাংগ।

ক - আপনি তো এ ব্যাপারে সহানুভূতিশীল।
নীংতো ই সামুংগ খাইরকজাগো।

খ - হ্যাঁ কেউ কেউ সার্টিফিকেট সহজে দেয়না।
আও বাকসা বাকসা সার্টিফিকেট সহজে রিয়া।

ক - অনেক ধন্যবাদ। আপনার উপকার ভুলবনা।
অনেক ধন্যবাদ। নিনি উপকার পক গীলাক।

খ - না না এ আর কি উপকার।
ইঁহি ইমবা তাম' উপকার ওংনাই।

# রেলগাড়ীতে ভ্রমণ বিষয়ে কথোপকথন

ক - আপনি কোন ট্রেনে যাচ্ছেন ?
নীং ব ট্রেনবাই থাংনাই ?

খ - আমার তো কালকা মেলের টিকিট।
আনি বা কালকা মেলনি টিকিট সে তানজাক।

ক - আপনি কি দিল্লীতেই যাচ্ছেন ?
নীং দিল্লী দা থাংনাই ?

খ - হ্যাঁ আপাততঃ দিল্লী যাচ্ছি। সেখানে থেকে বোম্বে যাব।
আও পুইলা দিল্লীন থাংনাই। আবনি উল' বোম্বাইঅ থানাই।

ক - আপনি কোথায় যাবেন ?
নীং লে বর' থাংনাই ?

খ - আমি পুরী যাব।
আং পুরীঅ থাংনাই।

ক - আপনি কি রিজার্ভেশন পেয়েছেন ?
নীং রিজার্ভেশন দে মানখা ?

খ - হ্যাঁ থ্রি টায়ার স্লিপারে' রিজাররর্ভেশন নিয়েছি।
আও থ্রি টায়ার স্লিপার রিজার্ভেশন নাখা।

ক - দূরপাল্লার ট্রেনে রিজার্ভেশন ছাড়া ভ্রমণ করা ঠিক নয়।
হাক চাল থাংনাই ট্রেনঅ রিজার্ভেশন কীরাই কানানি হাময়া।

খ - রিজার্ভেশন থাকা সত্ত্বেও মাঝপথে অন্য যাত্রীরা বিরক্ত করে।
রিজার্ভেশন তংফানসে লামা কীচার কোবোনি যাত্রীরগ ত্যক্ত রিঅ।

ক - এই গরমে ট্রেনে ভ্রমণ কষ্টকর।
ই তুংমানি জরাঅ ট্রেন কাসানি জব্বই কষ্ট।

খ - শীততাপনিয়ন্ত্রিত গাড়ীতে কষ্ট হয় না।
এয়ার কন্ডিশন গাড়ীঅলে কষ্ট ওংয়া।

ক - সেই ক্লাসে তো ভাড়া অনেক বেশী।
অ ক্লাস বা ভাড়া বেলাই কীবাং।

খ - হ্যাঁ ফাস্টক্লাসের কাছাকাছি।
আও ফাস্টক্লাসনি ভাড়ানি সীকন।

# বাড়ীর সীমানা নিয়ে বচসা

ক - কি বীরেন তোমার মতলবটা কি ?
তাম' বীরেন নিনি মতলব তাম ?

খ - কি বলছেন কিসের মতলব ?
তাম সানানি নাই তীমানি মতলব ?

ক - তোমার সীমানার বেড়া দেখেছ ?
নিনি সীমানা নি বেড়া নাদেনাসিকখা।

খ - কি হয়েছে ? ঠিকই তো হল।
তাম ওংখাবা ? ঠিক নো তং বীলে।

ক - না না মোটেই ঠিক নেই।
হুঁহি ঠিক ওংসে মানয়া।

খ - সীমানার খুঁটি দেখুন না।
সীমানা নি খুন্তি নাইনাবা।

ক - খুব দেখেছি। আমার জমিতে প্রায় ৪ ইঞ্চি এসে গেছে।
কাহাম খাইন নাইখা। আনি জাগা বিছিং য়্যাসি থাইবুই জাগা হাবখা।

খ - মোটেই না। আপনি ভুল দেখেছেন।
ওংসে মানয়া। নীং করঅই সে নুগখীনা।

ক - আমি কি পাগল ? আমার চোখ এত খারাপ হয়নি।
আং কবর দে ? আনি মকল আসীক দেরায়াখু।

খ - তুমি মহা খচ্চর।
নীং জব্বই বরক পেরেত।

ক - গালাগাল দেবেন না। ভালো হবে না।
তা হিনদি যেমামেসা। কাহাম ওংগ্লাক।

খ - কেন করব না। প্রয়োজনে তোমাকে উচিত শাস্তি দেবো।
তামুং হিনয়া তংনাই। সামুং নাংখাই নন' উচিত শিক্ষা রিওয়ানু।

ক - আপনার এত ক্ষমতা হবে না।
নিনি আসীক ক্ষমতা ওংগ্লাক।

খ - হবে না। আচ্ছা মজা দেখাচ্ছি। এখুনি পুলিশ ডাকব।
ওংগ্লাক। তংগ্রাদি মজা ফুনুগানু। তাবুকনো পুলিশ নুংনাই ।

# চুরির ঘটনা বিষয়ে কথোপকথন

ক - কি ব্যাপার ? ওদিকে এত হৈ চৈ কেন ?
তাম ওংখা ? আয়াং তামুং আসৗক চিরিগ লাইখা ?

খ - নীরা বৌদিদের বাড়ীতে নাকি চোর ঢুকেছে।
বাচৗই নীরা সংনি নগ'সিকক হাবফুন।

ক - কি চোরটা ধরা পড়েছে ?
তাম সিকক মাদে মানজাকখা ?

খ - দুজনের মধ্যে একজন ধরা পড়েছে।
খরকনৗই নি বিসিং খরকসা মানজাকখা।

ক - ভালোই হল। এবারে উচিত শিক্ষা হবে।
হামকা। তাবুক খাই ঠিক খাই তাংজাকনাই।

খ - পাড়ার ছেলেরাই চোরকে ধরেছে।
পাড়ানি চেরাইরগন সিকক ন রমখা।

ক - তা ওখানে কি করছে ? পুলিশ খবর দিলেই হয়।
আর তাই তাম খাইলাই তংবা ? পুলিশ ন খবর রিখাইন ওংবৗলে।

খ - পুলিশ এসেছে।
পুলিশ ফাইকা।

ক - এবার চোয়ের উপদ্রব কমবে।
তাবুকলে সিকক আকারমানি কমিসিনাই।

খ - চোর বেটা মারের চোটে আধমরা হয়ে গেছে।
সিকক বুঝাগমানি বাগৗই থৗইকসা ওং থাংকা।

ক - তা তো হবেই । বাজারি মার তো ?
আবতো ওংনাইন। বাজারিয়া মার কৗলাইখা দৗলা ?

খ - ব্যাটা না একেবারে মরে যায়।
সাব সাইমান থাইসৗক দে থাংন।

ক - ও অত সহজে মরবেনা।
এ আসৗক দাকতি থৗইগ্লাক।

খ - ঐ তো পুলিশ ভ্যান চলে যাচ্ছে।
ইকলে পুলিশ ভ্যান কিফিল থাংকা।

# ভি আই পি-কে অভ্যর্থনা বিষয়ে কথোপকথন

ক - প্রধানবাবু আমি একটি খবর নিয়ে এসেছি।
প্রধানবাবু, আং খবর থাইসা তুবুই ফাইমানি।

খ - বসুন। কি খবর বলুন ?
আচুকদি। বাহাই তাম' খবর সাদি ?

ক - আগামী ১২ তারিখে আমাদের গ্রামে মন্ত্রী আসছেন।
ফাইনাই ১২ তারিখ' চিনি কামি' মন্ত্রী ফাইনাই।
- মন্ত্রী আসবেন ? কই শুনিনি তো।
মন্ত্রী ফাইনাই ? বুক' খীনায়াখোবলা।
- না খবরটা আজই সকালে থানায় এসেছে।
না খবর তিনি ফুংগসে থানাঅ সকফাইঅ।

খ - হ্যাঁ বুঝেছি। গ্রামের হাইস্কুল উদ্বোধন করতে আসছেন।
আও বুঝিখা। গ্রাম নি হাইস্কুল চেংরিনানি ফাইয়ানু।

ক - হ্যাঁ, তাই হবে। অবশ্য আপনি থানাতে গেলেই বড়বাবুর কাছে বিস্তারিত খবর পাবেন।
আও আহাইন ওংগানু? নুং থানা থাংকাইন বড়বাবুনি থানি জও খবর মানানু।

খ - তা হলে তো জরুরী পঞ্চায়েত মিটিং ডাকতে হয়।
হিনকাইতো পঞ্চায়েত মিটিং সে দাগতি মা নুংথাই।

ক - হ্যাঁ তাই ভালো হবে। কি কিভাবে অভ্যর্থনা করা হবে - আদর আপ্যায়ন জনসভা ইত্যাদির ব্যবস্থাও করতে হবে তো।
আও আব ন চানাই। বাহাই খাই লামসকজাক নাই, চারিনানি খারিনানি তাই কান্তা বো থপছা মা সংচানাই।

খ - তুমি এক কাজ করো। ফেরার পথে রমেশ আর সুবলকে আমার কাছে আসতে বলো।
নীং সামুং মুংসা তাংদি। কিফিলফুরু রমেশ বাই সুবলন আংবাই মালাইদি হিনই সাইকীলাংদি।

ক - হ্যাঁ তা অবশ্যই বলবো।
আও আং ঠিক ন সালাংগানু।

# মদ্যপানের কুফল বিষয়ে কথোপকথন

ক - আমাদের এই অঞ্চলেও মদ খাওয়া বাড়ছে।
চিনি ই মুলুগ'বো চুওয়াক নীংমানি বাংরীরীগখা।

খ - আজকাল কি গ্রামে কি শহরে এই রোগ বাড়ছে।
আজকাল তীমা পাড়াঅ তীমা শহর যত্ত জাগান ই বেমার লম খা।

ক - গ্রামের হাটে বাজারে অবাধে মদ বিক্রি হচ্ছে।
কামিনি হাতি সদাইরগ লাংকানো চুওয়াক ফালজাগ।

খ - সন্ধ্যা হতে না হতেই বাজারগুলোতে মদের আসর বসে।
সানজা কীলাইখা হিনকাইন' হাতিরগো চুওয়াকনি পান্ডা আচুকগো।

ক - তারজন্য ঝগড়া মারামারি এমনকি খুনাখুনিও হচ্ছে।
আবনি বাগীই কাইজা বুলাই তকলাই তাই খুনাখুনি ছিদিসে ওংগো।

খ - শুধু গ্রামে গঞ্জেই নয়। শহরেও ভাটিখানা বাড়ছে।
শুধু কামি মুলুগ ছিমিয়া। টাউন বন্দন রগবো বাটি বগমানি লম খা।

ক - আর বিদেশী মদের দোকান ও কি কম ?
তাই বিলাতি চুওয়ারাক নি দোকান কমদে খাইবা ?

খ - ক্লাবগুলোর ছেলেরোও এই রোগের শিকার হচ্ছে।
ক্লাবনি চেরাইরগ ছিদিসে অ বেমার' কীলাইখা।

ক - থানা পুলিশ এ ব্যাপারে সতর্ক হওয়া দরকার।
থানা পুলিশ ই ফাইসিং সাকথারনানি সামুং।

খ - আর জনপ্রতিনিধি নেতৃবৃন্দ তাদেরও দায়িত্ব রয়েছে।
তাই জনপ্রতিনিধি নেতারগ বংনিব দায়িত্ব তংগ।

ক - সমাজের সব অংশের মানুষের সচেতনতা দরকার।
সমাজ নি বেবাক অংশনি লোকোরগব' সাক মা থারথাই।

খ - এটা বলা যত সহজ কাজ ততই কঠিন।
আব বুখুক বাই সানানি কীলাই সামুং তাংনানি তুগ।

# বেকার সমস্যা বিষয়ে কথোপকথন

ক - এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস কোন দিকে ?
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিস বিয়াং ?

খ - হ্যাঁ সামনেই একটু এগিয়ে বাঁ দিকে।
আও সীকাং কিসা হিম থাংখাইনো য়্যাগছি ফাইচিং।

ক - এখন কি ওখানে নাম রেজিস্ট্রি হয় ?
তাবুক আর'বুমুং রেজেস্ট্রি দে ওং ?

খ - কেন হবে না।
তামুং ওংয়া ওংনাই।

ক - আপনি কি নাম রেজেস্ট্রি করার নিয়মকানুন জানেন ?
নীং বুমুং রেজেস্ট্রি খাইনানী রাইদা রক সিদে সি ?

খ - হ্যাঁ জানি বৈকি।
আও সাই মান'।

ক - দয়া করে আমাকে একটু বলবেন ?
মায়া খায়ীই আন' কিসা সানাইদে ?

খ - চলুন আমিও ওদিকেই যাচ্ছি। হাঁটতে হাঁটতে কথা হবে।
হিমদি আংবো আয়াংগনো থানানি। হিমতীতীই কক সালাইয়ানু।

ক - কি কি সার্টিফিকেট লাগবে ?
তীমা তীমা সার্টিফিকেট নাংন ?

খ - শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ইত্যাদি তো লাগবেই।
পড়ালেখানি, সিটিজেনসিপ আব রগতো নাংনাইন।

ক - এগুলো নিয়ে এসেছি।
আবরগ তুবুই ফাইকা।

খ - চলুন যাদববাবুর সাথে পরিচয় করিয়ে দিই। উনি এ ব্যাপারে সাহায্য করতে পারেন।
হিমদি যাদববাবু বাই মালাই রিওয়ানু। ব ই ব্যাপার' চুবাচু খাই মান'।

ক - তাহলে তো খুবই ভালো হয়।
হিনকাই তো বেলাই কাহাম ওংগো।